পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের আওতায় ২০১৭-২০১৮ অর্থবছেরর এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয় বিভাগ ভিত্তিক সারসংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়ের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরন			মুল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগর প্রকল্পের সংখা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্ত শতকরা হার (%) সর্বনিম্ন সর্বোচ্চ
১।	পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়	১০টি	২টি	০৮টি	--	০২টি	০৪ টি	৫০%	২টি	৯% ১৫০%

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা ১০টি

২। সমাপ্তকৃত প্রকল্পের প্রকৃত ব্যয় ও মোয়াদকালঃ

প্রকল্পের নাম	প্রকৃত ব্যয় (লক্ষ টাকা)	প্রকৃত বাস্তবায়নকাল
বঙ্গবন্ধু শেখ মুজিব সাফারী পার্ক, গাজীপুর	৩১৯৭৪.২৭৪	মার্চ ২০১০ - জুন ২০১৮
বাংলাদেশ ব্রিককিলন এফিসিয়েন্সি প্রকল্প	৬৯৯.৬৪	জানুয়ারী, ২০১৩ হতে ডিসেম্বর, ২০১৪
জীব নিরাপত্তা বিষয়ক জাতীয় কর্মকাঠামো বাস্তবায়ন (আইএনবিএফ) প্রকল্প	১১২৮.২২	জুলাই ২০১৩ হতে জুন ২০১৮
বেঙ্গল টাইগার কনজারভেশন এক্টিভিটি (BAGH)	৮৮৫০.১৬	জুলাই ২০১৪ হতে জুন ২০১৮
স্ট্রেন্দেনিং দি এনভায়রনমেন্ট, ফরেস্ট্রী এনড ক্লাইমেট চেঞ্জ ক্যাপাসিটি অব দি মিনিস্ট্রি অব এনভায়রনমেন্ট এন্ড ফরেস্ট এন্ড ইটস এজেন্সীস	৩২৯১.৪৯	অক্টোবর, ২০১৩ হতে মে, ২০১৮
বাংলাদেশ ফরেষ্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম ইনভেস্টমেন্ট প্ল্যান প্রিপারেশন প্রজেক্ট	২৭৫.৭৯৯৪	জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৮
Establishment of Pressure Treatment Plant to Process Rubber Wood at Sylhet Zone.	৩৩৪০.১৬	জুলাই, ২০১২ হতে জুন, ২০১৮
সার্ভে অব ভাস্কুলার ফ্লোরা অব চিটাগাং এন্ড দ্য চিটাগাং হিল ট্রাক্টস	৭৮৬.০০	(জুলাই ২০১৫- জুন ২০১৮
ক্লইমেট রেজিলিয়েন্ট ইকোসিস্টেম এন্ড লাইভলিহুডস (CREL) (বন অধিদপ্তর) অংশ	১১০১৫.৪১	জুলাই, ২০১৩ হতে জুন, ২০১৮
জলবায়ু পরিবর্তন সহিঞ্চু বাস্তুসংস্থান ও জীবিকায়ন প্রকল্প (CREL) (পরিবেশ অধিদপ্তর) অংশ	৫২৩৪.০৮	জুলাই, ২০১৩ হতে জুন, ২০১৮

৩। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ

প্রকল্পের নাম	মেয়াদ বৃদ্ধির কারণ
জীব নিরাপত্তা বিষয়ক জাতীয় কর্মকাঠামো বাস্তবায়ন (আইএনবিএফ) প্রকল্প	প্রকল্পটি জুলাই, ২০১৩ হতে জুন, ২০১৭ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন সম্ভব না হওয়ায় মূল অনুমোদিত বাজেট এর ৩% কম ব্যয়ে জুলাই, ২০১৩ হতে জুন, ২০১৮ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়।
স্ট্রেন্দেনিং দি এনভায়রনমেন্ট, ফরেস্ট্রী এনড ক্লাইমেট চেঞ্জ ক্যাপাসিটি অব দি মিনিস্ট্রি অব এনভায়রনমেন্ট এন্ড ফরেস্ট এন্ড ইটস এজেন্সীস	প্রকল্পটি অক্টোবর, ২০১৩ হতে জুন, ২০১৬ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন সম্ভব না হওয়ায় মূল অনুমোদিত বাজেট এর ৫% কম ব্যয়ে অক্টোবর , ২০১৩ হতে মে, ২০১৮ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়।
Establishment of Pressure Treatment Plant to Process Rubber Wood at Sylhet Zone.	প্রকল্পটি জুলাই, ২০১২ হতে জুন, ২০১৫ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন সম্ভব না হওয়ায় মূল অনুমোদিত বাজেট এর ১৫০% ব্যয় বৃদ্ধিতে জুলাই , ২০১২ হতে জুন, ২০১৮ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়।
সার্ভে অব ভাস্কুলার ফ্লোরা অব চিটাগাং এন্ড দ্য চিটাগাং হিল ট্রাক্টস	প্রকল্পটি জুলাই, ২০১৫ হতে জুন, ২০১৭ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন সম্ভব না হওয়ায় মূল অনুমোদিত বাজেট এর ১০% ব্যয়ে বৃদ্ধিতে জুলাই , ২০১৫ হতে জুন, ২০১৮ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়।

৪। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ

সমস্যাসমূহ	সুপারিশসমূহ
প্রকল্প গ্রহণের ক্ষেত্রে সুবিধাভোগীদের চাহিদা যাচাই না করা।	প্রকল্প গ্রহণের ক্ষেত্রে সুবিধাভোগীদের চাহিদা যাচাই পূর্বক প্রকল্প প্রণয়ন করা প্রয়োজন।
প্রকল্পের মূল কম্পোনেন্ট অনুযায়ী কর্যক্রমের জন্য নির্ধারিত সময় সম্পর্কে ধারণা না থাকা;	প্রকল্পের মূল কম্পোনেন্ট অনুযায়ী কর্যক্রমের জন্য নির্ধারিত সময় অনুযায়ী প্রকল্প মেয়াদ নির্ধারণ করা এবং নির্ধারিত সময়ে বাস্তবায়নের লক্ষ্যে কর্মপরিকল্পনা প্রণয়ন ও সে অনুযায়ী বাস্তবায়ন করা।
প্রকল্পের সময় বৃদ্ধি ও ব্যয় বৃদ্ধি পরিলক্ষিত হয়;	প্রকল্পের সময় বৃদ্ধি ও ব্যয় বৃদ্ধি বিষয়ে নিরুৎসাহিত করা প্রয়োজন।
ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন না করা;	প্রকল্পের সুষ্ট বাস্তবায়নের লক্ষ্যে নিয়মিত প্রকল্প পরিচালকের ব্যবস্থা করা প্রয়োজন।
নিয়মিত অডিট সম্পন্ন না হওয়া;	আর্থিক ব্যবস্থাপনার স্বচ্ছতা নিশ্চিত করার স্বার্থে প্রকল্পে আর্থিক কার্যাবলী নিয়মিত অডিট করা।
বাস্তবায়নকারী মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক নিয়মিত মনিটরিং করা;	প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নকারী সংস্থা/মন্ত্রণালয় কর্তৃক নিয়মিত মনিটরিং নিশ্চিত করতে হবে।
প্রকল্পের কার্যক্রমকে ডাটা বেইজ কের সংরক্ষণ করা;	প্রকল্পের কার্যক্রমকে ডাটা বেইজ করে সংরক্ষণ করা যা পরবর্তিতে কাজে ব্যবহার করা যায় এবং ওভারল্যাপিং পরিহারে সহায়তা করে।
প্রকল্পের কার্যক্রমে স্বচ্ছতা ও জবাব দিহিতা অভাব;	প্রকল্পের সকল কাজের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাব দিহিতা নিশ্চিত করতে হবে।

বঙ্গবন্ধু শেখ মুজিব সাফারী পার্ক, গাজীপুর, (৩য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের **সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত:জুন **২০১৮)**

১। প্রকল্পের নাম : বঙ্গবন্ধু শেখ মুজিব সাফারী পার্ক, গাজীপুর, (৩য় সংশোধিত) প্রকল্প।

২। প্রকল্পের অবস্থান : শ্রীপুর সদর, গাজীপুর

৩। বাস্তবায়নকারী সংস্থা : বন অধিদপ্তর

৪। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

৫। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়**

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		**প্রকৃত** ব্যয়	**পরিকল্পিত বাস্তবায়নকাল**		**প্রকৃত বাস্তবায়নকাল**	**অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)**	**অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)**
মূল	**সর্বশেষ সংশোধিত**		**মূল**	**সর্বশেষ সংশোধিত**			
(১)	**(২)**	**(৩)**	**(৪)**	**(৫)**	**(৬)**	**(৭)**	**(৮)**
৬৩৯৩.৫৯	৩২৫৫৮.৭৭	৩১৯৭৪.২৭৪	মার্চ ২০১০ - ডিসেঃ ২০১২ (৩৪ মাস)	মার্চ ২০১০ - ডিসেঃ ২০১৭ (৮৮ মাস)	মার্চ ২০১০ - জুন ২০১৮ (১০০ মাস)	২৬১৬৫.১৮ (৪০৯.২৪%)	৬৬ মাস (১৯৪.১২%)

৬। **প্রকল্পের বাস্তবায়ন সময় বৃদ্ধি সংক্রান্ত তথ্যাদি:**

বাস্তবায়ন অবস্থা		**বাস্তবায়নকাল**	**অনুমোদনের তারিখ**	**মূল মেয়াদের তুলনায় বৃদ্ধি**	**সর্বশেষ অনুমোদিত মেয়াদের তুলনায় বৃদ্ধি**
মূল অনুমোদিত	ঃ	মার্চ, ২০১০ - ডিসেঃ, ২০১২	২১/০৫/২০১০	--	--
১ম সংশোধিত	ঃ	মার্চ, ২০১০ - জুন, ২০১৪	০৪/১০/২০১১	১.৫ বছর (৫২.৯৪%)	১.৫ বছর (৫২.৯৪%)
২য় সংশোধিত	ঃ	মার্চ, ২০১০ - জুন, ২০১৬	২৮/১০/২০১৩	৩.৫ বছর (১১৭.৬৪%)	২ বছর (৪৬.১৫৪%)
৩য় সংশোধিত	ঃ	মার্চ, ২০১০ - ডিসেঃ২০১৭	১২/০৫/২০১৫	৫ বছর (১৭৬.৪৭%)	১.৫ বছর (২৩.৬৮%)
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে সময়বৃদ্ধি	**:**	মার্চ, ২০১০ – জুন ২০১৮	-	৫ বছর ০৬ মাস (১৯৪.১২%)	-

৭। **প্রকল্পের প্রাক্কলিত ব্যয় বৃদ্ধি সংক্রান্ত তথ্যাদি:**

প্রকল্প অনুমোদন অবস্থা		বাস্তবায়নকাল	মূল ব্যয়ের তুলনায় বৃদ্ধি	সর্বশেষ অনুমোদিত ব্যয়ের তুলনায় বৃদ্ধি
মূল অনুমোদিত ব্যয়	:	৬৩৯৩.৫৯	--	--
১ম সংশোধিত ব্যয়	:	২১৯৮৯.০৪	১৫৫৯৫.৪৫ (২৪৩.৯২%)	১৫৫৯৫.৪৫ (২৪৩.৯২%)
২য় সংশোধিত ব্যয়	:	২৬৩০০.০০	১৯৯০৬.৪ ১ (৩১১.৩৫%)	৪৩১০.৯৬ (১৯.৬১%)
৩য় সংশোধিত ব্যয়	:	৩২৫৫৮.৭৭	২৬১৬৫.১৮ (৪০৯.২৪%)	৬২৫৮.৭৭ (২৩.৮০%)

৬। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি:**

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	অংগের নাম	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
১	২	৩	৪	৫	৬	৭
	(ক) রাজস্ব ব্যয়:					
১	কর্মকর্তার বেতন	ব্যক্তি	২৬.০০০	৮	**২৪.৬২**	৯৪.৬৮%
২	কর্মচারীদের বেতন	ব্যক্তি	১৬৪.৫০০	৩৭	**১৬০.১১**	৯৭.৩৩%
৩	ভাতাদি (কর্মকর্তা ও কর্মচারী)	ব্যক্তি	১৫৯.৫০০	৪৫	**১৬৭.১০**	১০০%
	উপ-মোট:		**৩৫০.০০০**		**৩৫০.০০**	
	সরবরাহ ও সেবা:					
৪	ভ্রমন ব্যয়	থোক	১০.০০০	থোক	১০.০০০	১০০%
৫	আনুসঙ্গিক প্রতিষ্টান (আউটসোর্সিং)	ব্যক্তি	১৬২.০০০	১৭	১৬০.১৬৭	৯৯.৮৬%
৬	অতিরিক্ত কাজের ভাতা	থোক	১২.০০০	থোক	১২.০০০	১০০%
৭	টেলিফোন / ইন্টারনেট / টেলিগ্রাম / টেলিপ্রিন্টার / মোবাইল বিল	থোক	৪.০০০	থোক	৩.১১৬	৯৯.৯০%
৮	নিবন্ধন ফি	থোক	৪.০০০	থোক	৩.৯৫৪	৯৮.৮৫%
৯	বিদ্যুৎ	থোক	৮৭.৪৫০	থোক	৮৭.৪৫	১০০%
১০	গ্যাস ও জ্বালানী	থোক	৩০.০০০	থোক	২৯.৫১৭	৯৮.৩৯%
১১	পেট্রোল, লুব্রিকেন্ট	থোক	৮০.০০০	থোক	৫৯.১২৭	৭৩.৯০%
১২	মুদ্রন ও প্রকাশনা	থোক	১৫.০০০	থোক	১৪.৯৮৮	৯৯.৮২%

ক্রমিক নং	অংগের নাম	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
১৩	ষ্টেশনারী, সীল ও স্ট্যাম্প	থোক	১২.০০০	থোক	১২.০০০	১০০%
১৪	বই ও ম্যাপ	থোক	৫.০০০	থোক	৫.০০০	১০০%
১৫	ডকুমেন্ট্রি ও সর্ট ফিল্ম	থোক	১০.০০০	থোক	১০.০০০	১০০%
১৬	প্রচার ও বিজ্ঞাপন	থোক	৩৫.০০০	থোক	৩৫.০০০	১০০%
১৭	ইউনিফর্ম	থোক	৭.০০০	থোক	৭.০০০	১০০%
১৮	স্থানীয় প্রশিক্ষণ (স্বল্প মেয়াদী)	থোক	৬.০০০	থোক	৬.০০০	১০০%
১৯	বৈদেশিক প্রশিক্ষণ	থোক	১৫.০০০	থোক	৯.১৫৫	৬১.০৩%
২০	সেমিনার, কনফারেন্স,ষ্টাডি টুর ও ইভেন্ট ম্যানেজমেন্ট ইত্যাদি	থোক	৫.০০০	থোক	৫.০০০	১০০%
২১	বন্যপ্রাণী পরিবহন ও হ্যান্ডেলিং	থোক	৫৬.৫০০	থোক	৫২.৯১৩	৯৩.৬৫%
২২	অনিয়মিত শ্রমিক	থোক	১৫.০০০	থোক	১৫.০০০	১০০%
২৩	বন্যপ্রাণীর খাদ্য সরবরাহ	থোক	২০০০.০০০	থোক	১৯৯৮.৭৩৭	৯৯.৯৪%
২৪	বন্যপ্রাণীর চিকিৎসা ও সেবা (ঔষধসহ)	থোক	২০.০০০	থোক	২০.০০০	১০০%
২৫	বিছানাপত্র ক্রয়	থোক	৮.০০০	থোক	৭.৯৩০	৯৯.১২%
২৬	পরামর্শক (পুর্তকাজ পরিকল্পনা ও তদারকি)	থোক	৯০.০০০	থোক	৯০.০০০	১০০%
২৭	পরামর্শক (মাস্টার প্যান প্রণয়ন)	থোক	১০.০০০	থোক	১০.০০০	১০০%
২৮	পরিস্কার -পরিচ্ছন্নতা	থোক	৬.০০০	থোক	৬.০০০	১০০%
২৯	লিগাল সাপোর্ট	থোক	২.০০০	থোক	০.৪৩৫	২১.৭৫%
৩০	সম্মানী ভাতা (প্রশিক্ষণ, বিভিন্ন সভা, কর্মশালা)	থোক	৮.০০০	থোক	৭.৯৯৯	৯৯.৯৯%
৩১	বন্যপ্রাণি পরিবীক্ষণ ও রিপোর্টিং	থোক	২.০০০	থোক	২.০০০	১০০%
৩২	কম্পিউটার যন্াংশ	থোক	৬.০০০	থোক	৬.০০০	১০০%
৩৩	অনুষ্ঠানাদি	থোক	১৫.০০০	থোক	১৫.০০০	১০০%
৩৪	মৃত প্রাণি সংগ্রহ-স্টাফিং ও প্রদর্শণী	থোক	৩২.০০০	থোক	৩২.০০০	১০০%
৩৫	অন্যান্য ব্যয়	থোক	১৫.০০০	থোক	১৫.০০০	১০০%
	উপ-মোট:		**২৭৮৪.৯৫০**		**২৭৪৮.৪৮৮**	

ক্রমিক নং	অংগের নাম	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
	মেরামত ও রক্ষণাবেক্ষণ:					
৩৬	মোটর যানবাহন	থোক	২৭.৫০০	থোক	২৭.৫০০	১০০%
৩৭	আসবাবপত্র	থোক	৩.০০০	থোক	৩.০০০	১০০%
৩৮	কম্পিউটার ও অফিস সরঞ্জাম	থোক	৮.০০০	থোক	৮.০০০	১০০%
৩৯	যন্পাতি ও সরঞ্জাম	থোক	৪.০০০	থোক	৪.০০০	১০০%
৪০	দর্শনার্থীদের কেন্দ্র/কনভেনশন সেন্টর/ প্রদর্শণী গ্যালারী	থোক	৬.০০০	থোক	৬.০০০	১০০%
৪১	অফিস ভবন	থোক	৪.০০০	থোক	৪.০০০	১০০%
৪২	ডরমেটরী / ব্যারাক	থোক	৪.০০০	থোক	৪.০০০	১০০%
৪৩	অন্যান্য ভবন ও স্থাপনা	থোক	৮.০০০	থোক	৭.৯৯৫	৯৯.৯৩%
৪৪	রাস্ত্মা এবং কালভার্ড	থোক	৬০.০০০	থোক	৫৯.৯৮০	৯৯.৯৭%
৪৫	ড্রেনেজ কাঠামো	থোক	৬.০০০	থোক	৬.০০০	১০০%
৪৬	পানি সরবরাহ	থোক	১০.০০০	থোক	১০.০০০	১০০%
৪৭	লাইন ও তার স্থাপন(টেলিফোন)	থোক	৩.০০০	থোক	০.০২৫	০.৮৩%
৪৮	বিদ্যুত সরবরাহ লাইন স্থাপন	থোক	৩০.০০০	থোক	৩০.০০০	১০০%
৪৯	ক্ষতিগ্রস্থ রোড মেরামত ও সিলকোটিং	থোক	১৮.০০০	থোক	১৮.০০০	১০০%
৫০	অন্যান্য মেরামত ও রক্ষণাবেক্ষণ	থোক	২২.০০০	থোক	২২.০০০	১০০%
	উপ-মোট :		**২১৩.৫০০**		**২১০.৫০০**	
	উপমোট (রাজস্ব ব্যয়):		**৩৩৪৮.৪৫০**		**৩৩১০.৮২১**	
	(খ) মূলধন ব্যয়:					
	যানবাহন:					
৫১	জীপ (পরিচালকের জন্য)	সংখ্যা	৭২.০০০	১	৬৯.৩০০	৯৬.২৫%
৫২	সাফারী জীপ (4WD)	সংখ্যা	৭২.৭৬০	২	৭২.৭৬০	১০০%
৫৩	সাফারী মিনিবাস	সংখ্যা	২৩০.০০০	৪	২২৭.৪৯৬	৯৮.৯১%
৫৪	সাফারী মাইক্রো-বাস	সংখ্যা	৩৭.৮৫০	১	৩৭.৮৫০	১০০%
৫৫	পিক-আপ(ডাবল কেবিন)	সংখ্যা	৭০.০০০	২	৬৯.০০০	৯৯.৫৭%

ক্রমিক নং	অংগের নাম	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
৫৬	পিক-আপ(সিংগেল কেবিন)	সংখ্যা	৬০.০০০	২	৫৫.০০০	৯১.৬৭%
৫৭	ফর্কলিফ্ট	সংখ্যা	৪০.০০০	১	২১.৫০০	৫৩.৭৫%
৫৮	মোটর সাইকেল	সংখ্যা	১০.৮০০	৭	১০.৫০০	৯৭.২২%
৫৯	বাই সাইকেল	সংখ্যা	১.৪০০	২০	১.৪০০	১০০%
	উপ-মোট:		**৫৯৪.৮১০**		**৫৬৪.৮০৬**	
	সম্পদ সংগ্রহ ও ক্রয়:					
	যন্ত্রপাতি:					
৬০	ডিজিটাল ভিডিও ক্যামেরা	সংখ্যা	২.০০০	২	২.০০০	১০০%
৬১	ক্যামেরা/সিসি ক্যামেরা	সংখ্যা	৮.৯০০	৩	৮.৮৯০	৯৯.৯৮%
৬২	টেলিস্কোপ	সংখ্যা	১.৫০০	১	১.৫০০	১০০%
৬৩	ষ্ট্যান্ডসহ ট্রাইপড	সংখ্যা	০.৬০০	২	০.৬০০	১০০%
৬৪	বন্যপ্রাণীর চিকিৎসা সেবা ও অন্যান্য যন্পাতি	থোক	২৫.০০০	থোক	২৫.০০০	১০০%
৬৫	ফায়ার এক্রটেনগুইছার	সংখ্যা	১.০০০	১০	১.০০০	১০০%
৬৬	এ্যানিমেল স্টেচার	সংখ্যা	১.০০০	১০	১.০০০	১০০%
৬৭	বন্যপ্রাণী অবশীকরণ যন্	সংখ্যা	২৫.০০০	৬	২৫.০০০	১০০%
৬৮	পশুপাখির চিকিৎসা সংক্রান্ত্ম যন্পাতি	থোক	৫০.০০০	থোক	৫০.০০০	১০০%
৬৯	এয়ারকুলার	সংখ্যা	৩০.০০০	২০	২৯.৪৯৬	৯৮.৩২%
৭০	রেফ্রিজারেটর	সংখ্যা	৪.০০০	৮	৪.০০০	১০০%
৭১	ওয়াটার-ফিল্টার	থোক	২.০০০	থোক	২.০০০	১০০%
৭২	ক্রোকারিজ	থোক	৩.০০০	থোক	৩.০০০	১০০%
৭৩	ডাষ্টবিন	সংখ্যা	৬.০০০	৬০	৬.০০০	১০০%
৭৪	জরিপ যন্পাতি	থোক	২.০০০	থোক	২.০০০	১০০%
৭৫	কম্পিল্নউটার	সংখ্যা	১০.০০০	১২	১০.০০০	১০০%
৭৬	ফটোকপিয়ার	সংখ্যা	৬.০০০	৪	৬.০০০	১০০%
৭৭	সোলার প্যানেল	থোক	৪০.০০০	থোক	৪০.০০০	১০০%
৭৮	আইপিএস	সংখ্যা	৪.০০০	৮	৪.০০০	১০০%

ক্রমিক নং	অংগের নাম	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
৭৯	Animal Tagging implanter with chips & reader	থোক	৫.০০০	থোক	৫.০০০	১০০%
৮০	ডিজিটাল ফ্যাক্স মেশিন	সংখ্যা	০.৫০০	২	০.৫০০	১০০%
৮১	ছোয়ান বোর্ড/প্যাডেল বোট	সংখ্যা	২০.০০০	১৫	২০.০০০	১০০%
৮২	ক্যাম্পেইন ইক্যুইপমেন্ট	থোক	২.০০০	থোক	২.০০০	১০০%
৮৩	লন মোয়ার	সংখ্যা	৬.০০০	১০	৬.০০০	১০০%
৮৪	বেস্না-পাইপ	সংখ্যা	৭.০০০	৬	৭.০০০	১০০%
৮৫	শর্টগানসহ কার্টিজ	সংখ্যা	৪০.০০০	২০	৪০.০০০	১০০%
৮৬	মাল্টিমিডিয়া প্রজেক্টর	সংখ্যা	২.১০০	৩	২.১০০	১০০%
৮৭	ডিভিডি পেস্নয়ারসহ ৪০ ইঞ্চি এল.সি.ডি টিভি	সংখ্যা	৭.০০০	৬	৫.৮৭০	৮৩.৮৬%
৮৮	মাইক্রোস্কোপ	সংখ্যা	২.০০০	৪	২.০০০	১০০%
৮৯	বাইনোকুলার	সংখ্যা	১.২০০	৬	১.২০০	১০০%
৯০	আসবাবপত্র	থোক	৩০.০০০	থোক	৩০.০০০	১০০%
৯১	সংযোগসহ মোবাইল সেট সংগ্রহ	সংখ্যা	০.৩০০	৬	০.৩০০	১০০%
৯২	VHF Repater Station and Walki-Taki 20 Nos	সংখ্যা	১০.০০০	২০	০.২৯০	০.০৩%
৯৩	সংযোগসহ ২টি টেলিফোন, ১টি পি.এ সেট এবং ইন্টারনেট ও ই-মেইল সংযোগ	থোক	১.০০০	থোক	১.০০০	১০০%
৯৪	ইনকিউবেটর	সংখ্যা	১৪.০০০	৩	১৪.০০০	১০০%
৯৫	মাইক্রো ওয়েব ওবেন	সংখ্যা	০.২০০	২	০.২০০	১০০%
	উপ-মোট:		**৩৭০.৩০০**		**৩৫৮.৯৪৬**	
	বনায়ন:					
৯৬	পশু খাদ্যের জন্য ফল, ফডার ও মিশ্র বনায়ন	হেক্টর	২২.০০০	৯০	১২.২৫৭	৫৫.৭১%
৯৭	পশু খাদ্যের জন্য ফল, ফডার ও মিশ্র বনায়ন রক্ষণাবেক্ষণ (২ বৎসর)	হেক্টর	৭.০০০	১৬০	২.০১৬	২৮.৮০%
৯৮	চারণভুমি সৃজন ও রক্ষণাবেক্ষণ	হেক্টর	৩০.০০০	১৫০	৮.৭৫০	২৯.১৬%
৯৯	বাঘ ও সিংহের বেস্টনীতে আগাছা পরিস্কার	হেক্টর	১.০০০	৬০	০.৯৯৯	১০০%

ক্রমিক নং	অংগের নাম	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
১০০	বিলুপ্তপ্রায় ও দুর্লভ প্রজাতির বৃক্ষরোপন	সংখ্যা	৪০.০০০	১০০০০০	১২.০০০	৩০%
১০১	বিলুপ্তপ্রায় ও দুর্লভ প্রজাতির বৃক্ষ রক্ষণাবেক্ষণ (১ম+২য় বৎসর)	সংখ্যা	৫.০০০	৮০০০০	৫.০০০	১০০%
১০২	**জীবন্ত** হেজ বাগান সৃজন	আরএম	৮.০০০	৮০০০	৮.০০০	১০০%
১০৩	**জীবন্ত** হেজ বাগান রক্ষণাবেক্ষণ (১ম বৎসর)	আরএম	২.০০০	৮০০০	২.০০০	১০০%
১০৪	প্রজাপতির জন্য ফুলের বাগান সৃজন	থোক	৫.০০০	থোক	৫.০০০	১০০%
১০৫	প্রজাপতির জন্য ফুলের বাগান রক্ষণাবেক্ষণ (১ম বৎসর+২য় বৎসর)	থোক	০.৯৫০	থোক	০.৯৫০	১০০%
১০৬	সৌন্দর্য বর্ধক বাগান সুজন	সংখ্যা	৫০.০০০	৫০০০০	৫০.০০০	১০০%
১০৭	কলা বাগান সৃজন	থোক	৫.০০০	০	৫.০০০	১০০%
১০৮	বাঁশ বাগান সৃজন	থোক	৫.০০০	০	৫.০০০	৯৯.৯৯%
	উপ-মোট:		**১৮০.৯৫০**		**১১৬.৯৭২**	
১০৯	বন্যপ্রাণী ক্রয়	থোক	২৩৮৫.০০০	থোক	২৩৮৪.৯৬৩	১০০%
	উপ-মোট:		**২৩৮৫.০০০**		**২৩৮৪.৯৬৩**	
	ভুমি অধিগ্রহণ:					
১১০	ভুমি অধিগ্রহণ/ ক্রয়	একর	১৭৫০০.০০০	৪৫০	১৭৫০০.০০০	৪০৬.১০ (৯০.২৪%)
	উপ-মোট:		**১৭৫০০.০০০**		**১৭৫০০.০০০**	
	নির্মাণ ও পূর্ত কাজ:					
১১১	ভুমি উন্নয়ন ও সোভা বর্ধন	থোক	৪০.০০০	থোক	৪০.০০০	১০০%
১১২	পার্ক অফিস বিল্ডিং নির্মাণ	ব:মি:	৩৬.০০০	২০০	৩৬.০০০	১০০%
১১৩	ক্যান্টিন,ফুডকোর্ট ও ওয়াশরুম	ব:মি:	৫২.০০০	৩৫৫	৫২.০০০	১০০%
১১৪	বন্যপ্রাণীর হাসপাতাল নির্মাণ	ব:মি:	২৭.০০০	২০০	২৭.০০০	১০০%
১১৫	কর্মকর্তাদের ডরমেটরী নির্মাণ	ব:মি:	৮১.০০০	৪০০	৮০.৬০৭	৯৯.৫১%
১১৬	মুসলিম দর্শনার্থীদের জন্য মসজিদ নির্মান	ব:মি:	২৫.০০০	১৫০	২৫.০০০	১০০%
১১৭	৩য় শ্রেণীর কর্মচারীদের ডরমেটরী নির্মাণ	ব:মি:	৬৪.৫০০	৫০০	৬৪.৫০০	১০০%

ক্রমিক নং	অংগের নাম	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
	প্রতিটি ৮০ বঃমিঃ (২টি)					
১১৮	৪র্থ শ্রেণীর কর্মচারীদের ব্যারাক নির্মাণ প্রতিটি ৬০ বঃমিঃ (৪টি)	বঃমিঃ	৭০.০০০	৫৮০	৬৯.৯৬৪	৯৯.৯৪%
১১৯	দর্শণার্থীদের জন্য বিশ্রামাগার	বঃমিঃ	২৬.৬০০	১৯০	২৬.৬০০	১০০%
১২০	শ্যালো টিউবওয়েল স্থাপন	সংখ্যা	২.০০০	১০	২.০০০	১০০%
১২১	পার্কের অভ্যন্তরে শোভিনীর শপ	সংখ্যা	১২.০০০	১	১২.০০০	১০০%
১২২	তথ্য ও শিক্ষা কেন্দ্র নির্মান	বঃমিঃ	১১.৯৯৩	১০০	১১.৯৯৩	১০০%
১২৩	বাঘ দেখার রেস্তোরা নির্মান	বঃমিঃ	৪০.০০০	৩৩০	৪০.০০০	১০০%
১২৪	সিংহ দেখার রেস্তোরা নির্মান	বঃমিঃ	৪০.০০০	৩৩৫	৪০.০০০	১০০%
১২৫	গাইড/রিটেইনিং ওয়াল নির্মাণ	আরএম	৬০.০০০	২৪০০	৫৯.৯৭২	১০০%
১২৬	মদন টাকের ঘর নির্মাণ	সংখ্যা	৮.০০০	১	৮.০০০	১০০%
১২৭	ফুট বাথ	সংখ্যা	৫.০০০	৫	৫.০০০	১০০%
১২৮	স্টোর সেড নির্মাণ	সংখ্যা	১৫.০০০	১	১১.৩৫০	৭৫.৬৬%
১২৯	জিরাফ দেখার প্লাটফরম নির্মান	সংখ্যা	১০.০০০	১	১০.০০০	১০০%
১৩০	ঝুলন্ত সেতু	সংখ্যা	৫০.০০০	১	৫০.০০০	১০০%
১৩১	ফুট ট্রেইল	সংখ্যা	১৫.০০০	৫	১৫.০০০	১০০%
১৩২	কচছপ প্রজনন কেন্দ্র	সংখ্যা	১২.০০০	১	১২.০০০	১০০%
১৩৩	বিল বোর্ড	সংখ্যা	১০.০০০	৮	১০.০০০	১০০%
১৩৪	লিজার্ড পার্ক	সংখ্যা	১০.০০০	১	১০.০০০	১০০%
১৩৫	সর্প পার্ক	সংখ্যা	৩০.০০০	১	১১.৬৪৩	৩৮.৮১%
১৩৬	Fancy Carp garden	সংখ্যা	১৫.০০০	১	১৫.০০০	১০০%
১৩৭	Fancy Duck garden	সংখ্যা	১৫.০০০	১	১৫.০০০	১০০%
১৩৮	মুল ফটকে এ্যাকুরিয়াম	সংখ্যা	৩৫.০০০	১	৩৫.০০০	১০০%
১৩৯	বৈদ্যুতিক বেড়া	কি.মি.	৬৫.০০০	২	৬০.০৯০	৯২.৪৪%
১৪০	গাইড ম্যাপ	সংখ্যা	২.০০০	৪	২.০০০	১০০%
১৪১	শেডসহ প্রদর্শনী ম্যাপ	সংখ্যা	১০.০০০	১	১০.০০০	১০০%

ক্রমিক নং	অংগের নাম	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
১৪২	সাইড ড্রেন	আরএম	৫০.০০০	২২০০	৪৯.৯৬৩	১০০%
১৪৩	গ্যারেজ নির্মাণ	ব:মি:	৩৫.০০০	৪০০	৩৪.৬১৫	৯৮.৯০%
১৪৪	মাংশাসী প্রাণীর বেষ্টনী নির্মাণ	আরএম	২৮০.০০০	৪০০০	২৮০.০০০	১০০%
১৪৫	তৃনভোজী প্রাণীর বেষ্টনী নির্মাণ	আরএম	২১৮৫.৭৩৮	৩৪৫০০	২১৫৪.৩৭৩	৯৮.৫৬%
১৪৬	তৃনভোজী প্রাণীর জন্য অভ্যন্ত্মরীণ বেস্টনী নির্মাণ	আরএম	৫০.০০০	৭০০০	৫০.০০০	১০০%
১৪৭	মুল সীমানা প্রাচীরের উ” চতা বৃদ্ধি করন	আরএম	১১৫.০০০	৫৭৫০	১১৪.০১৮	৯৯.১৩%
১৪৮	প্রাইমেট ও গিবুন এর জন্য বেষ্টনী তৈরী	ব:মি:	২৫.০০০	৪০০	২৫.০০০	১০০%
১৪৯	লাম চিতা বাঘের জন্য বেষ্টনী নির্মাণ	ব:মি:	৫.০০০	১০০	৫.০০০	১০০%
১৫০	চিতা বাঘের জন্য বেষ্টনী নির্মাণ	ব:মি:	১০.০০০	১০০	১০.০০০	১০০%
১৫১	জরিপ ও সীমানা নির্ধারণ	সংখ্যা	১৫.০০০	২০০০	১৫.০০০	১০০%
১৫২	কাঁচা রাস্ত্মা নির্মাণ	কি:মি:	১২.০০০	১০	১২.০০০	১০০%
১৫৩	এইচ.বি.বি সড়ক নির্মাণ	কি:মি:	১২০.০০০	৪	১২০.০০০	১০০%
১৫৪	অভ্যন্ত্মরীন পাকা রাস্ত্মা নির্মাণ	কি:মি:	৮৫০.০০০	৩০	৭৯১.৫৩৫	৯৩.১২%
১৫৫	অভ্যন্ত্মরীন রাস্ত্মা প্রশস্থকরণ	ব:মি:	৩০.০০০	৭৫০০	১৩.৬৯৭	৪৫.৬৫%
১৫৬	এ্যাপ্রোচ সড়ক নির্মাণ	কি:মি:	১৮৮.০০০	৬	১৮৫.০০০	৯৮.৪০%
১৫৭	নিরাপত্তা সড়ক	কি:মি:	১৮০.০০০	৬	১৮০.০০০	১০০%
১৫৮	বক্স কালভার্ড নির্মাণ	সংখ্যা	৪৫.০০০	১২	৪৫.০০০	১০০%
১৫৯	মডেল ও প্রতিকৃতিসহ ফটক নির্মাণ	সংখ্যা	৩৮.০০০	৫	৩৮.০০০	১০০%
১৬০	মাংশাসী প্রাণীদের দুইস্ত্মর বেষ্টনীসহ ফটক নির্মাণ	সংখ্যা	৭৪.৫০০	৬	৭৪.৩৯০	৯৯.৮৫%
১৬১	তৃনভোজী প্রাণীর বেস্টনীতে ফটক নির্মাণ	সংখ্যা	৪০.০০০	১৩	৪০.০০০	১০০%
১৬২	টিকেট কাউন্টার নির্মাণ	সংখ্যা	৭.০০০	৪	৭.০০০	১০০%
১৬৩	ইকো-রিজোর্ট নির্মাণ	বঃমিঃ	৬৭.৫০০	৬৫০	৬৭.৪৯৫	১০০%
১৬৪	নিরাপত্তারক্ষীদের সেন্ট্রিপোষ্ট নির্মাণ	সংখ্যা	২৫.০০০	১০	২৫.০০০	১০০%
১৬৫	কোয়ারেনটাইন শেড নির্মাণ	বঃমিঃ	৪০.০০০	৩০০	৪০.০০০	১০০%

ক্রমিক নং	অংগের নাম	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
১৬৬	ক্রাউন ফিজেন্ট এ্যাভিয়েরি নির্মাণ	বঃমিঃ	১১৫.০০০	২৫০০	১১৫.০০০	১০০%
১৬৭	ধনেশ (Hornbill) এ্যাভিয়েরি নির্মাণ	বঃমিঃ	৯৫.০০০	২০০০	৯৫.০০০	১০০%
১৬৮	প্যারট এ্যাভিয়েরি নির্মাণ	বঃমিঃ	৯১.০০০	২০০০	৯১.০০০	১০০%
১৬৯	বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের প্রতিকৃতি নির্মাণ	সংখ্যা	২০.০০০	১	২০.০০০	১০০%
১৭০	ফোয়ারা নির্মান	সংখ্যা	৩৫.০০০	৪	৩৫.০০০	১০০%
১৭১	ক্যানোপি টাইপ জেনারেটর	সংখ্যা	৩৪.০০০	২	৩১.১২১	৯১.৫৩%
১৭২	বিভিন্ন ধরনের ইন্টারপ্রিটেশন মডেল নির্মাণ	থোক	২৫.০০০	থোক	২৫.০০০	১০০%
১৭৩	প্রাণীর খাবারের স্থান নির্মাণ	সংখ্যা	৪.৫০০	৩০	৪.৫০০	১০০%
১৭৪	সরঞ্জামসহ জেনারেটর স্থাপন	সংখ্যা	০.৮০০	১	০.৮০০	১০০%
১৭৫	বিদ্যুৎ সরবরাহ ও সরঞ্জাম	থোক	১৪০.০০০	থোক	১৩৯.৯৭০	৯৯.৯৭%
১৭৬	পানি সরবরাহ	থোক	১৫০.০০০	থোক	১৪৯.৯৬৫	৯৯.৯৭%
১৭৭	কুমরীরের বিশ্রামস্থলসহ বেষ্টনী নির্মাণ	আরএম	৩০.০০০	১২০০	৩০.০০০	১০০%
১৭৮	কুমির পার্ক নির্মাণ	ব:মি:	১২.০০০	৬২৬০	১২.০০০	১০০%
১৭৯	পেলিকেন আইল্যান্ড	সংখ্যা	৩০.০০০	১	৩০.০০০	১০০%
১৮০	বার্ড আইল্যান্ড	সংখ্যা	৩২.০০০	১	৩২.০০০	১০০%
১৮১	বার্ড শো গ্যালারী	সংখ্যা	৮৫.০০০	১	৮৫.০০০	১০০%
১৮২	অরকিড হাউজ	সংখ্যা	৮.০০০	১	৮.০০০	১০০%
১৮৩	প্রজাপতি কেন্দ্র	সংখ্যা	১২.০০০	১	১২.০০০	১০০%
১৮৪	উন্মুক্ত শকুন এবং ঈগল কেন্দ্র	সংখ্যা	১০.০০০	১	৯.৯৮৫	৯৯.৮৫%
১৮৫	উন্মুক্ত পেঁচা কেন্দ্র	সংখ্যা	৫.০০০	১	০.০০০	০.০০%
১৮৬	এগ ওয়াল্ড	বঃমিঃ	৩০.০০০	১৫০	৩০.০০০	১০০%
১৮৭	কেংগারুন্ন গার্ডেন	সংখ্যা	১৫.০০০	১	১৫.০০০	১০০%
১৮৮	সিরো/গোরাল হাউজ	বঃমিঃ	৫.০০০	২০০	৪.৮৬৮	৯৭.৩৬%
১৮৯	হাতি দেখার গ্যালারী	সংখ্যা	৫০.০০০	১	৫০.০০০	১০০%
১৯০	জলচর পাখিদের জন্য লেক / পুকুর খনন	ঘ:মি:	৪৩৫.০০০	২১৪৮৭৪	৪৩৪.৯৪৫	৯৯.৯৯%

ক্রমিক নং	অংগের নাম	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
১৯১	অন্যান্য অবকাঠামো নির্মান	থোক	১৩৮.৩০০	থোক	১৩৮.২৯৭	৯৯.৯৯%
১৯২	পার্কিং এলাকা নির্মাণ	বঃমিঃ	৮০.০০০	১০০০০	৭৯.১৮৪	৯৮.৯৮%
১৯৩	পথ চারীদের জন্য পেভড রোড নির্মাণ	বঃমিঃ	১৩০.০০০	১০৮৩৫	১৩০.০০০	১০০%
১৯৪	গণসৌচাগার নির্মাণ/পাবলিক টয়লেট	সংখ্যা	৪৫.০০০	১৩	৪৪.৯৩৯	৯৯.৮৬%
১৯৫	বিভিন্ন ধরণের সাইনবোর্ড তৈরী	থোক	১২.০০০	থোক	১২.০০০	১০০%
১৯৬	Sliding door mn Nature Interpretation Center নির্মাণ	বঃমিঃ	৩৭.০০০	৩২৫	৩৭.০০০	১০০%
১৯৭	নেচার হিস্ট্রি মিউজিয়াম নির্মাণ	বঃমিঃ	৪৫.০০০	৩২০	৪৫.০০০	১০০%
১৯৮	প্রকৃতি বীক্ষণ কেন্দ্রে লাইট ও সাউন্ড সিস্টেমসহ প্রাণী ও উদ্ভিদ বৈচিত্র প্রদর্শণ	সংখ্যা	৫০.০০০	০	৫০.০০০	১০০%
১৯৯	বন বিড়াল ও গন্ধগোকুলের জন্য বেস্টনী নির্মাণ	বঃমিঃ	৬.০০০	২০০	৬.০০০	১০০%
২০০	বন বিড়াল ও গন্ধগোকুলের জন্য ঘর নির্মাণ	বঃমিঃ	৩.০০০	৬০	৩.০০০	১০০%
২০১	কালো ভালুকের জন্য বেস্টনী তৈরী	আরএম	৪০.০০০	১২০০	৩৯.৯৯৫	৯৯.৯৯%
২০২	কালো ভালুকের জন্য ঘরসহ সেড নির্মাণ	বঃমিঃ	১৩.০০০	৬৫	৮.০০০	৬১.৫৪%
২০৩	দর্শণার্থীদের জন্য পর্যবেক্ষণ টাওয়ার নির্মাণ	সংখ্যা	৩০.০০০	২	৩০.০০০	১০০%
২০৪	মাংশাসী প্রাণীর বেস্টনিতে প্রতিরক্ষা খাত তৈরী	Cum	২৫.০০০	২৫০০০	২৫.০০০	১০০%
২০৫	বাঘ ও সিংহের ঘর নির্মাণ	সংখ্যা	৩৬.৫০০	৫	৩৬.৩০২	৯৯.৪৫%
২০৬	দর্শনার্থীদের জন্য যাত্রী ছাউনী নির্মাণ	বঃমিঃ	১৮.০০০	১২০	১৮.০০০	১০০%
২০৭	ফিড ওয়েইং এ্যান্ড প্রিজারভেশন ষ্টোর	বঃমিঃ	২০.০০০	১৫০	২০.০০০	১০০%
২০৮	আবাসিক ভবনের চারদিকে প্রাচীর নির্মাণ	আরএম	২০.০০০	৪৫০	২০.০০০	১০০%
২০৯	ওপেনটাইপ এসেমম্বলি শেড নির্মান	বঃমিঃ	৬০.০০০	৪৮০	৬০.০০০	১০০%
২১০	ম্যাকাও, কুকাটেইল ও ছোট পাখিশালা নির্মাণ	বঃমিঃ	২০.০০০	৫০০	২০.০০০	১০০%
২১১	এসএস পাইপ দ্বারা নিরাপত্তা ঘেড়া তৈরী	আরএম	১২.০০০	২৫০	১১.৯৫০	৯৯.৫৮%
২১২	বাঁধ নির্মান (Spill-Way and Bank Protection সহ)	আরএম	৩৫.০০০	২০০	৩১.০৪০	৮৮.৬৮%

ক্রমিক নং	অংগের নাম	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
২১৩	চিত্তবিনোদনের সবিধাসহ চিলড্রেন কর্নার তৈরী	সংখ্যা	১৬০.০০০	১	১৫০.০০০	৯৩.৭৫%
২১৪	দোলনা (স্টিল স্টাকচার)	সংখ্যা	১.৫০০	৫	১.৫০০	১০০%
২১৫	স্পিার (স্টিল স্টাকচার)	সংখ্যা	১.৬০০	৪	১.৬০০	১০০%
২১৬	সি-স (স্টিল স্টাকচার)	সংখ্যা	১.০০০	৪	১.০০০	১০০%
২১৭	আরসিসি বেঞ্চ নির্মাণ	সংখ্যা	১২.০০০	৮০	১২.০০০	১০০%
	উপ-মোট:		**৭৯০৪.০৩১**		**৭৭৩৭.৭৬**	
	উপমোট (মূলধন ব্যয়):		**২৮৯৩৫.০৯১**		**২৮৬৬৩.৪৫**	
	মোট (রাজস্ব+মূলধন):		**৩২২৮৩.৫৪**		**৩১৯৭৪.২৭**	
	(গ) প্রাইস কন্টিনজেন্সী--১%		**২৬৪.৮৩৮০**			
	(ঘ) ফিজিক্যাল কন্টিনজেন্সী-০.৫%		**১০.৩৮৮০**			
	সর্বমোট (ক+খ+গ+ঘ):		**৩২৫৫৮.৭৬৬৫**			

তথ্য সূত্র: পিসিআর অনুযায়ী

৭। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ :** প্রাপ্ত পিসিআর ও পরিদ র্শনকালীন সময়ে প্রাপ্ত অগ্রগতির তথ্যানুযায়ী নিম্নোক্ত অংগসমূহের বাস্তব কাজ অসমাপ্ত রয়েছে:

ক্র: নং	অংগের নাম	একক	অসমাপ্ত কাজ সংক্রান্ত	
			বাস্তব	বাস্তব অগ্রগতি
১	২	৩	৪	৫
১	ভুমি অধিগ্রহণ/ ক্রয়	একর	৪৫০	৯০.২৪% (৪০৬.১০ একর)
২	বৈদেশিক প্রশিক্ষণ	থোক	থোক	৬১.০৩%
৩	বন্যপ্রাণী পরিবহন ও হ্যান্ডেলিং	থোক	থোক	৯৩.৬৫%
৪	লাইন ও তার স্থাপন(টেলিফোন)	থোক	থোক	০.৮৩%
৫	ডিভিডি পেস্নয়ারসহ ৪০ ইঞ্চি এল.সি.ডি টিভি	সংখ্যা	৬	৮৩.৮৬%
৬	VHF Repater Station and Walki-Taki 20 Nos	সংখ্যা	২০	০.০৩%
৭	পশু খাদ্যের জন্য ফল, ফডার ও মিশ্র বনায়ন	হেক্টর	৯০	৫৫.৭১%

৮	পশু খাদ্যের জন্য ফল, ফডার ও মিশ্র বনায়ন রক্ষণাবেক্ষণ (২ বৎসর)	হেক্টর	১৬০	২৮.৮০%
৯	চারণভুমি সৃজন ও রক্ষণাবেক্ষণ	হেক্টর	১৫০	২৯.১৬%
১০	বিলুপ্তপ্রায় ও দুর্লভ প্রজাতির বৃক্ষ রক্ষণাবেক্ষণ	সংখ্যা	১০০০০০	৩০%
১১	স্টোর সেড নির্মাণ	সংখ্যা	১	৭৫.৬৬%
১২	সর্প পার্ক	সংখ্যা	১	৩৮.৮১%
১৩	বৈদ্যুতিক বেড়া	কি.মি.	২	৯২.৪৪%
১৪	অভ্যন্তরীন পাকা রাস্তা নির্মাণ	কি:মি:	৩০	৯৩.১২%
১৫	অভ্যন্তরীন রাস্তা প্রশস্থকরণ	ব:মি:	৭৫০০	৪৫.৬৫%
১৬	ক্যানোপি টাইপ জেনারেটর	সংখ্যা	২	৯১.৫৩%
১৭	উন্মুক্ত পেঁচা কেন্দ্র	সংখ্যা	১	০.০০%
১৮	সিরো/গোরাল হাউজ	বঃমিঃ	২০০	৯৭.৩৬%
১৯	কালো ভালুকের জন্য ঘরসহ সেড নির্মাণ	ব:মি:	৬৫	৬১.৫৪%
২০	বাঁধ নির্মান (Spill-Way and Bank Protection সহ)	আরএম	২০০	৮৮.৬৮%
২১	চিত্তবিনোদনের সুবিধাসহ চিলড্রেন কর্নার তৈরী	সংখ্যা	১	৯৩.৭৫%

- সংস্থানকৃত ৪৫০ একর ভূমি অধিগ্রহণের বিপরীতে মূল্য বৃদ্ধিজনিত কারণে ৪৩.৯০ একর ভূমি অধিগ্রহণ করা সম্ভব হয়নি মর্মে প্রকল্প পরিচালক জানান। এছাড়া অবশিষ্ট অংগসমূহের বাস্তব কাজ অসমাপ্ত থাকার বিষয়ে প্রকল্প পরিচালক সন্তোষজনক কোন ব্যাখ্যা দিতে পারেননি।

৮। আন্ত:খাত সমন্বয় (২য় বার) সংক্রান্ত তথ্যাদি:

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	অংগের নাম	একক	৩য় সংশোধিত ডিপিপি'র লক্ষ্যমাত্রা		২য় বার আন্ত:খাত ব্যয় সমন্বয়	
			আর্থিক	বাস্তব	(-) অর্থ	(+) অর্থ
১	২	৩	৪	৫	৬	৭
	(ক) রাজস্ব ব্যয়:					
১	কর্মকর্তার বেতন	ব্যক্তি	৫০.০০	৮	২৬.০০	-
২	কর্মচারীদের বেতন	ব্যক্তি	১১০.০০	৩৭	-	১৬৪.৫০

ক্রমিক নং	অংগের নাম	একক	৩য় সংশোধিত ডিপিপি'র লক্ষ্যমাত্রা		২য় বার আন্ত:খাত ব্যয় সমন্বয়	
			আর্থিক	বাস্তব	(-) অর্থ	(+) অর্থ
৩	ভাতাদি (কর্মকর্তা ও কর্মচারী)	ব্যক্তি	১৮০.৫০	৪৫	১৫৯.৫০	-
৫	আনুসঙ্গিক প্রতিষ্টান (আউটসোর্সিং)	ব্যক্তি	১১০.০০	১৭	-	১৬২.০০
৯	বিদ্যুৎ	থোক	১০০.০০	থোক	৯০.০০	-
১১	পেট্রোল, লুব্রিকেন্ট	থোক	৮০.০০	থোক	৫০.০০	-
১৪	বই ও ম্যাপ	থোক	৫.০০	থোক	২.৫০	-
২১	বন্যপ্রাণী পরিবহন ও হ্যান্ডেলিং	থোক	১০০.০০	থোক	৫৬.০০	-
২২	অনিয়মিত শ্রমিক	থোক	১১.৯৫	থোক	-	১৫.০০
২৬	পরামর্শক (পুর্তকাজ পরিকল্পনা ও তদারকি)	থোক	১১০.০০	থোক	৯০.০০	-
৩০	সম্মানী ভাতা (প্রশিক্ষণ, বিভিন্ন সভা, কর্মশালা)	থোক	৮.০০	থোক	৭.৫০	-
৩৪	মৃত প্রাণি সংগ্রহ-স্টাফিং ও প্রদর্শণী	থোক	৩০.০০	থোক	–	৩২.০০
৩৫	অন্যান্য ব্যয়	থোক	১৫.০০	থোক	–	২০.০০
৩৬	মোটর যানবাহন	থোক	২০.০০	থোক	–	২৭.৫০
৫০	অন্যান্য মেরামত ও রক্ষণাবেক্ষণ	থোক	২০.০০	থোক	–	২২.০০
	উপমোট (১৫টি অংগ):		**৯৫০.৪৫**		**৪৮১.৫০**	**৪৪৩.০০**
	(খ) মূলধন ব্যয়:					
৫৩	সাফারী মিনিবাস	সংখ্যা	২৩০.০০	৪	২২৭.৫০	–
৫৫	পিক-আপ (ডাবল কেবিন)	সংখ্যা	৭০.০০	২	৬৯.০০	-
৫৬	পিক-আপ(সিংগেল কেবিন)	সংখ্যা	৬০.০০	২	৫৫.০০	-
৬১	ক্যামেরা/সিসি ক্যামেরা	সংখ্যা	১৫.০০	৩	৮.৯০	-
৬৪	বন্যপ্রাণীর চিকিৎসা সেবা ও অন্যান্য যন্পাতি	থোক	২৫.০০	থোক	২৩.০০	-
৬৮	পশুপাখির চিকিৎসা সংক্রান্ত্ম যন্পাতি	থোক	৫০.০০	থোক	৪৫.০০	-
৬৯	এয়ারকুলার	সংখ্যা	৩০.০০	২০	২৮.০০	-
৭৫	কম্পিউটার	সংখ্যা	১০.০০	১২	৮.০০	-
৭৬	ফটোকপিয়ার	সংখ্যা	৬.০০	৪	৫.০০	-

ক্রমিক নং	অংগের নাম	একক	৩য় সংশোধিত ডিপিপি'র লক্ষ্যমাত্রা		২য় বার আন্ত:খাত ব্যয় সমন্বয়	
			আর্থিক	বাস্তব	(-) অর্থ	(+) অর্থ
৭৭	সোলার প্যানেল	থোক	৪০.০০	থোক	৩৫.০০	-
৭৮	আইপিএস	সংখ্যা	৪.০০০	৮	৩.০০	-
৮৩	লন মোয়ার	সংখ্যা	৬.০০	১০	৫.০০	-
৮৪	বেস্না-পাইপ	সংখ্যা	৭.০০	৬	৪.২০	-
৮৭	ডিভিডি পেস্নয়ারসহ ৪০ ইঞ্চি এল.সি.ডি টিভি	সংখ্যা	১০.০০	৬	৮.০০	-
৯০	আসবাবপত্র	থোক	৩০.০০	থোক	-	৩২.০০
৯২	VHF Repater Station and Walki-Taki 20 Nos	সংখ্যা	২০.০০	২০	১০.০০	-
১০৯	বন্যপ্রাণী ক্রয়	থোক	২৩৮৫.০০	থোক	-	২৩৮৫.০০
১১৩	ক্যান্টিন, ফুডকোর্ট ও ওয়াশরুম	ব:মি:	৫০.০০	৩৫৫	-	৫২.০০
১১৫	কর্মকর্তাদের ডরমেটরী নির্মাণ	ব:মি:	৭৫.০০	৪০০	-	৮১.০০
১১৭	৩য় শ্রেণীর কর্মচারীদের ডরমেটরী নির্মাণ প্রতিটি ৮০ বঃমিঃ (২টি)	ব:মি:	৭০.০০	৫০০	৬৪.৫০	-
১২৮	স্টোর সেড নির্মাণ	সংখ্যা	১৫.০০	১	১১.৫০	-
১৪৫	তৃনভোজী প্রাণীর বেষ্টনী নির্মাণ	আরএম	২০০০.০০	৩৪৫০০	-	২১৮৫.৭৪
১৪৭	মুল সীমানা প্রাচীরের উ" চতা বৃদ্ধি করন	আরএম	১১৫.০০	৫৭৫০	-	১২০.০০
১৬০	মাংশাসী প্রাণীদের দুইস্তর বেষ্টনীসহ ফটক নির্মাণ	সংখ্যা	৮৫.০০	৬	৭৪.৫০	-
১৬৩	ইকো-রিজোর্ট নির্মাণ	বঃমিঃ	৯৫.০০	৬৫০	৬৭.৫০	-
১৬৫	কোয়ারেনটাইন শেড নির্মাণ	বঃমিঃ	৪০.০০	৩০০	-	৫০.০০
১৭১	ক্যানোপি টাইপ জেনারেটর	সংখ্যা	৩৪.০০	২	৩১.৫০	-
১৭২	বিভিন্ন ধরনের ইন্টারপ্রিটেশন মডেল নির্মাণ	থোক	২৫.০০	থোক	-	-
১৭৩	প্রাণীর খাবারের স্থান নির্মাণ	সংখ্যা	৪.৫০	৩০	-	-
১৭৪	সরঞ্জামসহ জেনারেটর স্থাপন	সংখ্যা	০.৮০	১	-	-
১৭৫	বিদ্যুৎ সরবরাহ ও সরঞ্জাম	থোক	১৫০.০০	থোক	১৪০.০০	-
১৭৬	পানি সরবরাহ	থোক	১৫০.০০	থোক	১৪৫.০০	-

ক্রমিক নং	অংগের নাম	একক	৩য় সংশোধিত ডিপিপি'র লক্ষ্যমাত্রা		২য় বার আন্ত:খাত ব্যয় সমন্বয়	
			আর্থিক	বাস্তব	(-) অর্থ	(+) অর্থ
১৭৮	কুমির পার্ক নির্মাণ	ব:মি:	১২.০০	৬২৬০	-	১৫.০০
উপমোট (৩৩টি অংগ):			**৫৯১৯.৩০**		**১০৬৯.১৫**	**৪৯২০.৭৪**
সর্বমোট (৪৮টি অংগ):			**৬৮৬৯.৭৫**		**১৫৫০.৬৫**	**৫৩৬৩.৭৪**

- **বর্ণিত ২য় আন্ত:খাত সমন্বয় সংক্রান্ত তথ্যাদি বিশ্লেষণে দেখা যায়**রাজস্ব খাতে ১৫টি অংগের মধ্যে ৮টি অংগের ব্যয় হ্রাস ও ৭টি অংগের ব্যয় বৃদ্ধি করা হয়েছে এবং মূলধন খাতের ৩৩টি অংগের মধ্যে যে, ২২টি অংগের ব্যয় হ্রাস এবং ১১টি অংগের ব্যয় বৃদ্ধি করা হয়েছে। ৩য় সংশোধন অনুযায়ী উক্ত ৪৮টি অংগের মোট ব্যয় ৬৮৬৯.৭৫ লক্ষ টাকা (হ্রাসকৃত অংগ ৩০টি এবং বৃদ্ধিপ্রাপ্ত অংগ ১৮টি)। ৩য় সংশোধিত ডিপিপি মূল্য ১৮১৫.৫০ লক্ষ টাকা হতে ২৬৪.৮৫ লক্ষ টাকা হ্রাস করা হয় (৩০টি অংগের) এবং ১৮টি অংগের মূল্য ৫০২৩.৯৫ লক্ষ টাকার ৩৩৯.৭৯ লক্ষ টাকা বৃদ্ধি করে ৫৩৬৩.৭৪ লক্ষ টাকায় নির্ধারণ করা হয়। এক্ষেত্রে, বৃদ্ধিপ্রাপ্ত অর্থ ৩৩৯.৭৯-হ্রাসকৃত অর্থ ২৬৪.৮৫ লক্ষ টাকা = ৭৪.৯৪ লক্ষ টাকার গড়মিল রয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে।

৯। **<u>সাধারণ পর্যবেক্ষণ:</u>**

৯.১ **প্রকল্পের উদ্দেশ্য**:

- শালবনের বন্যপ্রাণী ও উদ্ভিদ বৈচিত্র সংরক্ষণ;
- বাংলাদেশের বিরল ও বিলুপ্তপ্রায় বন্যপ্রাণী কে নিজ আবাসস্থলে (in situ) সংরক্ষণের সম্পূরক হিসেবে আবসস্থলের বাহিরে (ex situ) সংরক্ষণে/সহায়তা;
- চিত্ত বিনোদন এবং দারিদ্র বিমোচনের জন্য ঢাকা মহানগরীর সন্নিকটে ইকো-ট্যুরিজম উন্নয়ন;
- চিত্তবিনোদন, শিক্ষা ও বৈজ্ঞানিক গবেষণার সুযোগ সৃষ্টি;
- ফলজ, ফডার ও মিশ্র প্রজাতির বাগান সৃজনের মাধ্যমে বন্যপ্রাণীর আবাসস্থল পুনরুদ্ধার;
- শালবনে বিদ্যমান বিপন্ন বন্যপ্রাণীর নিরাপদ আবাসস্থল (habitat) সৃষ্টি;
- বিভিন্ন প্রকার স্তন্যপায়ী ও তৃণভোজী বন্যপ্রাণীর প্রাকৃতিক আবাসস্থল সংরক্ষণ ও বংশবৃদ্ধির সুযোগ সৃষ্টি;
- পার্কে বিভিন্ন প্রকার জলজ পাখি ও বিপন্ন ও বিলুপ্তপ্রায় জলজ বন্যপ্রাণীর ex situ সংরক্ষণ;
- আহত বন্যপ্রাণীর সেবার নিমিত্তে বন্যপ্রাণী উদ্ধার কেন্দ্র ও পশু হাসপাতাল স্থাপন; এবং
- বন্যপ্রাণী সংরক্ষণে ব্যাপক গণসচেনতা সৃষ্টি।

৯.২ **প্রকল্পটির ক্রয় পরিকল্পনা (পণ্য/কার্য্য/সেবা) বাস্তবায়ন সংক্রান্ত:** অনুমোদিত ডিপিপিতে ২২টি প্যাকেজে পণ্য ক্রয়, ৭১টি প্যাকেজে কার্য্য ক্রয় এবং ৪টি প্যাকেজে সেবা ক্রয়ের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। বন অধিদপ্তর/সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক সকল ক্রয় কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করা হয়েছে।

১০। **<u>মূল্যায়ন পদ্ধতি (Methodology)</u>:** মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত দলিলাদি/তথ্যাদি বিবেচনা করা হয়েছে:

(ক) সংশ্লিষ্ট প্রকল্পের ডিপিপি/আরডিপিপি পর্যালোচনা;

(খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;

(গ) এডিপি/আরএডিপি পর্যালোচনা;

(ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন;

(ঙ) প্রকল্পের ক্রয় সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনা; এবং

(চ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১১। **প্রকল্প পরিদর্শন:** আইএমইডি কর্তৃক গত ১৮/১০/২০১৯ তারিখে প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক এবং প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মক র্তাগণ উপস্থিত থেকে সার্বিক সহযোগিতা করেছেন। বাস্তবায়িত প্রকল্পটির পিসিআর প্রাপ্তির পর সরেজমিনে পরিদর্শন করা হয়। অনুমোদিত ৩য় সংশোধিত ডিপিপির সংস্থান অনুযায়ী বাস্তব কাজ পরিদর্শন ও পর্যবেক্ষণ করা হয়। পরিদর্শনকৃত অংগগুলির পর্যবেক্ষণ ও বাস্তবায়ন সংক্রান্ত প্রাপ্ত তথ্যাদির বিশ্লেষণ নিম্নরূপ:

১১.১ এইচবিবি দ্বারা সড়ক উন্নয়ন:

(ক) **অনুমোদিত ডিপিপি/আরডিপিপি'র সংস্থান**

(লক্ষ টাকায়)

অংগের নাম	প্রকল্পের অনুমোদন অবস্থা	অনুমোদিত লক্ষ্যমাত্রা	
		বাস্তব	আর্থিক
এইচবিবি দ্বারা সড়ক উন্নয়ন	মূল ডিপিপি	-	-
	১ম সংশোধিত ডিপিপি	৩ কি:মি:	৬৪.০০
	২য় সংশোধিত ডিপিপি	৪ কি:মি:	১২০.০০
	৩য় সংশোধিত ডিপিপি	৪ কি:মি:	১২০.০০
	আন্ত:খাত সমন্বয়	-	-

(খ) **পরিকল্পিত লক্ষ্যমাত্রার বিপরীতে বাস্তবায়ন অবস্থা:**

(লক্ষ টাকায়)

পরিকল্পিত লক্ষ্যমাত্রা		পরিকল্পিত লক্ষ্যমাত্রার বিপরীতে বাস্তবায়ন অবস্থা				
বাস্তব	আর্থিক	কার্যাদেশ প্রদানের তারিখ	কাজের পরিমাণ	চুক্তিমূল্য	পিসিআর অনুযায়ী অগ্রগতি	
					বাস্তব	আর্থিক
১	২	৩	৪	৫	৬	৭
৪০০০ মি:	১২০.০০	০৭/০৩/২০১৩ (২য় অংশ)	১৫০০ মি:	৩০.০৬	৪০০০ **মি:**	১২০.০০
		৩০/১২/২০১৩ (৩য় অংশ)	৩৪০ মি:	৮.৯৬		
		০২/১২/২০১৪ (৪র্থ অংশ)	১০০০ মি:	২০.২৮		

		০৪/০৬/২০১৫ (৫ম অংশ)	৫০০ মি:	১৪.৭৯		
		১১/১২/২০১৬	থোক	৩.৬৯		
			মোট:	**৩৩৪০ মি:**	**৭৭.৭৮**	


(গ) **পরিদর্শন পর্যবেক্ষণ:** পরিদর্শনকালে নির্মিত এইচবিবি সড়কটির অসংখ্য স্থান ক্ষতিগ্রস্থ অবস্থায় দেখা গেছে। ক্ষতিগ্রস্থ সড়কটিতে যানবাহন চলাচলে চরমভাবে বিঘ্ন ঘটছে। সড়কটির দৈর্ঘ্য পরিমাপে সঠিক পাওয়া গেছে। সড়ক নির্মাণ কাজ বাবদ লক্ষ্যমাত্রার সমুদয় অর্থই ব্যয় করা হয়েছে। সড়কটির অধিকাংশ স্থানই ক্ষতিগ্রস্থ অবস্থায় দেখা গেছে।


(ঘ) **তথ্য-উপাত্ত বিশ্লেষণ:** প্রাপ্ত কার্যাদেশ পত্র বিশ্লেষণে দেখা যায়-৫টি প্যাকেজে ৩৩৪০ মিটার এইচবিবি দ্বারা সড়ক নির্মাণের লক্ষ্যে ৭৭.৭৮ লক্ষ টাকার স্বাক্ষরিত হয়। ৩য় সংশোধিত ডিপিপি'র একক দর অনুযায়ী ৩৩৪০ মিটার এর মূল্য দাঁড়ায় ১০০.০০ লক্ষ টাকা। এক্ষেত্রে, ৩য় সংশোধনীর সময় ৪০০০ মিটারের একক ব্যয় ধরে ১২০.০০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে। অনুমোদিত লক্ষ্যমাত্রায় নির্ধারিত কাজ ও আর্থিক সংস্থানের বিপরীতে পিসিআর-এ বাস্তব কাজ ও অর্থ ব্যয় ১০০% দেখানো হয়েছে।





চিত্র নং-১ ও ২: বিভিন্ন ব্যানারে ঢেকে গেছে সাফারী পার্কের গেইট





চিত্র নং-৩ ও ৪: এইচবিবি সড়কের অধিকাংশ স্থানই ক্ষতিগ্রস্থ

১১.২ **এ্যাপ্রোচ সড়ক নির্মাণ:**

(ক) **অনুমোদিত ডিপিপি/আরডিপিপি'র সংস্থান**

(লক্ষ টাকায়)

অংগের নাম	প্রকল্পের অনুমোদন অবস্থা	অনুমোদিত লক্ষ্যমাত্রা	
		বাস্তব	আর্থিক
এ্যাপ্রোচ সড়ক নির্মাণ	মূল ডিপিপি	-	-
	১ম সংশোধিত ডিপিপি	৬ কি:মি:	১৬৭.০০
	২য় সংশোধিত ডিপিপি	৬ কি:মি:	১৮৮.০০
	৩য় সংশোধিত ডিপিপি	৬ কি:মি:	১৮৮.০০
	আন্ত:খাত সমন্বয়	-	-

(খ) **পরিকল্পিত লক্ষ্যমাত্রার বিপরীতে বাস্তবায়ন অবস্থা:**

(লক্ষ টাকায়)

পরিকল্পিত লক্ষ্যমাত্রা		পরিকল্পিত লক্ষ্যমাত্রার বিপরীতে বাস্তবায়ন অবস্থা				
বাস্তব	আর্থিক	কার্যাদেশ প্রদানের তারিখ	কাজের পরিমাণ	চুক্তিমূল্য	পিসিআর অনুযায়ী অগ্রগতি	
					বাস্তব	আর্থিক
১	২	৩	৪	৫	৬	৭
৬০০০মি:	১৮৮.০০	১২/০৫/২০১১ (২য় অংশ)	১০০০ মি:	২৯.৯৯	৬০০০মি:	১৮৫.০০
		১৬/০৬/২০১১	-	৩.০০		
		২৬/১২/২০১১ (৩য় অংশ)	২৭৫ মি:	৬.৮১		
		১১/০৩/২০১২ (৪র্থ অংশ)	১৫০০ মি:	২৭.১৫		
		০৪/০/২০১৩ (৫ম অংশ)	২২৫০ মি:	৫৯.০২		
	গাইড ওয়াল	২১/০৮/২০১৩	থোক	৮.২৫		
	কালভার্ট	২১/০৮/২০১৩	১টি	২.৪২		

মোট (সড়ক):	**৫০২৫ মি:**	**১৩৬.৬৪**		

(গ) **পরিদর্শন পর্যবেক্ষণ:** ৪ মিটার প্রশস্ততায় ৬০০০ মিটার এ্যাপ্রোচ সড়ক নির্মাণের লক্ষ্যে সংশোধিত ডিপিপিতে ১৮৮.০০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। পরিদর্শনকালে নির্মিত সড়কটির কাজের মান সন্তোষজনক মনে হয়েছে।

(ঘ) **তথ্য-উপাত্ত বিশ্লেষণ:** প্রাপ্ত কার্যাদেশ পত্র বিশ্লেষণে দেখা যায়-৭টি প্যাকেজের মধ্যে ৪টি প্যাকেজে ৫০২৫ মিটার এ্যাপ্রোচ সড়ক ১টি প্যাকেজে থোক হিসেবে মেরামত কাজ এবং ২টি প্যাকেজে কালভার্ট ও গাইড ওয়াল নির্মাণের লক্ষ্যে ১৩৬.৬৪ লক্ষ টাকার চুক্তি স্বাক্ষরিত হয়। ৩য় সংশোধিত ডিপিপি'র একক দর অনুযায়ী ৫০২৫ মিটার এ্যাপ্রোচ সড়ক এর মূল্য দাঁড়ায় ১৫৭.৪৫ লক্ষ টাকা। এক্ষেত্রে, ৩য় সংশোধনীর সময় ৬০০০ মিটারের একক ব্যয় ধরে অর্থের সংস্থান রাখা হয়েছে। অনুমোদিত লক্ষ্যমাত্রায় নির্ধারিত কাজ ও আর্থিক সংস্থানের বিপরীতে পিসিআর-এ বাস্তব কাজ ১০০% ও অর্থ ব্যয় ৯৮.৪০% দেখানো হয়েছে।

১১.৩ <u>নিরাপত্তা সড়ক:</u>

(ক) **অনুমোদিত ডিপিপি/আরডিপিপি'র সংস্থান**

(লক্ষ টাকায়)

অংগের নাম	প্রকল্পের অনুমোদন অবস্থা	অনুমোদিত লক্ষ্যমাত্রা	
		বাস্তব	আর্থিক
নিরাপত্তা সড়ক	মূল ডিপিপি	-	-
	১ম সংশোধিত ডিপিপি	৬ কি:মি:	১৫০.০০
	২য় সংশোধিত ডিপিপি	৬ কি:মি:	১৮০.০০
	৩য় সংশোধিত ডিপিপি	৬ কি:মি:	১৮০.০০
	আন্ত:খাত সমন্বয়	-	-

(খ) **পরিকল্পিত লক্ষ্যমাত্রার বিপরীতে বাস্তবায়ন অবস্থা:**

(লক্ষ টাকায়)

পরিকল্পিত লক্ষ্যমাত্রা		পরিকল্পিত লক্ষ্যমাত্রার বিপরীতে বাস্তবায়ন অবস্থা				
বাস্তব	আর্থিক	কার্যাদেশ প্রদানের তারিখ	কাজের পরিমাণ	চুক্তিমূল্য	পিসিআর অনুযায়ী অগ্রগতি	
					বাস্তব	আর্থিক
১	২	৩	৪	৫	৬	৭
৬০০০ মি:	১৮০.০০	১৯/০১/২০১৪ (৫ম অংশ)	১০০০ মি:	২৩.৯৮	৬০০০ মি:	১৮০.০০
		২১/০৪/২০১৪	১০০০ মি:	২২.৩৭		

		(৬ষ্ঠ অংশ)				
		২১/০৪/২০১৪	থোক	৪.৯৫		
		মোট:	**২০০০ মি:**	**৫১.৩০**		

(গ) **পরিদর্শন পর্যবেক্ষণ:** দীর্ঘ ৬০০০ মিটার নিরাপত্তা সড়ক নির্মাণের লক্ষ্যে সংশোধিত ডিপিপিতে ১৮০.০০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। পরিদর্শনকালে নির্মিত সড়কটির কাজের মান সন্তোষজনক মনে হয়েছে।

(ঘ) **তথ্য-উপাত্ত বিশ্লেষণ:** প্রাপ্ত পিসিআর এর তথ্যানুযায়ী সড়কটির নির্মাণ কাজ বাবদ সংস্থানকৃত অর্থের বিপরীতে শতভাগ অর্থ ব্যয় করা হয়েছে। প্রকল্প কার্যালয় হতে ক্রয় সংক্রান্ত তথ্যাদি আংশিক প্রদান করায় বিশ্লেষণ করা সম্ভব হয়নি।

১১.৪ **ঝুলন্ত সেতু নির্মাণ:**

(ক) **অনুমোদিত ডিপিপি/আরডিপিপি'র সংস্থান**

(লক্ষ টাকায়)

অংগের নাম	প্রকল্পের অনুমোদন অবস্থা	অনুমোদিত লক্ষ্যমাত্রা	
		বাস্তব	আর্থিক
ঝুলন্ত সেতু নির্মাণ	মূল ডিপিপি	-	-
	১ম সংশোধিত ডিপিপি	**২১০ ফুট**	৪০.০০
	২য় সংশোধিত ডিপিপি	**২১০ ফুট**	৫০.০০
	৩য় সংশোধিত ডিপিপি	**২১০ ফুট**	৫০.০০
	আন্ত:খাত সমন্বয়	-	-

(খ) **পরিকল্পিত লক্ষ্যমাত্রার বিপরীতে বাস্তবায়ন অবস্থা:**

(লক্ষ টাকায়)


পরিকল্পিত লক্ষ্যমাত্রা		পরিকল্পিত লক্ষ্যমাত্রার বিপরীতে বাস্তবায়ন অবস্থা				
বাস্তব	আর্থিক	কার্যাদেশ প্রদানের তারিখ	কাজের পরিমাণ	চুক্তিমূল্য	পিসিআর অনুযায়ী অগ্রগতি	
					বাস্তব	আর্থিক
১	২	৩	৪	৫	৬	৭
ঝুলন্ত সেতু নির্মাণ (২১০ ফুট)	৫০.০০	১৩/০৫/২০১৩	১টি	২৯.৮৫	১টি	৫০.০০
		১৭/০৯/২০১৪	থোক	৭.৪৩		

		মোট:	**৩৭.২৮**		

(গ) **পরিদর্শন পর্যবেক্ষণ:** পরিদর্শনকালে দেখা যায়- সেতুটির দুই প্রান্তে ওঠা-নামার স্থা নের কাঠ ভেঙ্গে যাওয়ায় উক্ত স্থান ফাঁকা রয়েছে। এছাড়া মূল সেতুর কয়েকটি স্থানের কাঠ ভাঙ্গা দেখা গেছে। নির্মাণ সামগ্রী নিম্নমানের হওয়ায় মূলত: এ অবস্থার সৃষ্টি হয়েছে। বর্তমানে সেতুটি দর্শনার্থীগণ ব্যবহার করতে পারছেনা।

(ঘ) **তথ্য-উপাত্ত বিশ্লেষণ:** প্রাপ্ত কার্যাদেশ পত্র বিশ্লেষণে দেখা যায়-২টি প্যাকেজে ৩৭.২৮ লক্ষ টাকায় চুক্তি সম্পাদন করা হয়। পিসিআর এর তথ্যানুযায়ী ঝুলন্ত সেতুটি নির্মাণের লক্ষ্যে সংস্থানকৃত ৫০.০০ লক্ষ টাকার বিপরীতে শতভাগ অর্থই ব্যয়িত হয়েছে। একাজে ব্যয় বৃদ্ধি পেয়েছে ২৬%।





ক্ষতিগ্রস্থ ঝুলন্ত সেতুর ২টি চিত্র

১১.৫ **শর্টগানসহ কার্তুজ:**

(ক) **অনুমোদিত ডিপিপি/আরডিপিপি'র সংস্থান**

(লক্ষ টাকায়)

অংগের নাম	প্রকল্পের অনুমোদন অবস্থা	অনুমোদিত লক্ষ্যমাত্রা	
		বাস্তব	আর্থিক
শর্টগানসহ কার্তুজ	মূল ডিপিপি		
	১ম সংশোধিত ডিপিপি		
	২য় সংশোধিত ডিপিপি		
	৩য় সংশোধিত ডিপিপি		
	আন্ত:খাত সমন্বয়	-	-

(খ) **পরিকল্পিত লক্ষ্যমাত্রার বিপরীতে বাস্তবায়ন অবস্থা:**

(লক্ষ টাকায়)

পরিকল্পিত লক্ষ্যমাত্রা		পরিকল্পিত লক্ষ্যমাত্রার বিপরীতে বাস্তবায়ন অবস্থা				
বাস্তব	আর্থিক	কার্যাদেশ প্রদানের তারিখ	কাজের পরিমাণ	চুক্তিমূল্য	পিসিআর অনুযায়ী অগ্রগতি	
					বাস্তব	আর্থিক
১	২	৩	৪	৫	৬	৭
২০টি শর্টগান ও ৬০০টি কার্তুজ	৪০.০০	৩০/১২/২০১৩	১০টি শর্টগান ও ৩০০টি কার্তুজ	১৯.৯০	২০টি শর্টগান ও ৬০০টি কার্তুজ	৪০.০০
		১৮/০৫/২০১৫	১০টি শর্টগান ও ৩০০টি কার্তুজ	১৮.৪৫		
		মোট:	**২০টি শর্টগান ও ৬০০টি কার্তুজ**	**৩৮.৩৫**		

(গ) **পরিদর্শন পর্যবেক্ষণ এবং তথ্য-উপাত্ত বিশ্লেষণ:** ৩য় সংশোধিত ডিপিপিতে ২০টি শর্টগানসহ ৬০০টি কার্তুজ বাবদ ৪০.০০ লক্ষ টাকা সংস্থানের বিপরীতে শতভাগ অর্থই ব্যয় করা হয়েছে। পরিদর্শনকালে ক্রয়কৃত ২০টি শর্টগান প্রকল্প কর্তৃপক্ষ দেখাতে পারেননি। এ বিষয়ে প্রকল্প পরিচালক জানান যে- ২০টি শর্টগান ক্রয় করা হলেও বর্তমানে ০৫টি শর্টগান মৌলভীবাজার সাফারী পার্কে ব্যবহৃত হচ্ছে।

১১.৬ **যানবাহন ক্রয়:**

(লক্ষ টাকায়)

অংগের নাম	প্রকল্পের অনুমোদন অবস্থা	অনুমোদিত লক্ষ্যমাত্রা	
		বাস্তব	আর্থিক
সাফারী জীপ (4WD)	মূল ডিপিপি	২টি	৮০.০০
	১ম সংশোধিত ডিপিপি		১১০.০০
	২য় সংশোধিত ডিপিপি		৭২.৭৬
	৩য় সংশোধিত ডিপিপি		৭২.৭৬
	আন্ত:খাত সমন্বয়		-

- ২০/০৬/২০১২ তারিখের কার্যাদেশ অনুযায়ী ৭২.৭৬ লক্ষ টাকা ব্যয়ে ২টি সাফারী জীপ ক্রয় করা হয়েছে। সাফারী জীপ ২টি নষ্ট অবস্থায় দেখা গেছে।



(লক্ষ টাকায়)

অংগের নাম	প্রকল্পের অনুমোদন অবস্থা	অনুমোদিত লক্ষ্যমাত্রা	
		বাস্তব	আর্থিক
সাফারী মিনিবাস	মূল ডিপিপি	২টি	৫৬.০০
	১ম সংশোধিত ডিপিপি	৩টি	১০৫.০০
	২য় সংশোধিত ডিপিপি	২টি	১০০.০০
	৩য় সংশোধিত ডিপিপি	৪টি	২৩০.০০
	আন্ত:খাত সমন্বয়	৪টি	২২৭.৫০

- তথ্য-উপাত্ত বিশ্লেষণে দেখা যায়-অনুমোদিত সংস্থান অনুযায়ী ৪টি সাফারী মিনিবাস ক্রয়ের সংস্থান থাকলেও ৩টি কার্যাদেশ প্রদানের মাধ্যমে ৫টি সাফারী মিনিবাস ক্রয় করা হয়েছে। এ খাতে ব্যয় করা হয়েছে ২২৭.৫০ লক্ষ টাকা। সাফারী মিনিবাস সচল অবস্থায় দেখা গেছে।

(লক্ষ টাকায়)

অংগের নাম	প্রকল্পের অনুমোদন অবস্থা	অনুমোদিত লক্ষ্যমাত্রা	
		বাস্তব	আর্থিক
পিক-আপ (সিংগেল-কেবিন)	মূল ডিপিপি	-	-
	১ম সংশোধিত ডিপিপি	১টি	২৫.০০
	২য় সংশোধিত ডিপিপি	২টি	৫৫.০০
	৩য় সংশোধিত ডিপিপি	২টি	৬০.০০
	আন্ত:খাত সমন্বয়	২টি	৫৫.০০

- তথ্য-উপাত্ত বিশ্লেষণে দেখা যায়-অনুমোদিত সংস্থান অনুযায়ী ২টি পিক-আপ ক্রয়ের সংস্থান থাকলেও ১টি কার্যাদেশ প্রদানের মাধ্যমে ১ পিক-আপ ক্রয় করা হয়েছে। এ খাতে ব্যয় করা হয়েছে ২৮.৩৫ লক্ষ টাকা। অথচ প্রাপ্ত পিসিআর-এ র তথ্যানুযায়ী সংস্থানকৃত এ অর্থ ব্যয়ে ২টি পিক-আপ (সিংগেল কেবিন) ক্রয় করা হয়েছে। পিক-আপটি নষ্ট অবস্থায় দেখা গেছে।





(লক্ষ টাকায়)

অংগের নাম	প্রকল্পের অনুমোদন অবস্থা	অনুমোদিত লক্ষ্যমাত্রা	
		বাস্তব	আর্থিক
পিক-আপ (ডাবল কেবিন)	মূল ডিপিপি	২টি	৪০.০০
	১ম সংশোধিত ডিপিপি	২টি	৪৮.০০
	২য় সংশোধিত ডিপিপি	২টি	৬৫.০০
	৩য় সংশোধিত ডিপিপি	২টি	৭০.০০
	আন্ত:খাত সমন্বয়	২টি	৬৯.০০

- সংশোধিত ডিপিপিতে ২টি পিক-আপ (ডাবল -কেবিন) ক্রয় বাবদ ৭২.৭৬ লক্ষ টাকার সংস্থান রয়েছে। প্রাপ্ত পিসিআর-এ র তথ্যানুযায়ী দেখা যায়- সংস্থানকৃত এ অর্থ ব্যয়ে ২টি পিক-আপ (ডাবল কেবিন) ক্রয় করা হয়েছে। পরিদর্শনের সময় পিক-আপ (ডাবল কেবিন) ২টি দেখা যায়নি এবং ক্রয় সংক্রান্ত কোন তথ্য প্রকল্প কার্যালয় হতে পাওয়া যায়নি।

ফর্কলিফ্ট ট্রাক ক্রয়: সংশোধিত ডিপিপিতে ১টি ফর্কলিফ্ট ট্রাক ক্রয় বাবদ ৪০.০০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। কার্যাদেশ অনুযায়ী ১টি ফর্কলিফ্ট ট্রাক ক্রয় বাবদ ২১.৫০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। ঢেকে না রাখার কারণে এটির উপর প্রচুর ধুলাবালি জমে রয়েছে।





১১.৭ **এয়ারকুলার ক্রয়:**

(ক) **অনুমোদিত ডিপিপি/আরডিপিপি'র সংস্থান**

(লক্ষ টাকায়)

অংগের নাম	প্রকল্পের অনুমোদন অবস্থা	অনুমোদিত লক্ষ্যমাত্রা	
		বাস্তব	আর্থিক
এয়ারকুলার	মূল ডিপিপি	৪টি	২.৪০
	১ম সংশোধিত ডিপিপি	২২টি	১৭.২০
	২য় সংশোধিত ডিপিপি	১৪টি	১৬.১৫
	৩য় সংশোধিত ডিপিপি	২০টি	৩০.০০
	আন্ত:খাত সমন্বয়	২০টি	২৮.০০

(খ) **পরিকল্পিত লক্ষ্যমাত্রার বিপরীতে বাস্তবায়ন অবস্থা:**

(লক্ষ টাকায়)

পরিকল্পিত লক্ষ্যমাত্রা		পরিকল্পিত লক্ষ্যমাত্রার বিপরীতে বাস্তবায়ন অবস্থা				
বাস্তব	আর্থিক	কার্যাদেশ প্রদানের তারিখ	পরিমাণ	চুক্তিমূল্য	পিসিআর অনুযায়ী অগ্রগতি	
					বাস্তব	আর্থিক
১	২	৩	৪	৫	৬	৭
এয়ারকুলার	৩০.০০	২১/০৪/২০১১	২টি	১.২০	২০টি	২৯.৪৯

২০টি		১৯/০৬/২০১২	২টি	১.৯১		
		২০/০৪/২০১৪	৬টি	৪.৩২		
		২০/১১/২০১৪	৪টি	৪.৮২		
		১১/০৬/২০১৫	৩টি	২.৬২		
		২৭/১০/২০১৫	৫টি	৪.৩৭		
		১৩/১২/২০১৫	৩টি	২.৫৮		
		১৯/০৫/২০১৬	২টি	২.০৪		
		১১/১২/২০১৬	২টি	২.০৮		
		মোট:	**২৯টি**	**১৫.১৪**		

(গ) **পরিদর্শন পর্যবেক্ষণ:** সংশোধিত ডিপিপিতে ২০টি এয়ারকুলার ক্রয় বাবদ ৩০.০০ লক্ষ টাকার সংস্থান রয়েছে। পিসিআর এর তথ্যানুযায়ী ২৯.৫০ লক্ষ টাকা ব্যয়ে ২০টি এয়ারকুলার ক্রয় করা হয়েছে। পরিদর্শনের সময় মিউজিয়ামে ৩টি এয়ারকুলার স্থাপন করা হয় যা নষ্ট অবস্থায় দেখা গেছে। এছাড়া ক্যান্টিন, ফুডকোর্টে ৪টি এয়ারকুলার স্থাপন করা হয় যার সবকটিই নষ্ট অবস্থায় দেখা গেছে। নষ্ট হওয়ার পর এয়ারকুলাগুলি মেরামত করা হয়নি বলে প্রতিষ্ঠানটির কর্তব্যরতগণ জানান।

(ঘ) **তথ্য-উপাত্ত বিশ্লেষণ:** প্রাপ্ত কার্যাদেশ পত্র বিশ্লেষণে দেখা যায়- ১০টি প্যাকেজে ২৯টি এয়ারকুলার ক্রয় করা হয়েছে। ১০টি প্যাকেজের মধ্যে ৫টি প্যাকেজে ১৫টি এয়ারকুলার ক্রয় করা হয়েছে , যার পরিমাণগত তথ্যাদি কার্যাদেশ পত্রে উল্লেখ করা হয়নি। ফলে , সর্বমোট কত টন এয়ারকুলার ক্রয় করা হয়েছে তা নির্ণয় করা সম্ভব হয়নি।

১১.৮ **চিলড্রেন কর্নার (বেস্টনী, প্রবেশ গেইট, শেড ও টয়লেট ইত্যাদিসহ):**

(ক) **অনুমোদিত ডিপিপি/আরডিপিপি'র সংস্থান**

(লক্ষ টাকায়)

অংগের নাম	**প্রকল্পের অনুমোদন অবস্থা**	**অনুমোদিত লক্ষ্যমাত্রা**	
		বাস্তব	**আর্থিক**
চিলড্রেন কর্নার (বেস্টনী, প্রবেশ গেইট, শেড ও টয়লেট ইত্যাদিসহ)	মূল ডিপিপি	-	-
	১ম সংশোধিত ডিপিপি	**–**	-
	২য় সংশোধিত ডিপিপি	১টি	১০০.০০
	৩য় সংশোধিত ডিপিপি	১টি	১৫০.০০
	আন্ত:খাত সমন্বয়	১টি	১৬০.০০

(খ) **পরিকল্পিত লক্ষ্যমাত্রার বিপরীতে বাস্তবায়ন অবস্থা:**

(লক্ষ টাকায়)

পরিকল্পিত লক্ষ্যমাত্রা		পরিকল্পিত লক্ষ্যমাত্রার বিপরীতে বাস্তবায়ন অবস্থা				
বাস্তব	আর্থিক	কার্যাদেশ প্রদানের তারিখ	কাজের পরিমাণ	চুক্তিমূল্য	পিসিআর অনুযায়ী অগ্রগতি	
					বাস্তব	আর্থিক
১	২	৩	৪	৫	৬	৭
চিলড্রেন কর্নার	১৬০.০০	২৩/০২/২০১৪	৬টি উপাংগ	১০০.০০		১৫০.০০

(গ) **পরিদর্শন পর্যবেক্ষণ এবং তথ্য-উপাত্ত বিশ্লেষণ:** চিলড্রেন কর্নার (বেস্টনী, প্রবেশ গেইট, শেড ও টয়লেট ইত্যাদিসহ) তৈরীর লক্ষ্যে সংশোধিত ডিপিপিতে ১৬০.০০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। চিলড্রেন কর্নারের বেস্টনী, প্রবেশ গেইট, শেড ও টয়লেট ইত্যাদিসহ রোলার কোস্টার, ফেরি হুইল, পেরাট্রোপার, মেরি গো রাউন্ড, মিনি বাটাফ্লাই ট্রেন, প্লে-গ্রাউন্ড সেট সরবরাহ ও স্থাপন কাজ বাবদ ১০০.০০ লক্ষ টাকায় কার্যাদেশ প্রদান করা হয়। এ কাজ বাবদ অর্থ ব্যয় করা হয়েছে -১৫০.০০ লক্ষ টাকা । পরিদর্শনের সময় স্থাপনকৃত কয়েকটি খেলনা সামগ্রি নষ্ট অবস্থায় দেখা গেছে।



অব্যবহৃত অবস্থায় দেখা গেছে



অব্যবহৃত অবস্থায় দেখা গেছে

১১.৯ সর্প পার্ক নির্মাণ:

(ক) **অনুমোদিত ডিপিপি/আরডিপিপি'র সংস্থান**

(লক্ষ টাকায়)

অংগের নাম	প্রকল্পের অনুমোদন অবস্থা	অনুমোদিত লক্ষ্যমাত্রা	
		বাস্তব	আর্থিক
সর্প পার্ক নির্মাণ	মূল ডিপিপি	-	
	১ম সংশোধিত ডিপিপি	১টি	১৫.০০
	২য় সংশোধিত ডিপিপি	১টি	২০.০০
	৩য় সংশোধিত ডিপিপি	১টি	৩০.০০
	আন্ত:খাত সমন্বয়	-	-

(খ) **পরিকল্পিত লক্ষ্যমাত্রার বিপরীতে বাস্তবায়ন অবস্থা:**

(লক্ষ টাকায়)

পরিকল্পিত লক্ষ্যমাত্রা		পরিকল্পিত লক্ষ্যমাত্রার বিপরীতে বাস্তবায়ন অবস্থা				
বাস্তব	আর্থিক	কার্যাদেশ প্রদানের তারিখ	কাজের পরিমাণ	চুক্তিমূল্য	পিসিআর অনুযায়ী অগ্রগতি	
					বাস্তব	আর্থিক
১	২	৩	৪	৫	৬	৭
১টি	৩০.০০	০৪/০৬/২০১৫	উল্লেখ নাই	২৪.২৫	৩৮%	১১.৬৪

(গ) **পর্যবেক্ষণ ও তথ্য-উপাত্ত বিশ্লেষণ:** সর্প পার্ক নির্মাণের লক্ষ্যে সংশোধিত ডিপিপিতে ৩০.০০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। কার্যাদেশকৃত মূল্য ২৪.২৫ লক্ষ টাকা । পার্ক ভবনটির নির্মাণ কাজ অসম্পন্ন অবস্থায় দেখা গেছে। পিসিআর-এ প্রদত্ত তথ্যানুযায়ী নির্মাণ কাজের বাস্তব অগ্রগতি ৩৮% । পার্ক ভবনটির যতটুকু অংশ নির্মাণ হয়েছে সে বাবদ অর্থ ব্যয় করা হয়েছে ১১.৬৪ লক্ষ টাকা যা চুক্তিমূল্যের ৪৮%। এক্ষেত্রে, বাস্তব অগ্রগতির সাথে সমন্বয় রেখে অর্থ ব্যয় করা হয়নি মর্মে প্রতীয়মান হচ্ছে।

১১.১০ **পার্কিং এরিয়া উন্নয়ন: পরিকল্পিত লক্ষ্যমাত্রার বিপরীতে বাস্তবায়ন অবস্থা নিম্নরূপ:**

(লক্ষ টাকায়)

পরিকল্পিত লক্ষ্যমাত্রা		পরিকল্পিত লক্ষ্যমাত্রার বিপরীতে বাস্তবায়ন অবস্থা				
বাস্তব	আর্থিক	কার্যাদেশ প্রদানের তারিখ	কাজের পরিমাণ	চুক্তিমূল্য	পিসিআর অনুযায়ী অগ্রগতি	
					বাস্তব	আর্থিক
১	২	৩	৪	৫	৬	৭
১০০০০ ব:মি:	৮০.০০	১০/০৫/২০১১	২০০ ব:মি:	১.৩১	৯৮৯৮ ব:মি:	৭৯.১৮
		১৯/০১/২০১২	৬০০ ব:মি:	৪.৭৮		
		১৯/০৪/২০১২	৭০০ ব:মি:	৪.৭৬		
		২৪/০৪/২০১২ (মাটির কাজ)	থোক	৬.৭৪		
		১৪/১১/২০১২	২৪২ ব:মি:	২.৮৪		
		০৭/০৩/২০১৩	৫০০ ব:মি:	২.৮৩		
		২৭/১০/২০১৩	১০০০ ব:মি:	৮.৮২		
		মোট:	**৩৪৪২ ব:মি:**	**৩২.০৯**		

পরিদর্শন পর্যবেক্ষণ ও তথ্য-উপাত্ত বিশ্লেষণে দেখা যায় যে- সংশোধিত ডিপিপি অনুযায়ী ৪ একর (১০০০০ বর্গমিটার) পার্কিং এরিয়া এইচবিবি দ্বারা উন্নয়ন বাবদ ৮০.০০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। প্রাপ্ত কার্যাদেশ পত্র বিশ্লেষণে দেখা যায়-৬টি প্যাকেজে ৩৪৪২ বর্গমিটার পার্কিং এরিয়া উন্নয়নের লক্ষ্যে ৩২.০৯ লক্ষ টাকার ক্রয়চুক্তি করা হয়। ক্রয় সংক্রান্ত তথ্যাদি আংশিক প্রদান করায় বিশ্লেষণ করা সম্ভব হয়নি। এছাড়া চলমান অন্য একটি প্রকল্প হতেও পার্কিং এরিয়া উন্নয়ন কাজ করা হচ্ছে। কোন সাইনবোর্ড না থাকায় সমাপ্ত প্রকল্প হতে কতটুকু অংশ বাস্তবায়ন করা হয়েছে তা নিরুপণ করা সম্ভব হয়নি।

১১.১১ **ক্রাউন ফিজেন্ট এ্যাভিয়ারি নির্মাণ:**

(লক্ষ টাকায়)

পরিকল্পিত লক্ষ্যমাত্রা		পরিকল্পিত লক্ষ্যমাত্রার বিপরীতে বাস্তবায়ন অবস্থা			
বাস্তব	আর্থিক	কার্যাদেশ	কাজের	চুক্তিমূল্য	পিসিআর অনুযায়ী অগ্রগতি

		প্রদানের তারিখ	পরিমাণ		বাস্তব	আর্থিক
১	২	৩	৪	৫	৬	৭
২৫০০ ব:মি:	১১৫.০০	২৩/০৫/২০১২	উল্লেখ নাই	৭২.৯৪	১০০%	১১৫.০০
	নিরাপত্তা ঘর	০৯/০৯/২০১৩	১টি	২.৪৪		
			মোট:	৭৫.৩৮		

- **পরিদর্শন পর্যবেক্ষণ ও তথ্য-উপাত্ত বিশ্লেষণ:** ৩য় সংশোধিত ডিপিপিতে ২৫০০ বর্গমিটার ক্রাউন ফিজেন্ট এ্যাভিয়ারি নির্মাণ কাজ বাবদ ১১৫.০০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। কার্যাদেশ পত্র হতে দেখা যায়- ২টি প্যাকেজে ৭৫.৩৮ লক্ষ টাকার ক্রয় চুক্তি করা হয়। প্রাপ্ত পিসিআর-এর তথ্যানুযায়ী আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০%। অনুমোদিত কার্যাদেশ পত্রে বাস্তব কাজের পরিমাণ উল্লেখ না থাকায় প্রকৃত অগ্রগতি নির্ণয় করা সম্ভব হয়নি।

১১.১২ ৩য় শ্রেণীর কর্মচারীদের জন্য ডরমেটরী ভবন নির্মাণ (প্রতিটি ৮০ বর্গমিটার):

(লক্ষ টাকায়)

পরিকল্পিত লক্ষ্যমাত্রা		পরিকল্পিত লক্ষ্যমাত্রার বিপরীতে বাস্তবায়ন অবস্থা				
বাস্তব	আর্থিক	কার্যাদেশ প্রদানের তারিখ	কাজের পরিমাণ	চুক্তিমূল্য	পিসিআর অনুযায়ী অগ্রগতি	
					বাস্তব	আর্থিক
১	২	৩	৪	৫	৬	৭
৫০০ ব:মি:	৬৪.৫০	১১/৯/২০১১	৮০ ব:মি:	৭.৯৩	১০০%	৬৪.৫০
		১০/০৪/২০১১	৮০ ব:মি:	৯.৪০		
		১০/০৪/২০১৪	পরিমাণ উল্লেখ নাই	৮.৬২		
		০২/১২/২০১৪	পরিমাণ উল্লেখ নাই	৭.১৮		
		মোট:		৩৩.১৩		

পরিদর্শন পর্যবেক্ষণ ও তথ্য-উপাত্ত বিশ্লেষণ নিম্নরূপ:

- ৩য় সংশোধিত ডিপিপিতে ২টি ডরমেটরী ((প্রতিটি ৮০ বর্গমিটার, মোট ৫০০ বর্গমিটার) ৬৪.৫০ লক্ষ টাকার সংস্থান রাখা হ য়। প্রাপ্ত কার্যাদেশ পত্র বিশ্লেষণে দেখা যায়-মোট ৪টি কার্যাদেশ প্রদান করা হয়েছে যার মধ্যে ২টি কার্যাদেশ পত্রে পরিমাণগত হিসাব উল্লেখ করা হয়নি। তবে, পিসিআর অনুযায়ী আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% দেখানো হয়েছে।
- ৩য় শ্রেণীর কর্মচারীদের জন্য ডরমেটরী ভবন নির্মাণের সংস্থান রাখা হলেও বর্ণিত ৪টি কার্যাদেশ পত্র পর্যালোচনায় দেখা যায়- ডরমেটরীর পরিবর্তে ব্যারাক নির্মাণ কাজের জন্য কার্যাদেশ প্রদান করা হয়েছে।
- **প্রাপ্ত তথ্যাদি বিশ্লেষণে দেখা যায়**প্রতিটি ভবন ৮০ বর্গমিটারের স্থলে প্রতিটি ৫৯ বর্গমিটার বিশিষ্ট ডরমেটরী ভবন নির্মাণ করা হয়েছে।

- ডরমেটরীর স্থলে ব্যারাক নির্মাণের কার্যাদেশ প্রদানের বিষয়টি স্পষ্ট নয়।



১১.১৩ **৪র্থ জন্য ব্যারাক নির্মাণ (প্রতিটি ৬০ বর্গমিটার):** পরিদর্শন পর্যবেক্ষণ ও তথ্য-উপাত্ত বিশ্লেষণ নিম্নরূপ:

- ৩য় সংশোধিত ডিপিপিতে ৪টি ব্যারাক (৫৮০ বর্গমিটার) ৭০.০০ লক্ষ টাকার সংস্থান রাখা হলেও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের জন্য ৪৮০ বর্গমিটার (প্রতিটি ৬০ বর্গমিটার) ব্যারাক নির্মাণ করা হয়েছে। পিসিআর অনুযায়ী এ অংগটির আর্থিক অগ্রগতি ১০০% হলেও বাস্তব অগ্রগতি ৯৯.৯৪%।
- ক্রয় সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনায় দেখা যায়-৮টি প্যাকেজে ৬৩.৭৫ লক্ষ টাকার ক্রয়চুক্তি করা হয়। অনুমোদিত কার্যাদেশ পত্র সংখ্যা ০৮টি, এর মধ্যে ৪টি-তে কাজের পরিমাণ উল্লেখ করা হয়নি।
- প্রাপ্ত তথ্যমতে, প্রতিটি ভবন ৬০ বর্গমিটারের স্থলে ৫১ বর্গমিটার বিশিষ্ট ব্যারাক নির্মাণ করা হয়েছে।

১১.১৪ **তথ্য ও শিক্ষা কেন্দ্র নির্মাণ:** তথ্য ও শিক্ষা কেন্দ্র নির্মাণ কাজ বাবদ ১১.৯৯ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। ভবনটির নির্মাণ কাজ বাবদ লক্ষ্যমাত্রার সমুদয় অর্থই করা হয়েছে। সরকারি ছুটির দিন না হলেও পরিদর্শনকালে হাসপাতালটি বন্ধ দেখা গেছে।


তথ্য ও শিক্ষা কেন্দ্র
INFORMATION CENTER

১১.১৫ পরামর্শক (পূর্তকাজ পরিকল্পনা ও তদারকি):

(লক্ষ টাকায়)

পরিকল্পিত লক্ষ্যমাত্রা		পরিকল্পিত লক্ষ্যমাত্রার বিপরীতে বাস্তবায়ন অবস্থা				
বাস্তব	আর্থিক	কার্যাদেশ প্রদানের তারিখ	কাজের পরিমাণ	চুক্তিমূল্য	পিসিআর অনুযায়ী অগ্রগতি	
					বাস্তব	আর্থিক
১	২	৩	৪	৫	৬	৭
পরামর্শক (পূর্তকাজ পরিকল্পনা ও তদারকি)	৯০.০০	১৪/০১/২০১৩	-	৩১.০৬	১০০%	১০০%
		২৬/০৬/২০১৬	-	২৯.৯৬		
			মোট:	**৬১.০২**		

১১.১৬ জমি অধিগ্রহণ:

(ক) **অনুমোদিত ডিপিপি/আরডিপিপি'র সংস্থান**

(লক্ষ টাকায়)

অংগের নাম	প্রকল্পের অনুমোদন অবস্থা	অনুমোদিত লক্ষ্যমাত্রা	
		বাস্তব	আর্থিক
জমি অধিগ্রহণ	মূল ডিপিপি	২০০ একর	২১১.৪০
	১ম সংশোধিত ডিপিপি	৫৫০ একর	১৩৬৪৮.৬০
	২য় সংশোধিত ডিপিপি	৪১০ একর	১৫০০৯.১২
	৩য় সংশোধিত ডিপিপি	৪৫০ একর	১৭৫০০.০০
	আন্ত:খাত সমন্বয়	**–**	-

- **অগ্রগতি:** ৪৫০ একরের বিপরীতে ৪০৬.১০ একর অধিগ্রহণ করা হয়েছে এবং এ বাবদ লক্ষ্যমাত্রার শতভাগ অর্থ ব্যয় করা হয়েছে। সংস্থানকৃত ৪৫০ একর ভূমি অধিগ্রহণের বিপরীতে মূল্য বৃদ্ধিজনিত কারণে ৪৩.৯০ একর ভূমি অধিগ্রহণ করা সম্ভব হয়নি মর্মে প্রকল্প পরিচালক জানান। এছাড়া অবশিষ্ট অংগসমূহের বাস্তব কাজ অসমাপ্ত থাকার বিষয়ে প্রকল্প পরিচালক সন্তোষজনক কোন ব্যাখ্যা দিতে পারেননি।

১১.১৭ **পরামর্শক (মাস্টার প্ল্যান প্রণয়ন):** পরামর্শক দ্বারা সাফারী পার্কটির একটি মাস্টার প্ল্যান প্রণয়নের লক্ষ্যে ১০.০০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। মাস্টারপ্ল্যান প্রণয়নের লক্ষ্যে ১০.০০ লক্ষ টাকা ব্যয়ে পরামর্শক প্রতিষ্ঠান "স্পেস (৫৮ কবি নজরুল ইসলাম, কোতয়ালী, চট্টগ্রাম)" অনুকূলে চুক্তি স্বাক্ষরিত হয়। পরামর্শক কর্তৃক একটি মাস্টারপ্ল্যান প্রণয়ন করা হয়। প্রণীত মাস্টার প্ল্যানটি প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদন না নিয়ে মাস্টার প্ল্যানের আলোকে পার্কটির বাস্তবায়ন কার্যক্রম শুরু ও শেষ করা হয়েছে। পরিদর্শনের সময় প্রকল্প পরিচালক অবহিত করেন যে, মাস্টার প্ল্যানটি অদ্যাবধি

প্রশাসনিক মন্ত্রণালয় হতে অনুমোদন দেয়া হয়নি।

১১.১৮ **প্রকল্পের জনবল:** প্রকল্পটি সমাপ্তির ৬ মাস পূর্বে প্রেরিত ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির প্রাপ্ত তথ্যমতে, প্রকল্পে নিয়োজিত ৪৯ জন কর্মকর্তা ও কর্মচারীর বেতন ভাতা বাবদ ৩৫১.৭৮ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। সর্বশেষ অনুমোদিত ৩য় সংশোধিত ডিপিপিতে ৪৫ জন জনবলের উল্লেখ রয়েছে যা প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) এ উল্লেখ করা হয়েছে। প্রকল্পটির exit plan অনুযায়ী এ সকল জনবল রাজস্ব খাতে স্থানান্তর করার বিষয়ে উল্লে খ রয়েছে। পরিদর্শনের সময় জানা যায়-মোট ২৭ জন কর্মকর্তা ও কর্মচারী রাজস্ব খাতে নিয়োগ প্রদান করা হয়েছে। প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে নিয়োগকৃত জনবলের অনেকেই রাজস্ব খাতে নিয়োগ প্রদান করা হয়নি। নিয়োগকৃত সকল কর্মকর্তা ও কর্মচারী রাজস্ব খাতে স্থানান্তর না করে পরবর্তীতে ২৭ জন কর্মকর্তা ও কর্মচারী রাজস্ব খাতে নিয়োগ প্রদান করা হয়েছে , যার মধ্যে অনেকেই নতুনভাবে নিয়োগ পেয়েছেন বলে জানা যায়।

১১.১৯ **অন্যান্য গুরুত্বপূর্ণ সমস্যাদি :**

(ক) আইএমই বিভাগের পর্যবেক্ষণের উপর পরিবেশ ও বন মন্ত্রণালয় বা প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক গৃহীত কোন কার্যক্রমের বিষয়ে এ বিভাগ অদ্যাবধি অবহিত করা হয়নি।

(খ) ৩০ কি:মি: অভ্যন্তরীন পাকা রাস্তা নির্মাণের লক্ষ্যে আর্থিক সংস্থান রাখা হয় ৮৫০.০০ লক্ষ টাকা। এ সংস্থানের বিপরীতে ৭৯১.৫৩ লক্ষ টাকা (লক্ষ্যমাত্রার ৯৩.১২%) ব্যয়ে ২৭.৯৩ কি:মি: সড়ক নির্মাণ (লক্ষ্যমাত্রার ৯৩.১২%) করা হয়েছে।

(গ) **কলাবাগান ও বাঁশ বাগান সৃজন:** সংশোধিত ডিপিপিতে কলাবাগান সৃজন বাবদ ৫.০০ লক্ষ টাকা এবং বাঁশ বাগান সৃজন বাবদ ৫.০০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। পিসিআর-এ কলাবাগান ও বাঁশ বাগান বাবদ সমুদয় অর্থই ব্যয় হয়েছে। প্রকল্পটি আইএমই বিভাগের পরিচালক কর্তৃক ০৯/০১/২০১৭ তারিখে এবং সহকারী পরিচালক কর্তৃক ২৩ জানুয়ারি ২০১৮ তারিখে (প্রকল্প সমাপ্তির ৫ মাস পূর্বে) পরিদর্শন করা হয়। প্রতিবেদনের সুপারিশ অনুযায়ী বর্ণিত দুটি অংগের কাজ বাস্তবায়িত হয়নি মর্মে উল্লেখ করা হয়। প্রাপ্ত পিসিআর-এ ১০০% ব্যয় দেখানো হয়েছে, সত্যতা যাচাইকালে পরিদর্শনের সময় প্রকল্প কর্তৃপক্ষ বাস্তবে এ দুটি অংগের বাস্তব কাজ দেখাতে পারেননি।

(ঘ) **ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী :** প্রকল্পটির মোট মেয়াদকালে গণপূর্ত বিভাগের মোট ৬ জন প্রকল্প পরিচালক হিসেবে খন্ডকালীন দায়িত্ব পালন করেছেন। বৃহদাকারের এ ধরণের প্রকল্পের ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী কোন ক্রমে যুক্তিযুক্ত হয়নি।

(ঙ) **<u>পিসিআর-এ অসামঞ্জস্যপূর্ত এবং অসম্পন্ন তথ্য প্রদান করা:</u>** প্রাপ্ত পিসিআর-এ যে সকল অসামঞ্জস্যপূর্ত এবং অসম্পন্ন তথ্য প্রদান করা হয়েছে তার তথ্যাদি (পৃষ্ঠা এবং ক্রমিক নম্বর) নিম্নরূপ:

- পৃষ্ঠা-৩: ক্রমিক নং-০১ ও ০২
- পৃষ্ঠা-৪ হতে ১০ পর্যন্ত: ক্রমিক নং-৫ এর তথ্যাদিতে কিছু অংগ সর্বশেষ আন্ত:খাত সমন্বয় করা হলেও ৩য় সংশোধিত ডিপিপি'র লক্ষ্যমাত্রা প্রদান করা হয়েছে। আবার বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্যগত অসংগতি, কোন কোন অংগের শতভাগ অর্জন না হলেও তা শতভাগ দেখানো, কতিপয় অংগের বাস্তবায়ন অগ্রগতি শুন্য % হলেও পিসিআর-এ অর্জন শতভাগ অগ্রগতি দেখানো হয়েছে।
- পৃষ্ঠা-১২, ক্রমিক নং-০৯, ১০: কার্য্য ক্রয় সংক্রান্ত তথ্যাদি প্রদান করা হয়নি।
- পৃষ্ঠা-১৬-E (Benefit Analysis) 01 & 02
- পৃষ্ঠা-২০, ক্রমিক নং-৫

(চ) **পরিদর্শনকৃত অংগসমূহের ক্রয় সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনায় দেখা যায়-** একক প্যাকেজ বিভক্ত (split up) করে অসংখ্য ক্ষুদ্র ক্ষুদ্র চুক্তির মাধ্যমে বাস্তবায়ন করা হয়েছে। যেমন-৩৪৪২ মিটার পার্কিং উন্নয়নের লক্ষ্যে ৭টি, ৩৩৪০ মিটার এইচবিবি সড়ক নির্মাণের লক্ষ্যে ৫টি, ৫০২৫ মিটার এ্যাপ্রোচ সড়ক নির্মাণের লক্ষ্যে ৭টি, ২৯টি এয়ারকুলার ক্রয়ের লক্ষ্যে

৯টি ক্রয়চুক্তি করা হয়।

(ছ) প্রকল্পটির অনুমোদিত মেয়াদ ৩৪ মাস থাকলে বাস্তবায়ন কাজ সমাপ্ত করা হয়েছে ১০০ মাসে। অর্থাৎ সময় অতিক্রান্তি ঘটেছে ৬৬ মাস ১৯৪.১২%। অন্যদিকে, প্রকল্পটি ৩ বার সংশোধন করা হয়েছে। ফলে ব্যয় অতিক্রান্তি ঘটেছে ৪০৯.২৪%।

(জ) **তথ্যের অসামঞ্জস্যতা:**

(১) কমিটি কর্তৃক যুক্তিযুক্তকৃত ব্যয়: ২য় বার আন্ত:খাত সমন্বয়ের লক্ষ্যে ১৯/০৫/২০১৬ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠিত সভায় সিদ্ধান্ত এবং ব্যয় পর্যালোচনা সভার সিদ্ধান্ত অনুযায়ী যুক্তি যুক্তকৃত ব্যয় সমন্বয় করা হয়। সে অনুযায়ী রাজস্ব খাতে মোট ১১টি আইটেম (৫টির ব্যয় হ্রাস ও ৬টির ব্যয় বৃদ্ধি) এবং মূলধন খাতে ১৯টি আইটেমের (৯টির ব্যয় হ্রাস ও ১১টির ব্যয় বৃদ্ধি) আন্ত:খাত সমন্বয়ের জন্য সুপারিশ করা হয়।

(২) **প্রকল্প পরিচালক কর্তৃক প্রদেয় ২য় আন্ত:খাত সমন্বয় সংক্রান্ত তথ্যাদি:** প্রাপ্ত তথ্যাদি বিশ্লেষণে দেখা যায়- রাজস্ব খাতে ১৫টি অংগের মধ্যে ৮টি অংগের ব্যয় হ্রাস ও ৭টি অংগের ব্যয় বৃদ্ধি করা হয়েছে এবং মূলধন খাতের ৩৩টি অংগের মধ্যে যে, ২২টি অংগের ব্যয় হ্রাস এবং ১১টি অংগের ব্যয় বৃদ্ধি করা হয়েছে। ৩য় সংশোধন অনুযায়ী উক্ত ৪৮টি অংগের মোট ব্যয় ৬৮৬৯.৭৫ লক্ষ টাকা (হ্রাসকৃত অংগ ৩০টি এবং বৃদ্ধিপ্রাপ্ত অংগ ১৮টি)। ৩য় সংশোধিত ডিপিপি মূল্য ১৮১৫.৫০ লক্ষ টাকা হতে ২৬৪.৮৫ লক্ষ টাকা হ্রাস করা হয় (৩০টি অংগের) এবং ১৮টি অংগের মূল্য ৫০২৩.৯৫ লক্ষ টাকার ৩৩৯.৭৯ লক্ষ টাকা বৃদ্ধি করে ৫৩৬৩.৭৪ লক্ষ টাকায় নির্ধারণ করা হয়। এক্ষেত্রে, বৃদ্ধিপ্রাপ্ত অর্থ ৩৩৯.৭৯ হ্রাসকৃত অর্থ ২৬৪.৮৫ লক্ষ টাকা = ৭৪.৯৪ লক্ষ টাকার গড়মিল রয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে।

(জ) **পর্যবেক্ষণ টাওয়ার নির্মাণ:** পর্যটকদের পার্কের ভিতরে অনায়াসে বিভিন্ন বেষ্টনীতে বিচরণরত বাঘ, সিংহ, হাতী, জেব্রা, জিরাফ ও হরিণ ইত্যাদি বন্যপ্রাণী পর্যবেক্ষণ করার জন্য ৩০.০০ লক্ষ টাকা ব্যয়ে ২টি টাওয়ার নির্মাণ করা হয়েছে। প্রকৃতপক্ষে টাওয়ার ২টি ব্যবহৃত হয়না।



১২। **<u>বছরভিত্তিক আরডিপিপি'র সংস্থানের বিপরীতে সংশোধিত এডিপি বরাদ্দ, অর্থ ব্যয় ও অব্যয়িত অর্থ সমর্পণ সংক্রান্ত তথ্যাদি:</u>**

অর্থ বছর	সংশোধিত ডিপিপি অনুযায়ী আর্থিক সংস্থান	সংশোধিত এডিপি বরাদ্দ	অর্থ অবমুক্তি	ব্যয়	অব্যয়িত অর্থ
২০০৯-২০১০	২০০.০০	২০০.০০	২০০.০০	২০০.০০০	০.০০
২০১০-২০১১	৩৭৭৬.৮৭	৪০৫৩.০০	৪০৫৩.০০	৩৭৭৬.৮৭	২৭৬.১৩
২০১১-২০১২	১২১৭৫.৭৬	১২২৫৫.০০	১২২৫৫.০০	১২১৭৩.৫১	৮১.৪৯
২০১২-২০১৩	২৪৭০.৫৫	২৪৭৩.০০	২৪৭৩.০০	২৪৭০.৫৫	৩.৫৫
২০১৩-২০১৪	৩৪৮১.৫৯	৩৫০০.০০	৩৫০০.০০	৩৪৮১.২১	১৮.৭৯
২০১৪-২০১৫	৪৫৫৮.৪৭	৪০৭৫.০০	৪০৭৫.০০	৪০০১.৩৮	৭৩.৬২
২০১৫-২০১৬	৩১২৩.৯০	৩১০০.০০	৩০৯৫.০০	৩০৯২.৬০	২.৪০
২০১৬-২০১৭	২১৩৬.৯৬	২২০১.০০	২২০১.০০	২০৪৩.৪০	১৫৭.৬০
২০১৭-২০১৮	৬৩৪.৬৫	৯৩১.০০	৯৩১.০০	৭৩৪.৭৩	১৯৬.২৭
মোট:	**৩২৫৫৮.৭৬**	**৩২৭৮৮.০০**	**৩২৭৮৩.০০**	**৩১৯৭৪.২৫**	**৮০৯.৮৫**

(লক্ষ টাকায়)

তথ্য সূত্র: পিসিআর অনুযায়ী

১৩। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :** অনুমোদিত প্রকল্পটির শুরু থেকে শেষ পর্যন্ত প্রকল্প পরিচালকের দায়িত্বে (প্রেষণে) থাকা কর্মকর্তাদের নাম ও পদবী, যোগদানের তারিখ ও বদলীর তারিখ নিম্নে দেওয়া হলো:

প্রকল্প পরিচালক	মূল দপ্তর ও পদবি	দায়িত্বকাল	দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত)
ড. তপন কুমার দে	বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল	০৩/১২/২০০৯ থেকে ৩০/১২/২০১৫	অতিরিক্ত দায়িত্ব
জনাব আবু নাসের খান	বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল	৩০/১২/২০১৫ থেকে ১৮/০১/২০১৬	অতিরিক্ত দায়িত্ব
জনাব অসিত রঞ্জন পাল	বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল	১৮/০১/২০১৬ থেকে ০২/০১/২০১৭	অতিরিক্ত দায়িত্ব
জনাব মোঃ জাহিদুল কবির	বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল	০২/০১/২০১৭ থেকে ১৩/০৩/২০১৭	অতিরিক্ত দায়িত্ব
জনাব মোঃ সামসুল আজম	বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল	১৩/০৩/২০১৭ থেকে ৩০/০৬/২০১৮	অতিরিক্ত দায়িত্ব

মোঃ জাহিদুল কবির	বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল	০১/০৭/২০১৮ থেকে অদ্যাবধি	অতিরিক্ত দায়িত্ব

১৪। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

	পরিকল্পিত উদ্দেশ্য		অর্জিত ফলাফল
(ক)	শালবনের বন্যপ্রাণী ও উদ্ভিদ বৈচিত্র সংরক্ষণ;	(ক)	শালবনের বন্যপ্রাণী ও উদ্ভিদ বৈচিত্র সংরক্ষণ করা হয়েছে;
(খ)	বাংলাদেশের বিরল ও বিলুপ্তপ্রায় বন্যপ্রাণীকে নিজ আবাসস্থলে (in situ) সংরক্ষণের সম্পূরক হিসেবে আবসস্থলের বাহিরে (ex situ) সংরক্ষণে/সহায়তা;	(খ)	বাংলাদেশের বিরল ও বিলুপ্তপ্রায় বন্যপ্রাণীকে নিজ আবাসস্থলে (in situ) সংরক্ষণের সম্পূরক হিসেবে আবসস্থলের বাহিরে (ex situ) সংরক্ষণে/সহায়তা প্রদান করা হয়েছে;
(গ)	চিত্তবিনোদন এবং দারিদ্র বিমোচনের জন্য ঢাকা মহানগরীর সন্নিকটে ইকো-ট্যুরিজম উন্নয়ন;	(গ)	চিত্তবিনোদন এবং দারিদ্র বিমোচনের জন্য ঢাকা মহানগরীর সন্নিকটে ইকো-ট্যুরিজম উন্নয়ন সাধিত হয়েছে;
(ঘ)	চিত্তবিনোদন, শিক্ষা ও বৈজ্ঞানিক গবেষণার সুযোগ সৃষ্টি;	(ঘ)	চিত্তবিনোদন, শিক্ষা ও বৈজ্ঞানিক গবেষণার সুযোগ সৃষ্টি হয়েছে;
(ঙ)	ফলজ, ফডার ও মিশ্র প্রজাতির বাগান সৃজনের মাধ্যমে বন্যপ্রাণীর আবাসস্থল পুনরুদ্ধার;	(ঙ)	ফলজ, ফিডার ও মিশ্র প্রজাতির বাগান সৃজনের মাধ্যমে বন্যপ্রাণীর আবাসস্থল পুনরুদ্ধার সম্ভব হয়েছে;
(চ)	শালবনে বিদ্যমান বিপন্ন ব ন্যপ্রাণীর নিরাপদ আবাসস্থল (habitat) সৃষ্টি;	(চ)	শালবনে বিদ্যমান বিপন্ন বন্যপ্রাণীর নিরাপদ আবাসস্থল (habitat) সৃষ্টি করা হয়েছে;
(ছ)	বিভিন্ন প্রকার স্তন্যপায়ী ও তৃণভোজী বন্যপ্রাণীর প্রাকৃতিক আবাসস্থল সংরক্ষণ ও বংশবৃদ্ধির সুযোগ সৃষ্টি;	(ছ)	বিভিন্ন প্রকার স্ত ন্যপায়ী ও তৃণভোজী বন্যপ্রাণীর প্রাকৃতিক আবাসস্থল সংরক্ষণ ও বংশবৃদ্ধির সুযোগ সৃষ্টি হয়েছে;
(জ)	পার্কে বিভিন্ন প্রকার জলজ পাখি ও বিপন্ন ও বিলুপ্তপ্রায় জলজ বন্যপ্রাণীর ex situ সংরক্ষণ;	(জ)	পার্কে বিভিন্ন প্রকার জলজ পাখি ও বিপন্ন ও বিলুপ্তপ্রায় জলজ বন্যপ্রাণীর ex situ সংরক্ষণ করা হয়েছে;
(ঝ)	আহত বন্যপ্রাণীর সেবার নিমিত্তে বন্যপ্রাণী উদ্ধার কেন্দ্র ও পশু হাসপাতাল স্থাপন; এবং	(ঝ)	আহত বন্যপ্রাণীর সেবার নিমিত্তে বন্যপ্রাণী উদ্ধার কেন্দ্র ও পশু হাসপাতাল স্থাপন করা হয়েছে; এবং
(ঞ)	বন্যপ্রাণী সংরক্ষণে ব্যাপক গণসচেনতা সৃষ্টি।	(ঞ)	বন্যপ্রাণী সংরক্ষণে ব্যাপক গণসচেনতা সৃষ্টি হয়েছে।

১৫। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ** প্রকল্পটির আওতায় অনুমোদিত বেশ কিছু অংগের বাস্তবায়ন কাজ অসমাপ্ত থাকায় উদ্দেশ্য অর্জন কিছুটা ব্যাহত হয়েছে।

১৬। **তথ্য-উপাত্ত বিশ্লেষণ এবং পর্যবেক্ষণের সার-সংক্ষেপ:**প্রকল্পের আওতায় পিক-আপ (সিংগেল কেবিন) ২টির পরিবর্তে ১টি ক্রয়, সাফারী মিনিবাস ৪টি পরিবর্তে ৫টি ক্রয়, বাস্তব কাজ না করে শতভাগ অগ্রগতি দেখানো, ৩য় শ্রেণীর কর্মচারীদের জন্য ৫০০ বর্গমিটারের পরিবর্তে ৩২০ বর্গমিটার (১৮০ ব:মি: কম) বাস্তবায়ন করা ও প্রতিটি ৮০ বর্গমিটারের বিপরীতে ৫৯ বর্গমিটার বিশিষ্ট ভবন নির্মাণ করা, ৪র্থ শ্রেণীর কর্মচারীদের জন্য ৪৮০ বর্গমিটারের বিপরীতে ৪০৮ বর্গমিটার (৭২ ব:মি: কম) বাস্তবায়ন করা ও প্রতিটি ৬০ বর্গমিটারের বিপরীতে ৫১ বর্গমিটার বিশিষ্ট ব্যারাক নির্মাণ করা, এইচবিবি সড়ক ৪০০০ মিটারের বিপরীতে

৩৩৪০ মিটার (৬৬০ ব:মি: কম) বাস্তবায়ন, এ্যাপ্রোচ সড়ক ৬০০০ মিটারের বিপরীতে ৫০২৫ মিটার (৯৭৫ মিটার কম) বাস্তবায়ন, একক প্যাকেজ অনুমোদনকারীর অনুমোদন এড়ানোর লক্ষ্যে প্যাকেজ বিভক্ত (**split up**) করে অসংখ্য ক্ষুদ্র ক্ষুদ্র চুক্তির মাধ্যমে বাস্তবায়ন, এয়ারকুলার ২০টির বিপরীতে ২৯টি ক্রয় (৯টি বেশী), অনুমোদিত কার্যাদেশ পত্রে বাস্তব কাজের পরিমাণ উল্লেখ না করা ইত্যাদি। উল্লিখিত বর্ণনার প্রায় সকল কার্যক্রমই প্রকল্পটির ৩য় সংশোধনীর পূর্বে সম্পন্ন করা হলেও সংশোধনকালে প্রকৃত তথ্য অনুমোদনকারী কর্তৃপক্ষের দৃষ্টিগোচর না করা। এ ধরনের অনিয়ম সংগঠিত হওয়ায় প্রকল্প **বাস্তবায়নে স্বচ্ছতা ও জবাবদিহিতার অভাব পরিলক্ষিত হয়েছে**

১৭। <u>সুপারিশ:</u>

১৭.১ কলাবাগান ও বাঁশ বাগান সৃজন এ দুটি অংগের বাস্তবায়ন না করা হলেও পিসিআর-এ বাস্তব ও আর্থিক অগ্রগতি শতভাগ দেখানো হয়েছে। বাস্তবায়ন কাজ না করে শতভাগ অগ্রগতি আরও কোন অংগে দেখানো হয়েছে কিনা সংশ্লিষ্ট মন্ত্রণালয় তা খতিয়ে দেখতে পারে (প্রতিবেদনের ক্রমিক নং-১১.১৯ এর 'গ');

১৬.২ অনুমোদিত সংস্থান অনুযায়ী ২টি পিক-আপ (সিংগেল কেবিন) ক্রয়ের বিপরীতে ১টি ক্রয় করা আবার ৪টি সাফারী মিনিবাস ক্রয়ের বিপরীতে ৫টি ক্রয় করা হয়েছে। প্রকল্পটির সর্বশেষ ৩য় সংশোধনীর পূর্বেই এ সকল যানবাহন ক্রয় করা হয়। অথচ ৩য় সংশোধনী অনুমোদনের সময় প্রকৃত তথ্য আড়াল করা হয়েছে। এ ধরনের কম/বেশী ক্রয়ের ক্ষেত্রে এক খাতের অর্থ অন্য খাতে ব্যয় করা হয়েছে কিনা সংশ্লিষ্ট মন্ত্রণালয় তা খতিয়ে দেখে প্রকৃত তথ্য-উপাত্ত আইএমই বিভাগ এবং পরিকল্পনা কমিশনে প্রেরণ নিশ্চিত করতে হবে (প্রতিবেদনের ক্রমিক নং-১১.৬);

১৭.৩ ৩য় শ্রেণীর কর্মচারীদের জন্য ডরমেটরীর পরিবর্তে ব্যারাক নির্মাণ কাজের জন্য কার্যাদেশ প্রদান করা, সংস্থানকৃত ৫০০ ব:মি: এর স্থলে ৩২০ ব:মি: নির্মাণ কাজ করা এবং প্রতিটি ভবন ৮০ বর্গমিটারের স্থলে প্রতিটি ৫৯ বর্গমিটার বিশিষ্ট ডরমেটরী ভবন নির্মাণ করা হয়েছে। **অন্যদিকে,** ৪র্থ শ্রেণীর কর্মচারীদের জন্য ৪৮০ বর্গমিটার (প্রতিটি ৬০ বর্গমিটার) ব্যারাক নির্মাণ কাজের বিপরীতে ৪০৮ ব:মি: ব্যারাক নির্মাণ করা, প্রতিটি ৬০ বর্গমিটারের স্থলে ৫১ বর্গমিটার বিশিষ্ট ব্যারাক নির্মাণ করা হয়েছে। এহেন অনিয়ম সংঘঠিত হওয়ার বিষয়টি খতিয়ে দেখে সংশ্লিষ্ট মন্ত্রণালয় দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে পারে (প্রতিবেদনের ক্রমিক নং-১১.১২ ও ১১.১৩);

১৭.৪ পরিকল্পিত লক্ষ্যমাত্রার বিপরীতে এইচবিবি সড়ক, এ্যাপ্রোচ সড়ক, পার্কিং এরিয়া, নিরাপত্তা সড়ক কম বাস্তবায়ন করা হলেও পিসিআর-এ প্রকৃত তথ্য প্রতিফলন করা হয়নি। এছাড়া সর্প পার্ক নির্মাণ কাজের বাস্তব অগ্রগতি প্রায় ৩৮%। পার্ক ভবনটির যতটুকু অংশ নির্মাণ হয়েছে সে বাবদ অর্থ ব্যয় করা হয়েছে ১১.৬৪ লক্ষ টাকা যা চুক্তিমূল্যের ৪৮%। এক্ষেত্রে, বাস্তব অগ্রগতির সাথে সমন্বয় রেখে অর্থ ব্যয় করা হয়েছে কিনা তা সংশ্লিষ্ট মন্ত্রণালয় ক্ষতিয়ে দেখতে পারে প্রকল্পের ভৌত অগ্রগতির সাথে সামঞ্জস্য রেখে অর্থ ব্যয় করা হয়েছে কি -না সংশ্লিষ্ট মন্ত্রণালয় তা খতিয়ে দেখে ব্যয়ের প্রকৃত চিত্র আইএমইডি 'তে প্রেরণ করতে হবে (প্রতিবেদনের ক্রমিক নং-১১.১, ১১.২, ১১.৩, ১১.৪, ১১.১৯);

১৭.৫ প্রকল্পের আওতায় সংস্থানকৃত ২০টি এয়ারকুলার ক্রয়ের বিপরীতে ২৯টি এয়ারকুলার ক্রয় করা হলেও পিসিআর-এ তা প্রতিফলন করা হয়নি। অতিরিক্ত এয়ারকুলার ক্রয়ের ক্ষেত্রে কি পরিমাণ অর্থ ব্যয় করা হয়েছে এবং কত টন ক্রয় করা হয়েছে তার প্রকৃত তথ্য আইএমইডিতে প্রদান করতে হবে। এছাড়া যে সকল এয়ারকুলার নষ্ট অবস্থায় রয়েছে তা মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে (প্রতিবেদনের ক্রমিক নং-১১.৭);

১৭.৬ প্রকল্পের আওতায় ক্রয়কৃত শর্টগান অন্যত্র প্রদান করার বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করা হয়েছে কিনা তা সংশ্লিষ্ট মন্ত্রণালয় খতিয়ে দেখতে পারে;

১৭.৭ একক প্যাকেজ বিভক্ত (split up) করে অসংখ্য ক্ষুদ্র ক্ষুদ্র চুক্তির মাধ্যমে বাস্তবায়ন করায় কাজের গুণগত মান বজায় রাখা সম্ভব হয়নি। সাফারী পার্কে একটি প্রকল্প চলমান রয়েছে। নির্মাণ কাজের গুণগতমান নিশ্চিতকরণ করতে চলমান প্রকল্পে যেন এ ধরনের ক্ষুদ্র ক্ষুদ্র চুক্তি সম্পাদনের মাধ্যমে বাস্তবায়ন কাজ না করা হয় সে বিষয়টি সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে নিশ্চিত করতে হবে;

১৭.৮ অনুমোদিত কার্যাদেশ পত্রে বাস্তব কাজের পরিমাণ উল্লেখ না থাকায় পরিদর্শনকৃত বেশিরভাগ অংগেরই প্রকৃত অগ্রগতি নির্ণয় করা সম্ভব হয়নি। ভবিষ্যতে, অনুমোদিত কার্যাদেশ পত্রে বাস্তব কাজের পরিমাণ নিশ্চিতকরণে প্রকল্প কর্তৃপক্ষকে

আরও যত্নবান হতে হবে (প্রতিবেদনের ক্রমিক নং-১১.১ হতে ১১.৮);

১৭.৯ পর্যটকদের পার্কের ভিতরে অনায়াসে বিভিন্ন বেষ্টনীতে বিচরণরত বাঘ, সিংহ, হাতী, জেব্রা, জিরাফ ও হরিণ ইত্যাদি বন্যপ্রাণী পর্যবেক্ষণ করার জন্য ৩০.০০ লক্ষ টাকা ব্যয়ে ২টি টাওয়ার নির্মাণ করা হয়েছে। টাওয়ার ২টি একেবারেই ব্যবহৃত হচ্ছে না মর্মে পরিদর্শন পর্যবেক্ষণে প্রতীয়মান হয়। এটি ব্যবহারে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে;

১৭.১০ জমি অধিগ্রহণসহ কতিপয় অংগের বাস্তব কাজ অসমাপ্ত থাকার বিষয়ে প্রকল্প কর্তৃপক্ষকে সুনির্দিষ্ট ও সন্তোষজনক ব্যাখ্যা প্রদান করতে হবে (প্রতিবেদনের ক্রমিক নং-৭);

১৭.১১ সাফারী পার্কটির মাস্টার প্ল্যান অদ্যাবধি অনুমোদন না হওয়ার বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে যথাযথ ব্যাখ্যা প্রদান করতে হবে (প্রতিবেদনের ক্রমিক নং-১১.১৭);

১৭.১২ নির্মিত ঝুলন্ত সেতুতে ব্যবহৃত নির্মাণ সামগ্রী নিম্নমানের দেখা গেছে। সেতুটির দুই প্রান্ত অত্যাধিক ক্ষতিগ্রস্থ হওয়ায় স্থাপনকৃত মূল সেতুতে ওঠা খুবই কষ্টসাধ্য। এছাড়া মূল সেতুর বেশ কয়েকটি স্থাপনকৃত কাঠ ভেঙ্গে যাওয়ায় উক্ত স্থানসমূহ ফাঁকা অবস্থায় রয়েছে। ফলে দর্শনার্থীগণ সেতুটি একেবারেই ব্যবহার করতে পারছেন না। সেতুটির ক্ষতিগ্রস্থ অংশ জরুরী মেরামত করে তা ব্যবহারের উপযোগি করতে প্রকল্প কর্তৃপক্ষকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;

১৭.১৩ নির্মিত তথ্য ও শিক্ষা কেন্দ্রটি পরিদর্শনকালে বন্ধ দেখা গেছে। ভবিষ্যতে নিয়মিত এটির ব্যবহার নিশ্চিতকরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে (প্রতিবেদনের ক্রমিক নং-১১.১৪);

১৭.১৪ চিলড্রেন কর্নার-এ যে সকল খেলনা সামগ্রি অকেজো হয়ে আছে তা মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৭.১৫ প্রকল্প পরিচালকের নিয়োগ ও বদলীর ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগ এর জারীকৃত স্মারক নং -১৩০ ও তারিখ: ২০/০৮/২০১৪ অনুসরণ করতে হবে। ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী সংশ্লিষ্ট মন্ত্রণালয় পরিহার করবে (প্রতিবেদনের ক্রমিক নং-১৩);

১৭.১৬ প্রকল্পের মেয়াদকালে বছরওয়ারী অব্যয়িত অর্থ (সর্বমোট ৮০৯.৮৫ লক্ষ টাকা) যথানিয়মে সরকারি কোষাগারে জমাদান সংক্রান্ত বার্ষিক রিকনসিলিয়েশন সংশ্লিষ্ট মন্ত্রণালয় নিশ্চিত করবে এবং আইএমইডিকে তা অবহিত করবে (প্রতিবেদনের ক্রমিক নং-১২);

১৭.১৭ প্রকল্পটি ৩ বার সংশোধন ও ২ বার আন্ত:খাত সমন্বয় করা হয়েছে। ফলে সময় বৃদ্ধির পাশাপাশি অস্বাভাবিক হারে ব্যয় বৃদ্ধি পেয়েছে। ভবিষ্যতে, চলমান অন্য কোন প্রকল্পে যেন এ ধরনের পুনরাবৃত্তি ঘটে সে বিষয়ে মন্ত্রণালয়কে আরও যত্নবান হতে হবে (প্রতিবেদনের ক্রমিক নং-৫);

১৭.১৮ পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী গঠিত কমিটি কর্তৃক যুক্তিযুক্তকৃত ব্যয়ের তথ্যাদির বিপরীতে প্রকল্প পরিচালক কর্তৃক যে তথ্যাদি সরবরাহ করা হয়েছে সে তথ্যে যথেষ্ট অসামঞ্জস্যতা রয়েছে মর্মে প্রতীয়মান হচ্ছে (প্রতিবেদনের ক্রমিক নং-১১.৯ এর 'ছ'); এবং

১৭.১৯ পরিদর্শন পর্যবেক্ষণ ও প্রাপ্ত তথ্য-উপাত্ত বিশ্লেষণে প্রতীয়মান হয় যে, অনুমোদিত পরিকল্পিত লক্ষ্যমাত্রার বিপরীতে পিসিআর-এ বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্যগত অসংগতি, কোন কোন অংগের শতভাগ অর্জন না হলেও তা শতভাগ দেখানো, পিসিআর প্রণয়নের ক্ষেত্রে অনুমোদিত ও নির্দিষ্ট ফরমেট অনুসরণ না করা, সর্বশেষ অনুমোদিত অংগসমূহের বিপরীতে বাস্তবায়ন অগ্রগতি শুন্য % হলেও পিসিআর-এ অর্জন শতভাগ দেখানো হয়েছে (প্রতিবেদনের ক্রমিক নং-১১.১৯ (ঙ)-এর তথ্য দেখা যেতে পারে)। ভবিষ্যতে সংশ্লিষ্ট মন্ত্রণালয় সমাপ্ত প্রকল্পের পিসিআর প্রেরণকালে সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য প্রতিফলন নিশ্চিত করবে;

বাঘ সংরক্ষণ প্রকল্প/বেঙ্গল টাইগার কনজারভেশন এক্টিভিটি' শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন ২০১৮)

প্রকল্পের মৌলিক তথ্য

১। প্রকল্পের নাম: বাঘ সংরক্ষণ প্রকল্প/বেঙ্গল টাইগার কনজারভেশন এক্টিভিটি শীর্ষক প্রকল্প।

২। অর্থায়নের উৎস: ইউএসএইড, যুক্তরাষ্ট্র ও জিওবি অর্থায়ন।

৩। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ: পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।

৩.১। বাস্তবায়নকারী সংস্থা: বন অধিদপ্তর এবং কো-পার্টনার হিসেবে: ওয়াইল্ড টীম।

৪। (ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল ও অনুমোদন সংক্রান্ত: (লক্ষ টাকায়)

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়				বাস্তবায়ন কাল	অনুমোদনের তারিখ ও পর্যায়	পরিবর্তন (মূল)	
	মোট	জিওবি	প্র:সা:	অন্যান্য			ব্যয় (%)	মেয়াদ(%)
মূল	১১২৩৬.১০	৮২১.৯৮	১০৪১৪.১১	-	জুলাই ২০১৪ হতে জুন ২০১৮	০৩.০৯.২০১৫	-	-
প্রকৃত	৮৮৫০.১৬	৭১৬.৯৮	৮০৮৮.১৮	-	জুলাই ২০১৪ হতে জুন ২০১৮	-	-	-

৫। প্রকল্প এলাকা:

বিভাগ	জেলা	উপজেলা	সিটি কর্পোরেশন/পৌরসভা
খুলনা ও বরিশাল	খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, বরগুনা, পিরোজপুর	দাকোপ, কয়রা, মংলা, মোড়েলগঞ্জ, শরণখোলা, শ্যামনগর, পাথারঘাটা, মঠবাড়িয়া	-

৬। প্রকল্পের উদ্দেশ্য: প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ নিম্নরূপ-

- ❖ গবেষণা, তথ্য ও জ্ঞান আদান প্রদানের মাধ্যমে বাঘ সংরক্ষণের জন্য বিদ্যমান ব্যবস্থাপনার উন্নয়ন ও আবাসস্থল ব্যবস্থাপনার উন্নয়ন।
- ❖ বর্তমানে ভিলেজ টাইগার রেসপন্স টিম (VTRT) ও ফরেস্ট টাইগার রেসপন্স টিম (FTRT) এর মাধ্যমে কমিউনিটি ভিত্তিক বাঘ শিকারের বিরুদ্ধে কার্যক্রম মডেল তৈরী।
- ❖ প্রশিক্ষণের মাধ্যমে বিভিন্ন অংশীজনের বাঘ ও বন্যপ্রাণী সংরক্ষণ বিষয়ে দক্ষতা বৃদ্ধি করা।
- ❖ বাঘ-মানুষের দ্বন্দ নিরসরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা।
- ❖ সুন্দরবন সংলগ্ন সাধারণ মানুষের মধ্যে বন্যপ্রাণী শিকার বিরোধী মনোভাব গড়ে তুলতে "সুন্দরবন মায়ের মতন " শ্লোগানকে ব্যপক প্রচার ও প্রসার করা।
- ❖ বাঘ সংরক্ষণে সামাজিক-রাজনৈতিক অংগীকার প্রতিষ্ঠার জন্য জাতীয় ও আন্তর্জাতিকভাবে প্রচারণা চালানো।
- ❖ সুন্দরবন নির্ভরশীল জনগোষ্ঠীর বিকল্প জীবিকায়নে সর্বোত্তম পন্থা উদ্ভাবন করা।

৭। প্রকল্পের প্রধান কার্যক্রম:

প্রধান প্রধান কার্যক্রম	একক/পরিমাণ/সংখ্যা
গবেষণা, তথ্য সংগ্রহ, ব্যবস্থাপনা, বিদ্যমান সমস্যা সমাধান, আয় বৃদ্ধি, বিপন্ন বন্যপ্রাণী উদ্ধার।	১৪টি গবেষণামূলক কার্যক্রম/সার্ভে পরিচালনা করা, ১০টি গবেষণামূলক প্রতিবেদন প্রকাশ।
আইন, বিধি প্রণয়ন ও প্রয়োগ, বন বিভাগের জনবল দক্ষতা বৃদ্ধি বিষয়ে প্রশিক্ষিত করা, আধুনিক প্রযুক্তি ব্যবহার, নিয়মিত ডাটা/তথ্য সংরক্ষণ, ভবিষ্যৎ তথ্য ভান্ডার তৈরি, বিভিন্ন ট্যুলস/ টেকনিক/কৌশল/পদ্ধতি ব্যবহারে দক্ষতা অর্জন।	৪৫০ জন ভিটিআরটি এবং বাঘবন্ধুকে প্রশিক্ষণ প্রদান। ১৪০০ বনজীবীকে প্রশিক্ষণ প্রদান।
বন্যপ্রাণী ও স্থানীয় জনগণের দ্বন্দ হ্রাস করা লক্ষ্যে সমস্যাগুলো চিহ্নিত করা, বন বিভাগ ও গ্রাম বাঘ কমিটিকে বিভিন্ন ধরনের সহায়তা, পরিবেশ বিপর্যয় সল্ট ওয়াটার ইস্যুতে বিভিন্ন প্রভাব চিহ্নিত করা।	১৩৯ টি টহল কার্যক্রম, ২৭৪ টি বণ্যপ্রাণী উদ্ধার এবং হস্তান্তর।
স্থানীয় সচেতনতা, রাজনৈতিক প্রতিশ্রুতি, মূল সমস্যা চিহ্নিত করা, তৃণমূল হতে বন সংরক্ষণের বিষয়ে সচেতন করা, পরিবেশ ও বাঘ বিষয়ে সচেতন করা।	১৭৪টি কমিউনিটি ক্যাম্প, ২৯টি পরিবেশ বিষয়ক অনুষ্ঠান, ১৮৮২টি গ্রাম্য দল গঠন, ৪টি শিক্ষাকেন্দ্র স্থাপন, ১টি টাইগার ক্যারাভান পরিচালনা এবং ২০০টি পথনাট্য উপস্থাপন।
বিকল্প টেকসই জীবীকার মাধ্যমে বন্যপ্রাণী ও বন ধ্বংস, ক্ষয় রোধ করে বাস্তুতন্ত্র রক্ষা করা।	৫০০ জন মহিলাকে প্রশিক্ষণ।

০৮। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: প্রাপ্ত পিসিআর এর তথ্য পর্যালোচনায় দেখা যায়, অঙ্গ ভিত্তিক লক্ষ্যমাত্রার বেশ কিছু অঙ্গের আর্থিক ও ভৌত অগ্রগতির তথ্য নেই। এ বিষয় জানতে চাওয়া হলে প্রকল্প দপ্তর ও ওয়াইল্ড টীম জানান যে, কিছু কিছু অঙ্গের প্রয়োজন না থাকায় এবং ডোনারের আগ্রহ না থাকায় সম্পদ সংগ্রহের কার্যক্রম সম্পন হয়নি। তবে এর ফরে উদ্দেশ্য অর্জন বিঘ্নিত হয়নি।

০৯। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (পর্যায়ক্রমে প্রকল্প শুরু হতে বর্তমান সময় পর্যন্ত):

প্রকল্প পরিচালক-এর নাম ও আইডি নং	মূল দপ্তর ও পদবী	দায়িত্বকাল (নিয়োগ হতে সর্বশেষ) তারখি পর্যন্ত	দায়িত্বের ধরন (নিয়মিত/ অতিরিক্ত)	একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্য	
				হ্যাঁ/না	সংখ্যা
মি. জহির উদ্দিন আহম্মেদ	বিভাগীয় বন সংরক্ষক খুলনা প্রকল্প পরিচালক	০৯/০৬/২০১৫ খ্রিঃ থেকে ২২/০২/২০১৭ খ্রিঃ	অতিরিক্ত	না	১
মো: আমির হোসেন চৌধুরি	বিভাগীয় বন সংরক্ষক খুলনা প্রকল্প পরিচালক	২২/০২/২০১৭ থেকে ৩০/০৬/২০১৮ খ্রিঃ	অতিরিক্ত	না	১

১০। মূল্যায়ন পদ্ধতি (Methodology): আলোচ্য প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি অনুসরণ করা হয়েছে;

- টিএপিপি পর্যালোচনা;
- মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
- পিসিআর পর্যালোচনা;

- কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;
- স্টিয়ারিং কমিটির কার্যবিবরণী পর্যালোচনা;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১১। পূর্ববর্তী পরিদর্শনকারীর নাম ও তারিখ প্রকল্পটি পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টক ৮ কর্তৃক জনাব মো: আজগর আলী, সহকারী পরিচালক কর্তৃক মাঠ পর্যায়ে কার্যক্রম পরিদর্শন করা হয় এবং পর্যবেক্ষণসহ সুপারিশ প্রদান করে সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিত করা র কথা। কিন্তু সুপারিশ বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত কোন তথ্য প্রেরণ করা হয়নি। প্রাপ্ত তথ্যের ভিত্তিতে নিম্ন ছকে সুপারিশ ও বাস্তবায়ন অগ্রগতির তথ্য উল্লেখ করা হয়েছে।

ইতোপূর্বে পরিদর্শনের আলোকে সুপারিশ	মাঠ পর্যায়ে পরিদর্শন ও প্রকল্প দপ্তর হতে প্রাপ্ত তথ্য
বাঘ ব্যবস্থাপনা পরিকল্পনা বাস্তবায়নে সুস্পষ্টভাবে বাঘের বিচরণ ক্ষেত্র চিহ্নিত করে স্থানীয় জনসাধারণকে অবহিত করতে হবে;	"ক্যামেরা ট্র্যাপিং" এর মাধ্যমে বাঘের বিচরণ চিহ্নিত করে সচেতনতা ও প্রশিক্ষণ কার্যক্রমের মধ্যমে অবহিত করা হয়েছে।
স্থানীয় জনগণের সাথে আলোচনাপূর্বক তাদের চাহিদার প্রেক্ষিতে বিকল্প জীবিকায়েনর উপকরণ নির্বাচন করাসহ তা প্রদানের পদ্ধতি নির্ধারণ করতে হবে;	টিএপিপিতে উল্লিখিত বিষয়ে বিকল্প জীবিকায়নের জন্য প্রশিক্ষণ প্রদান করা হয়।
বাঘের আবাসস্থল যাতে ক্ষতিগ্রস্থ না হয় এবং বাঘের অভয়ারণ্য এলাকায় প্রজণন যাতে বিঘ্নিত না হয় তা বিবেচনায় নিয়ে আধুনিক কার্যকরী টহল পরিচালনার জন্য বন বিভাগের স্টাফদের সামর্থ্য ও সক্ষমতা বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;	এ বিষয় বন বিভাগকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। বন বিভাগের স্টাফদের সামর্থ্য ও সক্ষমতা বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে আরও কা র্যক্রমের ব্যবস্থা গ্রহন করতে হবে;
বাঘের হটস্পট চিহ্নিতকরণ , বায়োডাইভারসিটি ফ্রেন্ডলী গাইডলাইন , কমিউনিটি বেজড রিসোর্স ম্যানেজমেন্ট প্ল্যান ইত্যাদি বিষয়ের উপর সর্বাধিক গুরুত্ব দিতে হবে;	সকল বিষয় বিবেচনা করে গবেষণা করা হয়েছে।
বাঘের জন্য নির্ধারিত এলাকায় পা হারা প্রদানের জন্য জি .পি.এস, রিসিভার, বাইনোকুলার, ইউনিফরম, লাইফ জ্যাকেট, ওয়ার্ম জ্যাকেট, ক্যামেরা, টর্চ লাইট, ব্যাটারী, মোবাইল ইত্যাদির প্রয়োজন রয়েছে। এ সকল আইটেমসমূহ প্রদান করে Smart Patrolling কার্যক্রম পরিচালনা করতে হবে;	প্রকল্পের সংস্থান অনুযায়ী করা হয়েছে।
সুন্দরবন থেকে সম্পদ আহরণ নির্ভর দরিদ্র জনগোষ্ঠীকে সুন্দরবন হতে মৎস , মধু এবং কাঠ আহরণ নির্ভর দরিদ্র জনগোষ্ঠীকে স্থায়ীভাবে পেশা ছেড়ে লাভজনক ও টেকসই অন্য জীবিকায়নে ধাবিত করতে হবে;	সুন্দরবনের পরিবেশ সংরক্ষণ করে যাতে দরিদ্র জনগোষ্ঠীকে সুন্দরবন হতে মৎস , মধু আহরণ করতে পারে তার দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। পাশাপাশি বিকল্প কাজের প্রশিক্ষণ প্রদান করা হয়।
প্রকল্প পরিচালক এবং Wild Team এর মধ্যে সমন্বয় নিশ্চিত করতে হবে;	করা হয়েছে।
প্রকল্প পরিচালককে প্রকল্প বাস্তবায়ন বিষয়ে অধিকতর ক্ষমতা প্রদানস হ তাঁর নিকট সংশ্লিষ্ট Wild Team এর জবাব দিহিতা নিশ্চিত করতে হবে;	করা হয়েছে।
সকল কাজ পরিকল্পনা মাফিক বাস্তবায়ন করার বিষয়ে পরীক্ষা -নিরীক্ষাপূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ, কাজের তালিকা (Work/Activity list) প্রণয়ন করতে হবে এবং সে মোতাবেক Work Breakdown Structure	করা হয়েছে বিধায় নির্ধারিত সময়ের মধ্যেই প্রকল্প সমাপ্ত করা সম্ভব হয়েছে।

ইতোপূর্বে পরিদর্শনের আলোকে সুপারিশ	মাঠ পর্যায়ে পরিদর্শন ও প্রকল্প দপ্তর হতে প্রাপ্ত তথ্য
(WBS) করে কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে;	
প্রকল্প এলাকায় প্রকল্প সংশ্লিষ্ট জনবলের অবস্থান নিশ্চিত করতে হবে এবং প্রকল্প পরিচালকের প্রয়োজনীয় নির্দেশনা মোতাবেক প্রতিটি কাজ তদারকি করতে হবে;	করা হয়েছে।
ডিপিপি মোতাবেক নিয়মিত প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা ও প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) সভা আয়োজন করতে হবে;	করা হয়নি।
প্রকল্পের উদ্দেশ্য সমূহ সঠিকভাবে অর্জন হচ্ছে কিনা ডিপিপিতে বর্ণিত Log frame, সময় এবং আর্থিক ব্যবস্থাপনাকে বিবেচনায় এনে (Time and Cost Management) বাস্তবভিত্তিক Work Plan ও Procurement Plan এর উপর ভিত্তি করে একটি Monitoring and Evaluation (M&E) frame work প্রস্তুত করতে হবে। সে মোতাবেক প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে কিনা তা নিশ্চিত করতে হবে;	প্রাপ্ত পিসিআর -এ উদ্দেশ্য আলোকে কার্যক্র ম অর্জন উল্লেখ করা হয়েছে। কিন্তু আউটকাম উল্লেখ করা হয়নি।
প্রকল্পের সুফল নিশ্চিত করার জন্য একটি পরিপূর্ণ Exit Plan প্রণয়নে এখন হতে সচেষ্ট হতে হবে।	প্রকল্পের আওতায় অর্জিত আউটকাম পরবর্তীতে বন বিভাগ তাদের নিয়মিত কাজের মাধ্যমে এ অভিজ্ঞতা , দক্ষতা ও জ্ঞান হিসেবর কাজে প্রয়োগ করবেন।
অনুচ্ছেদ ২২.১ থেকে ২২.১৫ এ উল্লিখিত পর্যবেক্ষণ /মতামতের আলোকে গৃহীত কার্যক্রম প্রশাসনিক মন্ত্রণালয় আগামী ০১ মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করবে।	প্রেরণ করা হয়নি।

প্রকল্পের আর্থিক অগ্রগতি সংক্রান্ত তথ্য:

১২। প্রাক্কলিত ব্যয়: (লক্ষ টাকায়)

বিবরণ	সর্বমোট	জিওবি টাকা	পি.এ	অন্যান্য	বাস্তব লক্ষ্যমাত্রা ও অর্জন (ক্রমোপুঞ্জিত %)
ক) (i) মূল	১১২৩৬.১০	৮২১.৯৮	১০৪১৪.১১	-	১০০%
খ) প্রকল্পের শুরু হতে সর্বশেষ জুন ২০১৯ পর্যন্ত অর্থছাড়া	৮৮৫০.১৬	৭১৬.৯৮	৮০৮৮.১৮	-	৭৯%
গ) প্রকল্পের শুরু হতে সর্বশেষ জুন ২০১৯ পর্যন্ত ক্রমোপুঞ্জিত ব্যয় / অগ্রগতি	৮৮৫০.১৬	৭১৬.৯৮	৮০৮৮.১৮	-	৭৮.৭৬%

১৩। অর্থ বছর ভিত্তিক ডিপিপি/আরডিপিপি সংস্থান এবং এডিপি/আরএডিপি বরাদ্দ, অর্থছাড় ও বাস্তবায়ন অবস্থা: (লক্ষ টাকা য়)

অর্থবছর	বরাদ্দ						অর্থছাড়	খরচ এবং বাস্তব অগ্রগতি			
	ডিপিপি / আরডিপিপিসংস্থান	এডিপি / আরএডিপি বরাদ্দ	জিওবি টাকা	পি.এ	অন্যান্য	বাস্তব %		সর্বমোট ব্যয়	জিওবি টাকা	পি. এ	বাস্তব %
১	**২**	**৩**	**৪**	**৫**	**৬**	**৭**	**৮**	**৯**	**১০**	**১১**	**১২**
২০১৪-১৫	৪৪০৯.১৯				-			৮৯১.৭৫	২৬৮.৮৪	৬০৪.৯০	-
২০১৫-১৬	৩২০৫.৬৪	২৭৯০.০০	৩০.০০	৩৭৬০.০০	-			২৫৬৮.১৬	১৮৮.২৯	২৩৭৯.৮৬	-
২০১৬-১৭	২৫২৫.৯৪	২০০০.০০	০.০০	২০০০.০০	-			২৯৮৫.৫৫	১৮৮.২৯	৭৯৭.২৬	-
২০১৭-১৮	১০৯৫.৩৩	৯৯৭.০০	৯৯৭.০০	৯৯৭.০০	-			১৪০৪.৬৯	৯৮.৫৫	১৩০৬.১৪৪	-
সর্বমোট	**১১২৩৬.১০**	**-**	**-**	**-**	**-**	**১০০ %**	**৮৮৫০.১৬**	**৮৮৫০.১৬**	**৭৬১.৯৮**	**৮০৮৮.১৮**	**-**

১৪। অঙ্গভিত্তিক আর্থিক লক্ষ্যমাত্রা ও অগ্রগতি: **(লক্ষ টাকায়)**

ক্র: নং:	অঙ্গের নাম	একক	সংশোধিত টিএপিপি'র লক্ষ্যমাত্রা		প্রকৃত অগ্রগতি		মন্তব্য অগ্রগতি %
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	
(ক) রাজস্ব ব্যয়							
১	কর্মকর্তাদের বেতন (ইন কাইন্ড)	জন/মাস	৫৬	৩৯.৮৯৯	৫৬	৩৯.৮৯৯	১০০%
২	কর্মচারীদের বেতন (ইন কাইন্ড)	জন/মাস	১১৭৭	৩৬৭.৬০৯	১১৭৭	৩৬৭.৬০৯	১০০%
৩	ভাতাদি (ইন কাইন্ড)	জন/মাস	১২৩৩	৩৫৪.৪৭৯	১২৩৩	৩৫৪.৪৭৯	১০০%
৪	**মোট ৪৫০০-৪৭০০**	**-**	**-**	**৭৬১.৯৮৭**	**-**	**৭৬১.৯৮৭**	**১০০%**
৪৮০০- সরবরাহ ও সেবা							
৫	ভ্রমণ ব্যয়	থোক	-	১৭৭.৬০২	-	১৮০.৬৬২	১০২%
৬	কন্টিজেন্ট ব্যয়	থোক	২১৫৭	১৯৫৫.৩৩৯	২১৫৭	২১৯০.৯৫৪	১১২%
৭	অফিস ভাড়া	থোক	১৯২	২৪০.৫৭৬	১৯২	২৪২.৪৭৯	১০১%

৮	সিডি/ভ্যাট	থোক	-	৬০.০০	-	-	-
৯	টেলিফোন/টেলিপ্রিন্টার	মাস	৯৬	২৬.৩৪৫	৯৬	১৩.৭৭১	৫২%
১০	টেলেক্স/ফ্যাক্স/ইন্টারনেট	মাস	৪৮	২২.২৪৯	৪৮	১৬.২৮৫	৭৩%
১১	বিদ্যুৎ	মাস	৪৮	৩০.৩০৭	৪৮	১৬.০৩৫	৫৩%
১২	জ্বালানী/গ্যাস	মাস	৪৮	৪৬.৬২৭	-	-	-
১৩	মুদ্রণ ও বাঁধাই	মাস	৪৮	২৮.৬১৯	৪৮	২.৭২০	১০%
১৪	স্টেশনারি, সিল ও স্ট্যাম্প	মাস	৪৮	৪৭.৩১৬	৪৮	২৫.৫৫৬	৫৪%
১৫	গবেষণা ব্যয়	প্যাকেজ	৭	৭০.৩৬০	৭	৩৭০.৪৩৭	৫২৬%
১৬	প্রচার ও বিজ্ঞাপন	মাস	৪৮	৫৬৬.৯২৬	৪৮	১৩.৬৪০	৩%
১৭	প্রশিক্ষণ ব্যয়	সেশন	৬২৪	৩০৫.১৫৪	৬২৪	১১৯.৬২৪	৩৯%
১৮	সেমিনার, কনফারেন্স, ওয়ার্কশপ ব্যয়	থোক	১৯	২০৩.৭৩০	১৯	১৭৫.৮৬৭	৮৬%
১৯	পুরস্কার	-	১৫	২৮.১৩০	-	-	-
২০	পরামর্শক	জন/মাস	৬৬৩	২১৪৮.৮৮৫	৬৬৩	১,০৫৫.৯৯৪	৫০%
২১	পরামর্শক ভাতাদি	মাস	৪৮	১১৮.০২৭	৪৮	১৩৭.২২৪	১১৬%
২২	আইনী ভাতা	মাস	৪৮	২০.২০৫	৪৮	২১.৭২০	১০৮%
২৩	সম্মানী ভাতা	থোক	-	২০.০০০	-	৪.৮৬১	২৪%
২৪	সার্ভে	প্যাকেজ	২২	২৯৩.৪৭০	২২	৫১৪.৭৬৭	১৭৫%
২৫	কমিটি মিটিং/কমিশন	থোক	-	৯৭.০৮০	-	৩.১২৫	৩%
২৬	অন্যান্য ব্যয়	প্যাকেজ	৮	২৫৪৭.২৮৬	৮	২,৫০৬.০৫৪	৯৮%
২৭	পার্টনার কন্ট্রিবিউশন (ইন কাইন্ড)	-	৬	৮৪৩.৬৮০	৬	৮৪৩.৬৮০	১০০%
-	**মোট ৪৮০০**	**-**	**-**	**৯৮৮৭.৯৮৫**	**-**	**৭৯৬০.৮৯৭**	**৮০%**
৪৯০০ মেরামত সংরক্ষণ ও পনর্বাসন							
২৮	মোটর যান	মাস	৪৮	৪৪.৮০০	৪৮	২.০২৬	৫%
২৯	কম্পিউটার এবং অফিস সরঞ্জাম	মাস	৪৮	৪.০৪১	৪৮	৪.৯০৯	১০১%
৩০	অফিস ভবন মেরামত	মাস	৪৮	৭.৩১০	৪৮	১.৮০০	২৫%
৩১	অন্যান্য মেরামত	থোক	-	২৪.০০০		২৪.৪৫১	১০১%
৩২	**মোট ৪৯০০**	**-**	**-**	**৮০.১৫০**	**-**	**৩৩.১৮৬**	**৪১%**

-	**মোট রাজস্ব ব্যয়:**	-	-	**১০৭৩০.১২২**	-	**৮৭৫৬.০৭০**	**৮২%**
৬৮০০ সম্পদ সংগ্রহ ও ক্রয়							
৩৩	পিকআপ ভ্যান	সংখ্যা	১	৩১.৭২০	-	-	-
৩৪	মোটর সাইকেল	সংখ্যা	৪	৪.৭৫৮	-	-	-
৩৫	জলযান	সংখ্যা	৬	২১৮.০০০	-	-	-
৩৬	সেল ফোন	সংখ্যা	৫	০.০৯৯	-	-	-
৩৭	ডেস্কটপ কম্পিউটার	সংখ্যা	১৫	৭.২২৮	১৫	৪.৯৭৮	৬৬%
৩৮	ল্যাপটপ কম্পিউটার	সংখ্যা	১৫	৭.৭৭৫	২৪	১২.৩৩৭	১৫৮%
৩৯	ইন্টারনেট মডেম	সংখ্যা	১৯	০.৩৪৮	-	-	-
৪০	স্যাটালাইট ফোন	সংখ্যা	১০	৮.০০০	-	-	-
৪১	কম্পিউটার সফটওয়্যার	থোক	-	২.৭২৫	-	-	-
৪২	স্ক্যানার	সংখ্যা	৪	০.৪০০	৪	০.২৩৮	৬০%
৪৩	প্রিন্টার	সংখ্যা	৪	০.৮৭২	৪	১.৪৪০	১৬৫%
৪৪	ফটোকপিয়ার	সংখ্যা	২	২.৬১৭	২	২.৬১৭	১০০%
৪৫	অফিস ডেস্ক ও চেয়ার	সংখ্যা	২০	৩.৬৪৮	২০	২.৪৮১	৬৮%
৪৬	কেবিনেট	সংখ্যা	২	২.৯২২	-	-	-
৪৭	আসবাবপত্র	থোক	-	৬২.৮০৩	-	৬৪.২৯৬	১০২%
৪৮	জিপিএস ইউনিট	সংখ্যা	৪৪	২২.৬৮০	৪৪	-	-
৪৯	ওয়াকি টকি	সংখ্যা	৮	০.৪১২	৮	-	-
৫০	জিআইএস ল্যাব উন্নয়ন	প্যাকেজ	৩	১৫.০৬০	৩	-	-
৫১	চশমা	সংখ্যা	২	০.৪৭৬	২	-	-
৫২	রেঞ্জ ফাইন্ডার	সংখ্যা	২	০.৭৪৫	২	-	-
৫৩	এসি	সংখ্যা	৬	৫.৭১০	৬	৫.৭১০	১০০%
৫৪	বাঘ মনিটরিং	সংখ্যা	২	৭০.০০০	২	-	-
-	**মোট৬৮০০**	-	-	**৪৬৮.৯৯৮**	-	**৯৪.০৯৭**	**২১%**
৭০০০ নির্মাণ ও পূর্ত							
৫৫	সুন্দরবন রিসার্চ স্টেশন উন্নয়ন	১	-	৩৬.৯৮০	-	-	-

-	মোট ৭০০০	-	-	৩৬.৯৮০	-	-	-
-	**(খ) মোট মূলধন**	**-**	**-**	**৫০৫.৯৭৮**	**-**	**৯৪.০৯৭**	**১৯%**
-	**মোট প্রকল্প ব্যয় (ক+খ)**	**-**	**-**	**১১২৩৬.১০০**	**-**	**৮৮৫০.১৬৭**	**৭৯%**

পর্যবেক্ষণ: প্রকল্পটি প্রাক্কলিত ১১২৩৬.১০ লক্ষ টাকা ব্যয় অনুমোদিত। যার মধ্যে রাজস্ব খাতে ১০,৭৩০.১২ লক্ষ টাকা ও মুলধন খাতে ৫০৫.৯৭ লক্ষ টাকার সংস্থা রয়েছে। ৩০ জুন ২০১৮ পর্যন্ত অঙ্গ ভিত্তিক ব্যয় তথ্য পর্যালোচনায় দেখা যায়, রাজস্ব খাতে উল্লিখিত অঙ্গে মোট লক্ষ্যমাত্রার বিপরীতে ব্যয় হয়েছে ৮৭৫৬.০৭ (৮২%)। অব্যয়িত ১৩৪.৫৭ লক্ষ টাকা এবং ছকে উল্লিখিত বর্ণনা মতে কিছু কিছু অঙ্গে লক্ষ্যমাত্রার চেয়ে কম বয়্যের ফলে প্রায় ২০% টাকা প্রয়োজন হয়নি। প্রচার ও বিজ্ঞাপন খাতে সংস্থান ৫৬৬.৯২ লক্ষ টাকার বিপরীতে ব্যয় ১৩.৬৪ লক্ষ (৩%)। পিসিআর এ প্রাপ্ত তথ্য মতে, রাজস্ব অঙ্গের ৯টি অঙ্গে সংস্থানের অতিরিক্ত ব্যয় করা হয়েছে।

মূলধন খাতে উল্লিখিত অঙ্গে মোট লক্ষ্যমাত্রার বিপরীতে ব্যয় হয়েছে ৯৪.০৯ (১৯%)। পিসিআর এ উল্লিখিত তথ্য মতে ১৩টি অঙ্গের অর্থ ব্যয় করা হয়নি। ৩টি অঙ্গে লক্ষ্যমাত্রার থেকে বেশি ব্যয় করা হয়েছে।

অনুমোদিত প্রকল্প দলিল এর ব্যত্যয় ঘটিয়ে রাজস্ব ও মূলধন খাতে নির্দিষ্ট অঙ্গের বিপরীতে অতিরিক্ত ব্যয় করা হয়। উল্লেখ্য যে, অনুমোদিত অঙ্গের সংস্থানের বিপরীতে যৌক্তিকতার ভিত্তিকে বেশি ব্যয়ের প্রয়োজন হলে, সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি পরিপত্র অনুযায়ী আন্ত:খাত সমন্বয় করার বিধান থাকলেও এক্ষেত্রে তা করা হয়নি।

১৫। কম্পোনেন্ট ও সাব-কম্পোনেন্ট ভিত্তিক কার্যক্রমের বর্ণনা:

কম্পোনেন্ট	সাব-কম্পোনেন্ট	কার্যক্রম/অর্জন
(১) জ্ঞান বৃদ্ধি/অর্জন	গবেষণা, তথ্য সংগ্রহ, ব্যবস্থাপনা, বিদ্যমান সমস্যা সমাধান, আয় বৃদ্ধি, বিপন্ন বন্যপ্রাণী উদ্ধার	১.১। সুন্দরবনের বাঘ এবং বাঘের আবাসস্থল সংরক্ষণের জন্য তথ্য বিবরণী তৈরি করা হয়েছে।
		১.২। "খাল সার্ভে" এবং "ক্যামেরা ট্র্যাপিং" এর মাধ্যমে বাঘ এবং বাঘের খাবারের প্রাচুর্যতা পর্যবেক্ষণ করা হয়েছে।
		১.৩। সুন্দরবনের ইকোসিস্টেম এবং এই ইকোসিস্টেম বিপর্যয়ের হুমকিসমূহ বিভিন্ন গবেষণামূলক কাজের মাধ্যমে জানা যায়। সুন্দরবনের ভিতরে ও এর চারপাশে ১৪টি গবেষণামূলক কার্যক্রম পরিচালনা করা হয়েছে।
		১.৪। বাঘ সংরক্ষণের জন্য বনের আশেপাশের মানুষদের বিভিন্ন প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি করা হয়েছে।
(২) বন্যপ্রাণী অবৈধভাবে পাচার হ্রাস	আইন, বিধি প্রণয়ন ও প্রয়োগ, বন বিভাগের জনবল দক্ষতা বৃদ্ধি বিষয়ে প্রশিক্ষিত করা, আধুনিক প্রযুক্তি ব্যবহার, নিয়মিত ডাটা/তথ্য সংরক্ষণ, ভবিষ্যৎ তথ্য ভান্ডা তৈরি, বিভিন্ন ট্যুলস/ টেকনিক/কৌশল/পদ্ধতি ব্যবহারে দক্ষতা অর্জন	২.১। জাতীয় এবং আন্তর্জাতিক সংস্থাগুলোর সাথে একত্রিত হয়ে বন্যপ্রাণী অপরাধ পর্যালোচনা করে বন্যপ্রাণী অপরাধ বন্ধের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।
		২.২। অভিজ্ঞ সহকর্মীদের সাহায্যে Spatial Monitoring and Reporting Tool (SMRT) পর্যালোচনা করা হয়েছে।
		২.৩। ভিটিআরটি এবং এফটিআরটি এর দক্ষতা বৃদ্ধির মাধ্যমে সাধারণ পর্যায়ে আইনের প্রয়োগ শক্তিশালী করা হয়েছে।
		২.৪। গ্রামে টহল দেওয়া, অপরাধের তথ্য সংগ্রহ করা এবং বন বিভাগের সাথে কাজ করার জন্য সিপিজি গঠন করা হয়েছে।

(৩) বন্যপ্রাণী ও স্থানীয় জনগণের দ্বন্দ হ্রাস করা	সমস্যা চিহ্নিত করা, বন বিভাগ ও গ্রাম বাঘ কমিটিকে বিভিন্ন ধরনের সহায়তা, পরিবেশ বিপর্যয় সল্ট ওয়াটার ইস্যুতে বিভিন্ন প্রভাব চিহ্নিত করা	৩.১। কার্যকরী প্রশিক্ষণের মাধ্যমে ভিটিআরটি এবং বনজ সম্পদ আহরণকারীদের বন্যপ্রাণী সংরক্ষণের দক্ষতা বৃদ্ধি পেয়েছে।
		৩.২। প্রথমবারের মতো মহিলাদের ভিটিআরটিতে যোগদান করানো হয়।
		৩.৩। জনসাধারণকে প্রয়োজনীয় সরঞ্জামাদি প্রদান করা হয়েছে।
		৩.৪। ২০১৭ মাননীয় প্রধানমন্ত্রী ভিটিআরটি কে “বঙ্গবন্ধু এওয়ার্ড ফর ওয়াইল্ডলাইফ কনজারভেশন ২০১৭” পদক প্রদান করেন।
(৪) যোগাযোগ উন্নয়ন করা, প্রচার ও জনগণের সম্পৃক্ততা বৃদ্ধি	স্থানীয় সচেতনতা, রাজনৈতিক প্রতিশ্রুতি, মূল সমস্যা চিহ্নিত করা, তৃণমূল হতে বন সংরক্ষণের বিষয়ে সচেতন করা, পরিবেশ ও বাঘ বিষয়ে সচেতন করা	৪.১। বাঘ প্রকল্প সফলভাবে “সুন্দরবন মায়ের মতো” ক্যাম্পেইন পরিচালনা করে যার মাধ্যমে মানুষ সুন্দরবন রক্ষায় প্রতিশ্রুতিবদ্ধ হয়।
		৪.২। বাঘবন্ধু এবং টাইগার স্কাউট গঠন করা হয় যার মাধ্যমে ২৮.৩% থেকে ৮২.৪% ইতিবাচক ধারণা বৃদ্ধি পেয়েছে।
		৪.৩। সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সুন্দরবনের আদলে “টাইগার ক্যারাভান” তৈরি করা হয় যা সারা বাংলাদেশে ভ্রমণ করে। মাননীয় প্রধানমন্ত্রী ২৬ মার্চ ২০১৬ এ মহান স্বাধীনতা দিবস উদ্যাপনকালে এই টাইগার ক্যারাভানটি প্রদর্শন করেন এবং #iStand For Tigers এ যুক্ত হন।
(৫) জীবিকার জন্য বন্যপ্রাণী সংরক্ষণ	বিকল্প টেকসই জীবিকার মাধ্যমে বন্যপ্রাণী ও বন ধ্বংস, ক্ষয় রোধ করে বাস্তুতন্ত্র রক্ষা করা	প্রায় ৫০০ জন মহিলা জীবিকা নির্বাহের প্রশিক্ষণপ্রাপ্ত হয় এবং ৩২৯ জন বিকল্প জীবিকায়নের সাথে যুক্ত হয়। এতে তাদের আয় বৃদ্ধি পেয়েছে।

১৬। প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য বিশ্লেষণ:

ক। বিদেশ/ফরেন:

প্রশিক্ষণের নাম	অংশগ্রহণকারীর সংখ্যা	অংশগ্রহণকারীর ফিডব্যাক	বিশ্লেষণ
জিআইএস ফর কনজারভেশন প্রশিক্ষণ	৮	এই প্রশিক্ষণের মাধ্যমে তারা সুন্দরবন এবং তার আশেপাশে গ্রামে ম্যাপিং করতে পেরেছে।	এই ম্যাপিং এর মাধ্যমে সুন্দরবনের ইকোসিস্টেম ও এর আশেপাশে বর্তমান অবস্থা সম্পর্কে ধারণা পাওয়া যায়।
আইসিআইটিএপি ইনভেস্টিগেশন এন্ড ইন্টারভিউইং প্রশিক্ষণ	১৫	অপরাধী ধরা এবং জবাবদিহি করার কৌশল জানতে পেরেছে।	বন্যপ্রাণী অপরাধমূলক কর্মকান্ডের হ্রাস ঘটানো সম্ভব হচ্ছে।
এক্সপোজার ভিজিট	১৫	বিদেশে বন সংরক্ষণের জন্য বিভিন্ন কার্যকরী পদক্ষেপের ব্যাপারে জানতে পেরেছে।	এই ধরনের ভ্রমণের মাধ্যমে দুই দেশের মাধ্যমে তথ্য আদান প্রদান হয় যা বিশ্বব্যাপী পরিবেশ সংরক্ষণের জন্য সহায়ক হচ্ছে।
ওয়াইল্ডলাইফ রেসকিউ এন্ড হ্যান্ডেলিং প্রশিক্ষণ	১০	নিরাপদে বন্যপ্রাণী উদ্ধার করতে পেরেছে এবং বনে ছেড়ে আসতে সক্ষম হয়েছে।	গ্রামে প্রবেশ করা বন্যপ্রাণী হত্যা করার প্রবণতা হ্রাস করা হচ্ছে।

খ। লোকাল/স্থানীয়:

প্রশিক্ষণের নাম	অংশগ্রহণকারীর সংখ্যা	অংশগ্রহণকারীর ফিডব্যাক	বিশ্লেষণ
বন্যপ্রাণী অপরাধ বিশ্লেষণের জন্য উন্নত প্রশিক্ষণ	৮৪	অপরাধ ঘটার কারণ এবং অপরাধী ধরার কৌশল সম্পর্কে জানতে পেরেছে।	বন্যপ্রাণী অপরাধ সংখ্যা কমিয়ে আনা সম্ভব হচ্ছে।
বন্যপ্রাণী গবেষণার পরিকল্পনা এবং তথ্য বিবরণী বিশ্লেষণের জন্য জীব পরিসংখ্যান এবং বুট ক্যাম্প	১৩	বৈজ্ঞানিক ও উন্নত উপায়ে তথ্য সংগ্রহ করতে পেরেছে।	এসকল নির্ভরযোগ্য তথ্য বিবরণী থেকে উন্নত গবেষণা করা সম্ভব।
ক্রিমিনাল নেটওয়ার্ক এনালাইসিস প্রশিক্ষণ	২	অপরাধ সংঘটনের স্থানসমূহ এবং অপরাধী চক্রের কার্যক্রমের কৌশল জানতে পেরেছে।	অপরাধী চক্র সনাক্ত করা সম্ভব হচ্ছে।
প্রাথমিক চিকিৎসার প্রশিক্ষণ	১৮	আহত জনগণকে প্রাথমিক চিকিৎসা প্রদান করতে পেরেছে।	এতে মানুষের হতাহত এবং গুরুতর আহতের সংখ্যা কমে এসেছে।
পেট্রোলিং টেকনিকস এন্ড ডাটাবেস ম্যানেজন্টে প্রশিক্ষণ	৩০	সুন্দরবন রিজাভ ফরেস্ট এ সুরক্ষা আরো শক্তিশালী করতে পেরেছে।	সুরক্ষা শক্তিশালী করার মাধ্যমে বন সংরক্ষণ আরো জোরদার করা সম্ভব হচ্ছে।
ক্যামেরা ট্র্যা পিং এবং খাল সার্ভে প্রশিক্ষণ	১৮	এই প্রশিক্ষণের মাধ্যমে বাঘ এবং বাঘের খাবারের প্রাচুর্যতা সম্পর্কে তথ্য সংগ্রহ করতে পেরেছে।	এসকল তথ্যের আলোকে বাঘ সংরক্ষণের জরুরি পদক্ষেপগুলো নেয়া সম্ভব হচ্ছে।
“আর’ সফটওয়্যার এর মাধ্যমে “সিমুলেশন এবং মডেলিং” প্রশিক্ষণ	৫	আধুনিক ও কার্যকর উপায়ে দ্রুত তথ্য বিশ্লেষণ করতে পেরেছে।	এসকল তথ্য বিশ্লেষণের মাধ্যমে গবেষণা কাজ পরিচালনা করা সহজ হচ্ছে।
ইউএসএআইডি এর স্মার্ট টহল প্রশিক্ষণ	২৫	আধুনিক প্রক্রিয়ার মাধ্যমে কৌশলগত উপায় অবলম্বন করে টহল কার্যক্রম পরিচালনা করতে পারছে।	টহল প্রক্রিয়ার কার্যক্রম উন্নত করার মাধ্যমে বন সংরক্ষন জোরদার হচ্ছে।
বন্যপ্রাণী পর্যবেক্ষণ এবং গবেষণার প্রশিক্ষণ	১৫	এধরনের প্রশিক্ষণের মাধ্যমে বন্যপ্রাণীর আবাস, অভিযোজন ক্ষমতা ও এদের গতিবিধির ব্যাপারে গবেষণামূলক কার্যক্রম পরিচালনা করতে পারছে।	বনপ্রাণী ও বনের ইকোসিস্টেম এর ব্যাপারে জানা সম্ভব হচ্ছে।
স্বেচ্ছাসেবীমূলক কাজ এবং আইন প্রয়োগের উপর বাঘবন্ধুদের প্রশিক্ষণ	৬৪	বন্যপ্রাণী আইন ও এর প্রয়োগের ব্যাপারে জানতে পেরেছে।	আইনের প্রয়োগের ফলে অপরাধ কমানো সম্ভব হচ্ছে।
এফটিআরটিদের প্রশিক্ষণ	১০২৮	বনের ভিতরে আহত লোকদের উদ্ধার এবং নিরাপদ থাকার কৌশল জানতে পেরেছেন	এর ফলে নিজেদের নিরাপদ রেখে আহত জনগনকে দ্রুত উদ্ধার করতে পারছেন।

ভিটিআরটিদের দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ	৬০১	গ্রামে বন্যপ্রাণী প্রবেশ করলে বা আক্রমন করলে কি কি পদক্ষেপ নিবে তা জানতে পেরেছে।	এর ফলে মানুষ দ্বারা বন্যপ্রাণী হত্যার হার কমানো সম্ভব হচ্ছে।
নিরাপদ মাছ শিকার প্রশিক্ষণ	৮৫২	মাছের প্রজনন মৌসুম ও সুন্দরবনের মধ্যে ব্যবহার নিষিদ্ধ জাল সম্পর্কে জানতে পেরেছে।	বনজীবীদের টেকসই উপায়ে বনজ সম্পদ আহরণে উৎসাহিত করা ও বনের মধ্যে সম্পদ আহরণের সময় হতাহতের সংখ্যা কমিয়ে আনা সম্ভব হয়েছে। বনজ সম্পদ আহরণকারীদের মধ্যে বন্যপ্রাণী আইন ও ক্ষতিপূরণ নীতিমালার জ্ঞান বৃদ্ধি পেয়েছে।
নিরাপদ মধু সংগ্রহ প্রশিক্ষণ	৪৮৯	সম্পূর্ণ মৌচাক না কেটে শুধুমাত্র মধুযুক্ত স্থানটি কাটার উপকারিতা সম্পর্কে জানতে পেরেছি	বনজীবীদের টেকসই উপায়ে বনজ সম্পদ আহরণে উৎসাহিত করা ও বনের মধ্যে সম্পদ আহরণের সময় হতাহতের সংখ্যা কমিয়ে আনা সম্ভব হয়েছে। বনজ সম্পদ আহরণকারীদের মধ্যে বন্যপ্রাণী আইন ও ক্ষতিপূরণ নীতিমালার জ্ঞান বৃদ্ধি পেয়েছে।
হ্যান্ডিক্যাপ প্রশিক্ষণ	৪১৯	নতুন ধরনের প্রশিক্ষণ পেয়ে আমরা খুশি। তবে এই ধরনের প্রশিক্ষণের জন্য দীর্ঘ সময় ব্যয় করতে গেলে পরিবারের অন্য কাজ করা সম্ভব হয় না। কিন্তু সে অনুযায়ী ট্রেনিং সম্মানী কম। এছাড়া প্রথম দিকে কাজের অর্ডার বেশি থাকলেও দিনে দিনে তা কমে গিয়েছে	সমাজ, তাদের মূল্যবোধ, সংস্কৃতি এবং বাজারের যোগসূত্র বিবেচনা করে জীবিকার কার্যক্রম বাস্তবসম্মত হওয়া উচিত। এছাড়াও, জীবিকার কার্যক্রম শুরু করার আগে একটি সামগ্রিক মূল্যায়ন প্রয়োজন। যথাযথ প্রশিক্ষণ, সুবিধাভোগী নির্বাচন, কাঁচামাল সরবরাহ এবং বাজার সংযোগ নিশ্চিত করতে হবে।
টাইগার স্কাউট ক্যাম্প	৩৯	ক্যাম্পে টাইগার স্কাউটদের দক্ষতা বৃদ্ধি করতে বিভিন্ন বিষয়ের উপর প্রশিক্ষিত করা হয়েছে যার মধ্যে ছিল-সুন্দরবন ও এর জীব বৈচিত্র্য, মানুষ-বাঘের দ্বন্দ আচরণ পরিবর্তন, পাবলিক ¯স্পিকিং ইত্যাদি যা টাইগার স্কাউট হিসেবে কাজ করার জন্য খুবই গুরুত্বপূর্ণ	টাইগার স্কাউটসুন্দরবনের নিকটবর্তী স্কুলসমূহের ছাত্র-ছাত্রীদের প্রত্যক্ষ অংশগ্রহণে গঠিত একটি স্বেচ্ছাসেবী দল যারা তাদের নিজ স্কুল ও এলাকায় বাঘ সংরক্ষণের দূত হিসেবে কাজ করে যাচ্ছে। তাই তাদের দক্ষতা বৃদ্ধি করার জন্য ক্যাম্প খুবই গুরুত্বপূর্ণ ভুমিকা রেখেছে।
নিরাপদে বনে কাজ করা প্রশিক্ষণ	১০২৮	প্রাথমিক চিকিৎসার ও বনে কাজ করার সময় কি কি সতর্কতা মেনে চলতে হবে সে সম্পর্কে জানতে পেরেছি	বনজীবীদের টেকসই উপায়ে বনজ সম্পদ আহরণে উৎসাহিত করা ও বনের মধ্যে সম্পদ আহরণের সময় হতাহতের সংখ্যা কমিয়ে আনা

			সম্ভব হয়েছে। বনজ সম্পদ আহরণকারীদের মধ্যে বন্যপ্রাণী আইন ও ক্ষতিপূরণ নীতিমালার জ্ঞান বৃদ্ধি পেয়েছে।

১৭। প্রকল্প গ্রহণের উদ্দেশ্য এবং এর বিপরীতে অর্জন সংক্রান্ত তথ্য

ডিপিপি অনুযায়ী লক্ষ্য ও উদ্দেশ্য	উদ্দেশ্যকে লিংক করে গৃহীত কার্যক্রম	আইএমইডি'র পর্যবেক্ষণ
গবেষণা, তথ্য ও জ্ঞান আদান প্রদানের মাধ্যমে বাঘ সংরক্ষণের জন্য বিদ্যমান ব্যবস্থাপনার উন্নয়ন ও আবাসস্থল ব্যবস্থাপনার উন্নয়ন	২০১৭ সালে ক্যামেরা ট্র্যাপিং এবং ২০১৭-২০১৮ সালে খাল সার্ভেসহ মোট ১৪টি গবেষণামূলক কার্যক্রম/সার্ভে পরিচালনা করা হয়েছে। ১০টি গবেষণামূলক প্রতিবেদন প্রকাশিত হয়েছে	গবেষণায় প্রাপ্ত জ্ঞান কাজে লাগিয়ে সুন্দরবনের জীববৈচিত্র , ইকো-সিস্টেম ও ওয়াইল্ড লাইফ সংরক্ষণ টেকসই ব্যবস্থাপনা নিশ্চিত করা প্রয়োজন।
বর্তমানে ভিলেজ টাইগার রেসপন্স টিম (VTRT) ও ফরেস্ট টাইগার রেসপন্স টিম (FTRT) এর মাধ্যমে কমিউনিটি ভিত্তিক বাঘ শিকারের বিরুদ্ধে কার্যকর মডেল তৈরি	সিএমসি এবং বন বিভাগের সহায়তায় কমিউনিটি পেট্রোল গ্রুপ গঠন করা হয়েছে। ভিটিআরটিকে ২০১৭ সালে বাঘ সংরক্ষণে স্বেচ্ছাসেবীমূলক কাজ করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী "বঙ্গবন্ধু এওয়ার্ড ফর ওয়াইল্ডলাইফ কনজারভেশন ২০১৭" পদক প্রদান করেন	বাঘ বন্ধু টীম এর আইডিয়া /মডেলটি কার্যকর একটি মডেল। যা স্থানীয়দের অংশগ্রহণ নিশ্চিতের মাধ্যমে গ ড়ে উঠেছে। এ মডেলটি কার্যকর রাখতে বন বিভাগ কর্তৃক প্রয়োজনিয় উদ্যোগ নেয় প্রয়োজন।
প্রশিক্ষণের মাধ্যমে বিভিন্ন অংশীজনের বাঘ ও বন্যপ্রাণী সংরক্ষণ বিষয়ে দক্ষতা বৃদ্ধি করা	৪৫০ জন ভিটিআরটি এবং বাঘবন্ধু বিভিন্ন ধরনের দক্ষতা উন্নয়নের প্রশিক্ষণপ্রাপ্ত হন যার ফলে জ্ঞান ও চিন্তাধারা উন্নত হয়। তাঁরা নিজ উদ্যোগে এবং স্বেচ্ছায় ব্যক্তিগতভাবে ৫৩৫৮টি সংরক্ষণমূলক কার্যক্রম পরিচালনা করেন। প্রায় ১৪০০ জন বনজ সম্পদ আহরণকারীকে দিনব্যাপী নিরাপত্তামূলক প্রশিক্ষণ দেওয়া হয় এবং নিরাপত্তার জন্য বিভিন্ন ধরনের সরঞ্জামাদি প্রদান করা হয় যার মধ্যে ১২৭২ জন তা ব্যবহার করছেন।	VTRT, FTRT ও বাঘ বন্ধু টীমের সদস্যের সমন্বয়ে বন বিভাগ কর্তৃক কমিউনিটিতে সুন্দরবনের গুরুত্ব সম্পর্কে আরও প্রচার -প্রচারনা প্রয়োজন। স্থানীয়দের আরও অংশগ্রহণ প্রয়োজন।
বাঘ-মানুষের দ্বন্দ নিরসনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা	বাঘ-মানুষ সংঘাতের ঘটনাগুলো থেকে নিয়মিত তথ্য সংরক্ষণ, বিশ্লেষণ, পর্যবেক্ষণ এবং প্রতিবেদন করা হয়েছে। মোট ১৩৯টি টহল কার্যক্রম অনুষ্ঠিত হয়েছে এবং ২৭৪টি বন্যপ্রাণীকে উদ্ধার এবং নিরাপদে বনে ছেড়ে দেওয়া হয়েছে	তথ্য সংরক্ষণ, বিশ্লেষণ, পর্যবেক্ষণ সংক্রান্ত জ্ঞান ও অভি জ্ঞতা বন বিভাগ কর্তৃক নিয়মিত চর্চা করা প্রয়োজন।
সুন্দরবন সংলগ্ন সাধারণ মানুষের মধ্যে বন্যপ্রাণী শিকার বিরোধী মনোভাব গড়ে তুলতে "সুন্দরবন মায়ের মতন" শ্লোগানকে ব্যপক প্রচার ও প্রসার করা	মোট ১৭৪টি কমিউনিটি ক্যাম্প এবং ২৯টি পরিবেশগত অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। মোট ১৮৮২টি গ্রাম্য দল গঠন করা হয়েছে যেখানে ৪৭০০০ জন অংশগ্রহণ করে। ৪টি সুন্দরবন শিক্ষাকেন্দ্র স্থাপিত হয়েছে।	
বাঘ সংরক্ষণে সামাজিক-রাজনৈতিক অংগীকার প্রতিষ্ঠার জন্য জাতীয় ও আন্তর্জাতিকভাবে	জাতীয় বাঘ সংরক্ষণ ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়। বাঘ সচেতনতা সপ্তাহ আয়োজন করা হয়। টাইগার ক্যারাভান মোট ৪৭টি জেলায় প্রদক্ষিণ করে এবং	এধরণের কার্যক্রম জাতীয় ও আন্তজাতিক পর্যায়ে আরও প্রয়োজন।

প্রচারণা চালানো	২০০টি পথ নাটক উপস্থাপন করে।	
সুন্দরবন নির্ভরশীল জনগোষ্ঠীর বিকল্প জীবিকায়নে সর্বোত্তম পন্থা উদ্ভাবন করা	প্রায় ৫০০ জন মহিলা জীবিকা নির্বাহের জন্য পরিবর্তীত জীবিকার সাথে যুক্ত হন। এতে তাঁদের আয় বৃদ্ধি পেয়েছে।	সুন্দরবন হতে সম্পদ সংগ্রহের মাধ্যমে জীবীকা নির্ভরশীল জনগোষ্ঠীর জন্য টেকসই প্রশিক্ষণের মধ্যমে বিকল্প জীবিকায়নের কার্যক্রম লিংকেজ করা প্রয়োজন।

১৮। অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য: প্রকল্পটি USAID এর আর্থিক সহায়তায় বাংলাদেশ বন বিভাগ ও ওয়াইল্ড টীম কর্তৃক বাস্তবায়িত হয়। Devlopment Objective Grant Agreement Annex -2, Section B.5 অনুযায়ী প্রকল্পের কার্যক্রম Internal Audit ২৪/০৭/২০১৬, ২৪/১০/২০১৬ ও ২০/০৮/২০১৭ তারিখ করা হয়। এতে মোট ৫টি আপত্তি দেয়া হয়। কিন্তু পরর্বতীতে এ আপত্তিগুলো নিষ্পন্ন হয় মর্মে পিসিআর -এ উল্লেখ রয়েছে। তাছাড়া External Audit সম্পন্ন হয়েছে। এতে মোট ৬০টি আপত্তি দেওয়া হয় এবং এ আপত্তিগুলো নিষ্পন্ন হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ রয়েছে এবং প্রকল্প বাস্তবায়নকা রী সংস্থা নিশ্চিত করেছেন।

১৯। ক্রয় কার্যক্রম পর্যালোচনা : টিএপিপি-তে উল্লিখিত ক্রয় পরিকল্পনার আলোকে প্রকল্পের আওতায় সকল ক্রয় কার্যক্রম As per USAID এর ক্রয় গাইড লাইন অনুযায়ী হয়েছে।

২০। যানবাহন ক্রয় সংক্রান্ত পর্যালোচনা: প্রকল্প দলিল অনুযায়ী ১টি পিক-আপ ভ্যান, ৪টি মটোরসাইকেল ও ৬টি যলযান ক্রয় করা লক্ষ্যমাত্রা থাকলেও প্রকৃত এগুলো ক্রয় করা হয়নি। এখাতের সমুদয় অর্থ ফেরত প্রদান করা হয়।

২১। পিআইসি ও স্টিয়ারিং কমিটির সভাপ্রকল্প বাস্তবায়ন মনিটরিং এর অন্যতম ট্যুল হচ্ছে - নিয়মিত ভাবে পিআইসি ও স্টিয়ারিং কমিটির সভা আয়োজন করা এবং এর মাধ্যমে অগ্রগতি পর্যালোচনা করা। প্রকল্পটি ৪ বছর সময়ে বাস্তবায়িত হয়। প্রকল্প দলিল অনুযায়ী পিআইসি কমিটির সভা বছরে কমপক্ষে ৪ বার ও স্টিয়ারিং কমিটির সভা বছরে কমপক্ষে ২ করে সর্বমোট ২৪টি সভার উল্লেখ রয়েছে। প্রকৃত পিআইসি সভা হয় ৩টি এবং স্টিয়ারিং সভা ২টি। যা পরিকল্পনা শৃঙ্খলার ব্যত্যয়।

২২। পরিবেশের উপর ঝুঁকি /প্রভাব: প্রকল্পটি বাস্তবাযনের ফলে পরিবেশের উপর কোন বিরূপ প্রভাব নেই। অধিকান্ত প্রকল্পটির মাধ্যমে সুন্দরবনের বাঘ সংরক্ষণের জন্য বিভিন্ন গবেষণা কার্যক্রম , স্থানীয় জনগনকে সচেতন করা, VTRT, FTRF ও বাঘবন্ধু দলকে প্রশিক্ষণ দেওয়া হয়। জীব -বৈচিত্র সংরক্ষণ ও বন্যপ্রাণীর সংরক্ষণ বিষয়ে ও স্থানীয় জনসাধারণের বিকল্প কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি জন্য প্রশিক্ষণ দেওয়া হয়। বিভিন্ন প্রশিক্ষণ প্রদানের কারণে কমিউনিটির মাঝে দক্ষতা বৃদ্ধি পেয়েছে। বন্যপ্রাণী অপরাধ হ্রাস পেয়েছে। বন সংরক্ষণের জন্য প্রয়োজনীয় জ্ঞান ও শিক্ষা বৃদ্ধি পেয়েছে। বিকল্প জীবিকায়নের মাধ্যমে আর্থ -সামাজিক অবস্থার উন্নতি হয়েছে। নারী ও পুরুষের অংশগ্রহণ বৃদ্ধি পেয়েছে। যা সুন্দরবনের পরিবশে সংরক্ষণের সহায়ক হিসেবে কাজ করবে।

২৩। সুবিধাভোগীদের সাথে মতবিনিময়: প্রকল্প এলাকা মংলা উপজেলার, জয়মনি গ্রামের VTRT, FTRF ও বাঘ বন্ধু সদস্যদের সাথে প্রকল্পের কার্যক্রম সম্পর্কে মতবিনিময় করা হলে, জনাব নান্নু বলেন, VTRT সদস্য বলেন-

প্রকল্পের মাধ্যমে আমরা জানতে পেরেছি সুন্দর বনের জন্য বাঘ কত জরুরী এবং আমাদের জন্য সুন্দরবন কতগুরু ত্বপূর্ণ। আমরা প্রকল্পের মাধ্যমে জেনেছি বিভিন্ন পশু ও প্রাণী লোকালয়তে আসলে কিভাবে রোধ করব এবং কিভাবে বনে ফিরিয়ে দিব। ইতোপূর্বে বিভিন্ন ভাবে বন হতে হরিণসহ বিভিন্ন প্রাণী অবৈধ ভাবে সংগ্রহ করা হতে যা আমরা দেখেও কিছু বলতে পারতাম না কিন্তু আমরা এখন বিভিন্ন গোপ ন নাম্বার এর মাধ্যমে এ তথ্যগুলো উর্দ্ধতন কর্মকর্তাদের জানাতে পারি ফলে অবৈধ ভাবে বন্য প্রাণী পাঁচার হ্রাস পেয়েছে।

আমরা যে প্রশিক্ষণ পেয়েছি তা পর্যাপ্ত নয়। আমাদের আরো প্রশিক্ষণ প্রয়োজন। আমরা স্থানীয় ভাবে সেচ্ছায় সুন্দরবন সংরক্ষণে কাজ করি। আমাদের নিরাপত্তার জ ন্য আরও উপকরণ প্রয়োজন। বর্ষা হলে ছাতা , রেইন কোর্ট, রাতের জন্য টর্চ লাইট বা নিজের নিরাপত্তার জন্য নিরাপত্তা সামগ্রী প্রয়োজন। প্রকল্প চলাকালীন সময়ে আমরা কিছু কিছু পেয়েছি কিন্তু বর্তমানে আমরা এর অভাব অনুভব করছি। আমরা সরকার কে ধন্যবাদ জানাই এধরণের কার্যক্রম গ্র হণ ও আমাদের সম্পৃক্ত করার জন্য। কারণ এত দিন আমরা জানতাম বাঘ আমাদের শত্রু আর শত্রু হিসেবে আমরা বাঘ কে মোকাবেলা করতাম। কিন্তু এ প্রশিক্ষণ ও সচেতনতা কার্যক্রমের মাধ্যমে আমরা জানতে পারি বাঘ আমাদের বন্ধু। তাই আমরা এখন বাঘ সহ সকল প্রাণীর সাথে বন্ধুর ন্যায় আচরণ ক রি। বন্যপ্রাণী কখনও কখনও খাবার এর খোঁজে

স্থানীয়/লোকালয় চলে আসে তখন আমরা স্থানীয় VTRT ও FTRT সদস্যদের মাধ্যমে নিরাপদে বনে ফিরিয়ে দিতে সক্ষম হই। আমাদের দক্ষতা বৃদ্ধির কারণে স্থানীয় লোকজন এখন অনেকটা নিরাপদ কারণ তারা এখন মনে করেন বন্য প্রাণীর আক্রমন হলে স্থানী য় VTRT ও FTRT সদস্য তাদের পাশে দারাবে। তার বলেন , আমরা বাঘবন্ধু সদস্যরা স্থানীয়দের জন্য বাঁধ হিসেবে কাজ করি। ফলে পশু, বন্যপ্রাণী ও স্থানীয় জনগন নিরাপদ থাকে।

সুন্দরবন থেকে ১৭-১৮ কি:মি: ভিতরে চরের হাট সিরাজ মেম্বার বাড়ী থেকে স্থানীয় একজন VTRT সদস্যকে ফোন করে বলেন, একটি সাপ লোকালয়ে এসেছে, পরে ফোন পেয়ে স্থানীয় VTRT সদস্যরা গিয়ে সাপটি উদ্ধার করে নিয়ে বনে ফিরিয়ে দিয়ে আসি। স্থানীয় ভাবে এ ধরণের কাজ করতে অনেক খরচ হয়। যা আমাদের পক্ষে বহন করা কষ্টকর। কোন একটি কাজ করতে টীমের ৫/৬ জন সদস্য কে কাজ করতে হয়। এর জন্য আমাদের বাজেট থাকে ৩০০ টাকা। এ টাকা দিয়ে এ ধরণের কাজ করা সম্ভব নয়। তাছাড়া স্থানীয় যোগাযোগ অনেকটা ঝুঁকিপূর্ণ ও ব্যয় বহুল। এ বিষয়গুলো বিবেচনা করে যাতে ব্যবস্থা গ্রহণ করা হয়।

স্থানীয় ভাবে VTRT দলের কাজের ক্ষেত্রে কোন ইনসেটিভ /ঝুঁকি ভাতা নেই। আমরা মনে করি এধরণের ব্যবস্থা রাখা হলে ও আমাদের আরও উৎসাহ বৃদ্ধি পাবে। কারণ স্থানীয় বন বিভাগের সাথে আমরা কাধে কাধ মিলিয়ে কাজ করি। আমাদের কোন দূর্ঘটনা হলে আমদের পরিবার সমস্যায় পড়বে। এ চিন্তা আমাদের মাথায় থাকে না আমরা দেশের জন্য ও সুন্দরবনের জন্য কাজ করি এটাই আমাদের পাওয়া।

প্রকল্পের আওতায় আমাদের এখানে কোন আর্থ-সামাজিক কোন প্রশিক্ষণ প্রদান করা হয়নি। আমাদের জন্য এধারনে টেকসই কার্যক্রম প্রয়োজন।

২৪। প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শনের স্থির চিত্র





২৫। প্রত্যাশিত ফলাফল অর্জন পর্যালোচনা: প্রকল্পের লগ ফ্রেম ও কার্যক্রম পর্যালোচনার আলোকেনিম্ন উল্লেখ করা হলো-

প্রত্যাশিত ফলাফল	ফলাফল অর্জন পর্যালোচনা ও মতামত
➢ সংশ্লিষ্ট গবেষণা পরিচালনা ➢ সহযোগিতা, জ্ঞান অর্জন এবং উৎসাহিত করার কাঠামো গঠন ➢ মাঠ পর্যায়ে আইনের প্রয়োগ শক্তিশালীকরণ ➢ আঞ্চলিক সহযোগিতা ও দক্ষতা বৃদ্ধিকরণ ➢ মানুষ-বন্যপ্রাণী দ্বন্দ হ্রাসকরণ ➢ মানুষ-বন্যপ্রাণী সংঘাতের পূর্বাভাসের জন্য অত্যাধুনিক সরঞ্জাম প্রদান ➢ আক্রমণের পরিণতি প্রতিরোধ করার জন্য কমিউনিটিকে প্রয়োজনীয় সরঞ্জামাদি প্রদান ➢ জনসাধারণের মাঝে ইতিবাচন আচরণ বৃদ্ধিকরণ ➢ জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে সচেতনতা বৃদ্ধির জন্য ক্যাম্পেইন ➢ সচেতনতার জন্য দক্ষতা বৃদ্ধিকরণ ➢ নারী ও যুবক অংশীদার বৃদ্ধিকরণ	➢ ১৪টি গবেষণা সম্পন্ন হয়েছে এর ১০টি জাতীয় জার্নালে প্রকাশ করা হয়। গবেষণায় প্রাপ্ত জ্ঞান বন বিভাগের দক্ষতা অর্জনে সহায়ক হচ্ছে। ➢ বন বিভাগের তথ্য মতে আগের তুলনায় বাঘের সংখ্যা স্থিতিশীল অবস্থানে আনা হয়েছে। ➢ বিভিন্ন প্রশিক্ষণ প্রদানের কারণে কমিউনিটির মাঝে দক্ষতা বৃদ্ধি পেয়েছে। ➢ অত্যাধুনিক টুল ব্যবহারের ফলে বন্যপ্রাণী অপরাধ হ্রাস পেয়েছে। ➢ বন সংরক্ষণের জন্য প্রয়োজনীয় জ্ঞান ও শিক্ষা বৃদ্ধি পেয়েছে। ➢ বিকল্প জীবিকায়নের মাধ্যমে আর্থ-সামাজিক অবস্থার উন্নতি হয়েছে। ➢ নারী ও পুরুষের অংশগ্রহণ বৃদ্ধি পেয়েছে।

২৬। প্রকল্পে প্রত্যাশিত ফলাফল ও টেকসই করার কৈশল (Sustainability) সংক্রান্ত: প্রকল্প দলিলের ১৬ নং অনুচ্ছেদে উল্লেখ রয়েছে যে, প্রকল্পটি বাস্তবায়ন হলে আন্তর্জাতিক, জাতীয়, অঞ্চলিক ও স্থানীয় পর্যায়ে সচেতনতা তৈরি হবে। ফলে, বাঘ, হরিন ও বন্য শুকর শিকার এবং স্থানীয় মানুষ ও বন্যপ্রাণী সংঘাত হ্রাস হবে। প্রকল্পের আওতায় গবেষণা কাজের ভিত্তিতে প্রাপ্ত জ্ঞান বন বিভাগসহ সকল সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সুন্দরবনের বিষয় সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে, বাঘ সংরক্ষণ, সুন্দরবনের জীববৈচেত্র্য এবং ইকোসিস্টেম সংরক্ষণে টেকসই ব্যবস্থাপনা গড়ে তোলার বিষয় ভুমিকা রাখতে সম্ভব হবে। বাঘ সংরক্ষণ এবং বাস্তুতন্ত্র/বাসস্থান ব্যবস্থাপনায় বন বিভাগ স্থানীয় সুবিধাভোগীদের সাথে সমন্বয় প্রশিক্ষিত ও দক্ষতা অর্জন করবে সুন্দরবনকে টেকসই ভাবে ব্যবস্থাপনা করতে সক্ষম হবে। স্থানীয় সংশ্লিষ্ট সকলের সমন্বয়ে বাঘ এবং জীববৈচিত্র্য সংরক্ষণে অংশগ্রহণ থাকবে।

প্রকল্পের আওতায় নির্ধারিত কার্যক্রমের মাধ্যমে ফলাফল অর্জনে প্রশিক্ষণ, গবেষণা, সচেতনতাসহ বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এ সকল কার্যক্রম টেকসই করতে বন্যপ্রাণী সংরক্ষণ বিষয়ে বন বিভাগকে প্রাপ্ত জ্ঞান, দক্ষতা ইত্যাদি চর্চা বৃদ্ধি করতে হবে। স্থানীয় সুবিধাভোগী ও অন্যান্য সংশ্লিষ্টদের সমন্বয় কার্যক্রম বৃদ্ধি করতে হবে। অবৈধ শিকার ও পাঁচার রোধে স্মার্ট প্যাট্রলিং/মনিটরিং বৃদ্ধি করতে হবে। সুন্দরবন বান্ধব ব্যবস্থাপন টেকসই করতে হবে। প্রচার-প্রচারনা বৃদ্ধি করতে হবে। ভিলেজ বাঘ রেসপনন্সিব টীমসহ স্থানীয়দের বিকল্প কাজের মাধ্যমে আর্থ-সামাজিক টেকসই উন্নয়নের ব্যবস্থা করতে হবে।

২৭। পর্যবেক্ষণের আলোকে মতামত/সুপারিশ: সার্বিক পর্যালোচনায় অর্জিত ফলাফল টেকসই করা এবং পরবর্তীতে কাজে লাগাতে নিম্ন মতামত/সুপারিশ করা যায়:

২৭.১	প্রকল্পের আওতায় অর্জিত ফলাফল বন বিভাগ কর্তৃক টেকসই ও কার্যকর ব্যবস্থা গ্রহণসহ নিয়মিত কাজ হিসেবে পরিচালনা ও স্মার্ট প্যাট্রলিং/মনিটরিং জোরদার করতে হবে;
২৭.২	স্থানীয় সুবিধাভোগী ও অন্যান্য সংশ্লিষ্টদের সমন্বয়ে অবৈধ শিকার, পাঁচার রোধে মনিটরিং বৃদ্ধি করা। সুন্দরবন বান্ধব টেকসই ব্যবস্থাপন গড়ে তোলা। প্রচার-প্রচারনা বৃদ্ধি করা। স্থানীয়দের বিকল্প কাজের মাধ্যমে টেকসই আর্থ-সামাজিক উন্নয়নে লিংকেজ ব্যবস্থাপন কার্যক্রম করা;
২৭.৩	সুন্দরবনের সম্পদ সংগ্রহের সাথে সম্পৃক্তের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি করা ও একটি টেকসই ব্যবস্থাপনার মাধ্যমে যাতে জীববৈচিত্র রক্ষা করে সম্পদ সংগ্রহ করতে পারে সে বিষয় ব্যবস্থা গ্রহণ করা;
২৭.৪	অনুমোদিত টিএপিপি'র সংস্থানের বিপরিতে অতিরিক্ত অর্থ ব্যয় করার করণ ও বিধি অনুযায়ী পরবর্তী ব্যবস্থা না করার বিষয় ব্যাখ্যা প্রেরণ করতে হবে;
২৭.৫	সুন্দরবনের জীববৈচিত্র, ইকো-সিস্টেম ও ওয়াইল্ড লাইফ সংরক্ষণ করে টেকসই ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে;
২৭.৬	নির্ধারিত কার্যক্রমের মাধ্যমে ফলাফল অর্জনে প্রশিক্ষণ, গবেষণা, সচেতনতাসহ বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এ সকল কার্যক্রম টেকসই করতে বন্যপ্রাণী সংরক্ষণ বিষয়ে বন বিভাগকে প্রাপ্ত জ্ঞান, দক্ষতা ইত্যাদি চর্চা বৃদ্ধি করতে হবে;
২৭.৭	উপর্যুক্ত সুপারিশ/মতামত অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ২০ জানুয়ারী ২০২২ এর মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।

সার্ভে অব ভাস্কুলার ফ্লোরা অব চিটাগাং এন্ড দ্য চিটাগাং হিল ট্রাক্টস্ (১ম সংশোধিত) শীর্ষক সমাপ্ত প্রকল্প সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্তঃ জুন, ২০১৮)

ক. প্রকল্পের মৌলিক তথ্য:

১.০ প্রকল্পের নাম : **"সার্ভে অব ভাস্কুলার ফ্লোরা অব চিটাগাং এন্ড দ্য চিটাগাং হিল ট্রাক্টস্ (১ম সংশোধিত)"** শীর্ষক সমাপ্ত প্রকল্প।

২.০ প্রকল্পের ধরন : সম্পূর্ণ সরকারি অর্থায়নে বিনিয়োগ প্রকল্প।

৩.০ প্রশাসনিক মন্ত্রণালয় : পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।

৪.০ বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম।

৫.০ প্রকল্প ব্যয়, বাস্তবায়ন কাল ও অনুমোদন সংক্রান্ত : (লক্ষ টাকা)

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়				বাস্তবায়ন কাল	অনুমোদনের তারিখ	*পরিবর্তন(+/-)	
	মোট	জিওবি	প্র:সা:	অন্যান্য			ব্যয় (%)	মেয়াদ(%)
মূল	৭১৯.৫০	৭১৯.৫০	--	--	০১ জুলাই, ২০১৫ হতে ৩০ জুন, ২০১৭	০২ সেপ্টেম্বর, ২০১৫	--	--
সংশোধিত (১ম) (প্রযোজ্য ক্ষেত্রে)	৭৮৬.০০	৭৮৬.০০	--	--	০১ জুলাই, ২০১৫ হতে ৩০ জুন, ২০১৮	২২ ফেব্রুয়ারি, ২০১৭	৯.২৫	৫০

৬.০ **প্রকল্প এলাকা:**

বিভাগ	জেলা	উপজেলা/সিটি কর্পোরেশন/ পৌরসভা
চট্টগ্রাম	বান্দরবান	বান্দরবান সদর, থানচি, লামা, আলীকদম, নাইক্ষ্যাংছড়ি, রোয়াংছড়ি ও রুমা।
	রাঙ্গামাটি	রাঙ্গামাটি রাঙ্গামাটি সদর, বিলাইছড়ি, বাঘাইছড়ি, বরকল, জুড়াইছড়ি, রাজস্থলী, কাপ্তাই, লংগদু, নুনিয়ারচর ও কাউখালী।
	খাগড়াছড়ি	খাগড়াছড়ি সদর, দীঘিনালা, মহলছড়ি, মাটিরাঙ্গা, লক্ষ্মীছড়ি, রামগড়, মানিকছড়ি ও পানছড়ি।
	চট্টগ্রাম	চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকা, আনোয়ারা, বাঁশখালী, বোয়ালখালী, ফটিকছড়ি, হাটহাজারী, লোহাগাড়া, মীরসরাই, রাঙ্গুনিয়া রাউজান, সন্দীপ, সাতকানিয়া, সীতাকুন্ডু, পটিয়া ও চন্দনাইশ।
	কক্সবাজার	কক্সবাজার সদর, চকোরিয়া, কুতুবদিয়া, মহেশখালী, রামু, টেকনাফ, উখিয়া ও পেকুয়া।

৭.০ **প্রকল্পের প্রধান প্রধান উদ্দেশ্যঃ**

প্রকল্পের উদ্দেশ্যসমূহ (বিস্তারিত):

- প্রকল্প এলাকায় ফ্লোরিস্টিক সার্ভে পরিচালনা ও নমুনা সংগ্রহের মাধ্যমে সকল ভাস্কুলার উদ্ভিদ প্রজাতির অনুসন্ধান এবং ন্যাশনাল হারবেরিয়ামের উদ্ভিদ নমুনার সংগ্রহ সমৃদ্ধ করা;
- ভবিষ্যতে উদ্ভিদ সংরক্ষণ এবং টেকসই ব্যবস্থাপনার লক্ষ্যে সকল বিলুপ্তপ্রায় সহ ভাস্কুলার উদ্ভিদ প্রজাতি সনাক্ত করা;
- উদ্ভিদ সম্পর্কিত মৌলিক ফ্লোরিস্টিক তথ্য উৎপন্ন করা, উহার সঠিক ব্যবস্থাপনা ও জনসাধারণকে অবহিত করা;
- প্রকল্প এলাকায় প্রাপ্ত উদ্ভিদরাজির উপর একটি সচিত্র পুস্তক (দুই প্রস্তে) প্রকাশ করা।

খ. প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য:

৮.০ **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন(পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনমন্ত্রণালয় হতে প্রাপ্ত পিসিআর এর ভিত্তিতে):**

(লক্ষ টাকায়)

ক্র: নং	সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ	পরিমাণ/ সংখ্যা	অনুমোদিত ডিপিপি/আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন অগ্রগতি	
			আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১	অফিসারদের বেতন	সংখ্যা	৬০.৪৪	১৬	৪৫.৯৯	১৬
২	প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন (আউট সোর্সিংকৃত ১১ জন কর্মচারীর বেতন ব্যতীত)	সংখ্যা	২০.৪৬	২৩	১৯.০৩	২৩
৩	ভাতাদি (আউট সোর্সিংকৃত ১১ জন কর্মচারীর বেতন ব্যতীত)	সংখ্যা	৭০.৯৩	৩৪	৫৭.০০	৩৪
৪	ভ্রমন ব্যয়	থোক	২১.০০	১০০%	২০.৯৮	১০০%
৫	অফিস ভাড়া	মাস	২৭.০০	৫	২৭.০০	৫
৬	টেলিফোন বিল	থোক	২.০০	১০০%	০.৮৯	১০০%
৭	পেট্রোল, তেল ও লুব্রিকেন্ট	থোক	৩০.০০	১০০%	২৯.৯৯	১০০%
৮	মুদ্রন ও প্রকাশনা	সংখ্যা	৫৫.০০	১০০%	৩৬.২৬	১০০%
৯	স্টেশনারী, সীল ও স্ট্যাম্প	থোক	১০.০০	১০০%	১০.০০	১০০%
১০	বই ও জার্ণাল	থোক	৪.০০	১০০%	২.৯৯	১০০%
১১	প্রচার ও বিজ্ঞাপন	থোক	৯.০০	১০০%	৬.৬০	১০০%
১২	ওয়ার্কশপ, সেমিনার	সংখ্যা	২২.০৭	৯	২০.৫১	৯
১৩	রিফ্রেশমেন্ট/আপ্যায়	থোক	২.৫০	১০০%	২.০০	১০০%
১৪	গাড়ীভাড়া	সংখ্যা	১১৫.০০	১০০%	১১২.১১	১০০%
১৫	অনিয়মিত শ্রমিক (আউট সোর্সিংকৃত ১১ জন কর্মচারীর বেতন ব্যতীত)	সংখ্যা	৯০.০০	১০০%	৮৮.৫৮	১০০%
১৬	গবেষণা সরঞ্জাম	থোক	৩০.৭০	১০০%	৩০.৬৫	১০০%
১৭	স্থানীয় পরামর্শক	থোক	৭৫.৬০	১০০%	৭৫.৫১	১০০%
১৮	সম্মানী, ফি, পারিশ্রমিক	সংখ্যা	৪০.০০	১০০%	৩২.০০	১০০%
১৯	নিয়োগ পরীক্ষার ফি ব্যয়	থোক	১.৫০	১০০%	১.৪৮	১০০%
২০	সেমিনার, ওয়ার্কশপ, পরীক্ষার রুম ভাড়া	থোক	২.৫০	১০০%	০.৩৪	১০০%
২১	কমিটির সভা/কমিশন	থোক	২.৬০	১০০%	১.৯৯	১০০%
২২	অন্যান্য ব্যয়	থোক	১৫.৭০	১০০%	১৫.৬৯	১০০%
২৩	ডিজিটাল ক্যামেরা	সংখ্যা	৫.০০	১০০%	৫.০০	১০০%
২৪	ইকুইপমেন্ট এন্ড এক্সেসরিজ	থোক	২৬.৪০	১০০%	২৪.০৪	১০০%
২৫	কম্পিউটার এবং আনুষাঙ্গিক	সংখ্যা	৭.০০	১০০%	৭.০০	১০০%
২৬	কম্পিউটার/ সফটওয়ার	সংখ্যা	১.১০	১০০%	১.১০	১০০%
২৭	অফিস ইকুইপমেন্ট	থোক	৯.০০	১০০%	৮.৯৯	১০০%
২৮	আসবাবপত্র	থোক	২২.৫০	১০০%	১৯.৪৬	১০০%
২৯	টেলিযোগাযোগ যন্ত্রপাতি	থোক	২.০০	১০০%	২.০০	১০০%
৩০	ইলেকট্রিক ইকুপমেন্ট	থোক	৫.০০	১০০%	৪.৭৩	১০০%
	ফিজিক্যাল কন্টিনজেন্সি	--	--	--	--	--
	প্রাইজ কন্টিজেন্সি	--	--	--	--	--
	উপ-মোট (মূলধন):		**৭৮৬.০০**	**১০০%**	**৭০৯.৯১**	১০০%

ক্র: নং	সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ	পরিমাণ/ সংখ্যা	অনুমোদিত ডিপিপি/আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন অগ্রগতি	
			আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
	সর্বমোট (ক+খ):					

৯.০ প্রকল্পের বছর ভিত্তিক বরাদ্দ ও লক্ষ্যমাত্রা, অবমুক্তি ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

আর্থিক বৎসর	সংশোধিত এডিপি বরাদ্দ	অবমুক্ত	প্রকল্প মেয়াদে আর্থিক অগ্রগতি
১	২	৩	৪
২০১৫-২০১৬	১০০.০০	১০০.০০	১০০.০০
২০১৬-২০১৭	২৫০.০০	২৫০.০০	২৫০.০০
২০১৭-২০১৮	৪০০.০০	৪০০.০০	৪০০.০০
মোট টাকা	**৭৫০.০০**	**৭৫০.০০**	**৭৫০.০০**

আর্থিক অগ্রগতি মোট প্রকল্প ব্যয়ের ৯০.৩১% আর ছাড়কৃত অর্থের ৯৪.৬৫%।

অবশিষ্ট ৪০.০৯ লক্ষ টাকা এর মধ্যে বান্যাহা-এএসভিএফসি প্রকল্প (অর্থসমার্পণ)/১৫১৬/১৯৫, তারিখ: ২৬/০৬/২০১৬; বান্যাহা-এএসভিএফসি প্রকল্প (অর্থসমার্পণ)/১৬১৭/৪৮৩, তারিখ: ২৯/০৬/২০১৭ এবং বান্যাহা-এএসভিএফসি প্রকল্প (অর্থসমার্পণ)/১৭১৮/২৪৫, তারিখ: ২৬/০৬/২০১৮ সংখ্যক স্মারকমূলে মোট ১৩৭৭০৬৯.০০ টাকা (তের লক্ষ সাতাত্তুর হাজার উনসত্তুর টাকা) মূলে সমর্পণ করা হয়েছে।

১০.০ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (পর্যায়ক্রমে প্রকল্প শুরু হতে বর্তমান সময় পর্যন্ত):

প্রকল্প পরিচালক-এর আইডি নং	মূল দপ্তর ও পদবি	দায়িত্বকাল	দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত)	একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা	
				হ্যাঁ/না	প্রকল্প সংখ্যা
সরদার নাসির উদ্দিন	প্রকল্প পরিচালক বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম	১৬.০৯.২০১৫ হতে ৩০.০৬.২০১৮	খন্ডকালীন (অতিরিক্ত)	না	১

১১.০ ভূমি অধিগ্রহণ, Reselttlement, Utility সংযোগ (বিদ্যুৎ/পানি/গ্যাস) সংক্রান্ত হালনাগাদ তথ্য (যদি থাকে):

প্রযোজ্য নয়।

১২.০ অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য:

উক্ত প্রকল্পের আওতায় পাঁচটি অডিট আপত্তি উত্থাপিত হয়েছে। এ গুলো হলো:

অনুচ্ছেদ নং- ৪১: স্থানীয় পরামর্শক নিয়োগে বিশেষজ্ঞ বহিঃ সদস্য ব্যতীত পরামর্শক নিয়োগ করে অনিয়মিতভাবে ৬৯,৬০,০০০/- (উনসত্তর লক্ষ ষাট হাজার) টাকা পরিশোধ;

অনুচ্ছেদ নং- ৪২: গবেষণা কাজে ক্রয়কৃত যন্ত্রপাতির মান পরীক্ষা না করে ২৪,০৮,২৫০/- (চব্বিশ লক্ষ চার হাজার দুইশত পঞ্চাশ) টাকা অনিয়মিত পরিশোধ;

অনুচ্ছেদ নং- ৪৩: জনবল সরবরাহ কাজে দরপত্র বাতিল না করায় সরকারের ২,০৮,৪২০/- (দুই লক্ষ আট হাজার চারশত বিশ) টাকা ক্ষতি;

অনুচ্ছেদ নং- ৪৪: প্রকল্প সমাপ্ত হওয়া সত্ত্বেও প্রকল্প কাজে ব্যবহৃত ইকুপমেন্ট এন্ড এক্সেসরিজ এবং আসবাবপত্র ন্যাশনাল হারবেরিয়াম এর নিকট হস্তান্তর করা হয়নি। জড়িত অর্থ- ৭২,৫৬,৫৫০/- (বাহাত্তার লক্ষ ছাপান্ন হাজার পাঁচশত পঞ্চাশ)।

অনুচ্ছেদ নং- ৪৫: মাস্টার রোল ব্যতীত দৈনিক হাজিরা ভিত্তিক শ্রমিকের মজুরী বাবদ ৬,৬২,৫০০/- (ছয় লক্ষ বাষট্টি হাজার পাঁচশত) টাকা অনিয়মিত ব্যয়।

প্রকল্প পরিচালক জানান যে উক্ত আপত্তির বিপরীতে ইতোমধ্যে ব্রডশীট জবাব প্রেরণ করা হয়েছে। আপত্তিগুলো এখনও নিষ্পত্তি হয়নি।

১৩.০ স্টিয়ারিং/পিআইসি সভা সংক্রান্ত:

ইহা একটি সমাপ্ত প্রকল্প।

১৪.০ **Project Management Information System (PMIS)/অনলাইনে সর্বশেষ হালনাগাদ তথ্য প্রেরণের তারিখ (পিএমআইএস চালু হলে):** ইহা একটি সমাপ্ত প্রকল্প।

গ. প্রকল্প পরিদর্শন সংক্রান্ত পর্যবেক্ষণ:

১৫.০ (ক) **পরিদর্শনকৃত এলাকা:**

পিসিআর মূল্যায়নের নিমিত্ত বর্ণিত প্রকল্পটির মাঠ পর্যায়ে পার্বত্য চট্টগ্রামের দুইটি জেলা যথাক্রমে চট্টগ্রাম ও রাঙ্গামাটি জেলার উদ্ভিদের নমুনা সংগ্রহের মোট তেরটি (১৩) হটস্পট দৈবচয়নের ভিত্তিতে পরিদর্শন করা হয়। এ ছাড়াও ন্যাশনাল হারবরিয়ামে উক্ত পাঁচ জেলার সংগৃহীত নমুনার সংরক্ষণ কার্যক্রমও পরিদর্শন করা হয়।

(খ) পূর্ববর্তী পরিদর্শনকারীর নাম ও তারিখ:

বিগত ১৮/০৯/২০১৭ তারিখ সর্বশেষ এ বিভাগের সহকারী পরিচালক মোঃ আজগর আলী পরিদর্শন করেন। পরিদর্শনকালে পরিদর্শনকারী কর্মকর্তার গুরুত্বপূর্ণ সুপারিশ ছিল নিম্নরূপ:

পরিদর্শনকালে ডিপিপি অনুযায়ী ২৫০০০ নমুনা সংগ্রহের বিপরীতে ১৪০০০ নমুনা সংগ্রহ করা হয়েছিল। অবশিষ্ট ১১০০০ নমুনা সংগ্রহ করতে হবে;

প্রকল্প এলাকা হিসাবে পার্বত্য চট্টগ্রাম-এর ৫টি জেলা (চট্টগ্রাম, কক্সবাজার, রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান) ব্যতীত টাঙ্গাইল জেলার মধুপুর ভাওয়াল বনাঞ্চল, সুন্দরবন, সিলেটসহ অন্যান্য বনাঞ্চল থেকে নমুনা সংগ্রহ করতে হবে।

বর্তমান পরিদর্শনে উপরোক্ত দুইটি সুপারিশের বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

পিসিআর মূল্যায়নের নিমিত্ত পরিদর্শনে ডিপিপি'র পঁচিশ হাজার (২৫০০০) উদ্ভিদের নমুনা সংগ্রহের বিপরীতে মোট পঁয়তাল্লিশ হাজার (৪৫০০০) উদ্ভিদের নমুনা সংগ্রহ করা হয়েছে।

সিলেট ও বরিশাল বিভাগের সকল জেলার উদ্ভিদের নমুনা সংগ্রহের জন্য একই ধরণের আরো একটি প্রকল্প হাতে নেয়া হয়েছে।

১৬.০ **পরিদর্শনের আলোকে পর্যবেক্ষণ:**

ক. অঙ্গভিত্তিক কার্যক্রম বাস্তবায়ন ডিপিপি/টিএপিপি'র সংস্থান প্রতিপালন: প্রতিপালন করা হয়েছে। তবে, তন্মধ্যে ০৫ (পাঁচ)টি অডিট আপত্তি উত্থাপিত হয়েছে।

খ. পণ্য, কার্য ও সেবা ক্রয় প্রচলিত আইন/বিধি অনুসরণ: বিধি মোতাবেক সম্পন্ন করা হয়েছে।

গ. গুণগতমান (প্রয়োজনে ল্যাব-টেস্টিং-এর ফলাফলের মাধ্যমে যাচাইকৃত):

- সম্পাদিত কাজ: পঁয়তাল্লিশ হাজার (৪৫০০০) উদ্ভিদের নমুনা সংগ্রহ করা হয়েছে। তন্মধ্যে চল্লিশ (৪০) হাজার নমুনা শনাক্তকরণসহ সংরক্ষণ করা হয়েছে।
- ব্যবহৃত পণ্য/ উপকরণ: সংগৃহীত নমুনার ড্রাইড অংশ, কাগজের শিট, রেক্টিফাইড স্পিরিট, চারকোল ইত্যাদি।

ঘ. সাইট বই পর্যালোচনা (ভৌত কাজের ক্ষেত্রে): প্রস্তুতকৃত ফিল্ডবুক সংরক্ষণ করা হয়েছে।

ঙ. বাস্তবায়নকালে উদ্ভূত নতুন ঝুঁকি/ বাস্তবায়ন সমস্যা (যদি থাকে): প্রকল্পটি সমাপ্ত হয়েছে।

চ. সুবিধাভোগীর মতামত (প্রযোজ্য ক্ষেত্রে): শিক্ষা ও গবেষণার কাজে বিভিন্ন বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষার্থীবৃন্দ নিয়মিতভাবে ন্যাশনাল হারবরিয়াম পরিদর্শন করে থাকে।

ছ. অন্যান্য বিষয় (যদি থাকে): প্রযোজ্য নয়।

১৭.০ **সার্বিক পর্যবেক্ষণ:**

পরিদর্শনকালে নিম্নলিখিত পর্যবেক্ষণ পরিলক্ষিত হয়:

ডিপিপি অনুযায়ী পচিঁশ হাজার (২৫০০০) উদ্ভিদের নমুনা সংগ্রহের বিপরীতে পয়তাল্লিশ হাজার (৪৫০০০)উদ্ভিদের নমুনা সংগ্রহ করা হয়েছে। তন্মধ্যে চল্লিশ হাজার (৪০০০০) নমুনা শনাক্তকরণসহ শ্রেণীবিন্যাসকরণ (taxonomy) শিট প্রস্তুত করা হয়েছে। অশনাক্তকৃত পাঁচ হাজার (৫০০০) নমুনাও সংরক্ষণ করা হয়েছে।

এ প্রকল্পের আওতায় উক্ত শনাক্তকৃত নমুনাসমূহের শ্রেণীবিন্যাসকরণ নিয়ে তিন খন্ডের (vol-1, 2, 3) পুস্তক/গাইডবুক প্রণয়ন করা হয়েছে।

সংশ্লিষ্ট ফিল্ডবুক সমূহ সংরক্ষণ করা হয়েছে।

বিলুপ্তপ্রায় উদ্ভিদ প্রজাতির বীজ সংরক্ষণের জন্য কোন জিন ব্যাংক প্রতিষ্ঠিত নেই।

১৮.০ **সুপারিশ/মতামত:**

পিসিআর মূল্যায়নের নিমিত্ত বর্ণিত প্রকল্পটি পরিদর্শনের আলোকে নিম্নবর্ণিত মতামত/সুপারিশ করা যায়:

শনাক্তকৃত চল্লিশ হাজার (৪০০০০) উদ্ভিদের নমুনার প্রণীত পুস্তক /গাইডবুক তিন খন্ডের পিডিএফ ভার্সন তৈরি করাসহ উক্ত ভার্সন ন্যাশনাল হারবেরিয়ামের অফিসিয়াল ওয়েব সাইটে প্রকাশ করা যায়;

প্রকল্প শেষ হওয়ায় অশনাক্তকৃত পাঁচ হাজার (৫০০০) উদ্ভিদের নমুনা শনাক্তকরণসহ সংরক্ষণ ন্যাশনাল হারবেরিয়ামের রেগুলার কার্যক্রম হিসেবে সম্পন্ন করা যায়;

সকল শনাক্তকৃত নমুনা শ্রেণীবিন্যাসকরণ শিট-এর ডুপ্লিকেট শিট সংরক্ষণ করা যায়;

হারবেরিয়ামের সংরক্ষণকৃত এলাকার নিরাপত্তা ব্যবস্থা (যথা- সিসিটিভি, এয়ার-কন্ডিশনিং, ফায়ার এক্সটুইংগার, সংরক্ষণে ব্যবহৃত কেমিক্যাল মেটারিয়ালস ইত্যাদি) নিশ্চিত করা যায়;

ইতোমধ্যে হাতে নেয়া সিলেট ও বরিশাল বিভাগের নমুনা সংগ্রহ শীর্ষক নতুন প্রকল্প সমাপ্ত হওয়ার পর পর্যায়ক্রমে দেশের অন্যান্য এলাকার উদ্ভিদের নমুনা সংগ্রহ ও সংরক্ষণের জন্য আরো প্রকল্প নেয়া যায়;

সংরক্ষণকৃত ফিল্ডবুক সমূহ প্রকাশের ব্যবস্থা নেয়া যায়;

দেশের বিভিন্ন অঞ্চলের বিপন্ন /বিরল প্রজাতির উদ্ভিদের নমুনা সংগ্রহ , সংরক্ষণ, বনায়ন ইত্যাদি কার্যক্রমের সুবিধার্থে BARI, BRRI এর মত ন্যাশনাল হারবেরিয়ামেও একটি পৃথক ও পূর্ণাঙ্গ ‘জিনব্যাংক’ স্থাপন করা যায়।

প্রকল্পের অব্যয়িত ২৬৩১৯৩১.০০ (ছাব্বিশ লক্ষ একত্রিশ হাজার নয়শত একত্রিশ টাকা) এর সমর্পণ না করার বিষয়ে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকের নিকট ব্যাখ্যা চাওয়া যেতে পারে;

প্রকল্পের ৫ (পাঁচ)টি অডিট আপত্তির নিষ্পত্তিকরণ সহ পূর্ণাঙ্গ অডিট প্রতিবেদন আগামী ৩০ জানুয়ারি, ২০২২ তারিখের মধ্যে আইএমই বিভাগে প্রেরণ নিশ্চিত করার সুপারিশ করা যায়।

১৯. প্রকল্প পরিদর্শনের স্থির/ ভিডিও চিত্র ও বর্ণনা:



ভাস্কুলার উদ্ভিদ সংগ্রহের পরিদর্শন-১



ভাস্কুলার উদ্ভিদ সংগ্রহের পরিদর্শন-২



ভাস্কুলার উদ্ভিদ সংগ্রহের পরিদর্শন-৩



ভাস্কুলার উদ্ভিদ সংগ্রহের পরিদর্শন (রাঙ্গামাটি জেলা)



ভাস্কুলার উদ্ভিদ সংরক্ষণের পরিদর্শন (ন্যাশনাল হারবেরিয়াম)